## ইউনিট : A (গ্রুপ-১)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০২১-২২

## বাংলা

**০১.** কোনটি পূরণবাচক শব্দ-

A. একবিংশ B. পঁচিশ
C. হাজার D. ১১

ব্যাখ্যা: সংখ্যাবাচক শব্দ দুই রকম। যথা: ক্রমবাচক ও পূরণবাচক।
• একের পর এক যে সংখ্যাগুলো আসে, সেগুলোকে ক্রমবাচক সংখ্যাশব্দ বলে। যেমন: ১(এক), ২(দুই), ৩(তিন), ১১(এগার), ১২(বারো) ইত্যাদি।
• পূরণবাচক সংখ্যাশব্দ দিয়ে কোনো সংখ্যার ক্রমিক অবস্থান ও পরিমাণকে বোঝায়। যেমন: প্রথম, দ্বিতীয়, তৃতীয়, একাদশ, দ্বাদশ ইত্যাদি।
**Ans : A.**

**০২.** 'পানসে' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয়-

A. পানি + স B. পানি + সে
C. পান + সি D. পান্‌সি + ই

ব্যাখ্যা : কতিপয় শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয়-

| প্রদত্ত শব্দ | প্রকৃতি + প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| পানসে | পানি + সে | তদ্ধিত |
| ফ্যাকাসে | ফিকা + সে | তদ্ধিত |
| দীঘল | দীঘ + ল | তদ্ধিত |
| সৌন্দর্য | সুন্দর + য | তদ্ধিত |
| স্থাবর | √স্থা + বর | কৃৎ |
| চত্বর | √চত্‌ + বর | কৃৎ |

**Ans : B.**

**০৩.** 'নাচার' শব্দে 'না' কোন ধরনের উপসর্গ?

A. আরবি B. ফারসি
C. সংস্কৃত D. বাংলা

ব্যাখ্যা: উপসর্গ তিন প্রকার। যথা-

| | |
|---|---|
| খাঁটি বাংলা (২১টি) | অ, অঘা, অজ, অনা, আ, আড়, আব, আন, ইতি, উন, কদ্‌, কু, নি, বি, ভর, রাম, পাতি, স, সা, সু, হা। |
| তৎসম/সংস্কৃত (২০টি) | প্র, পরা, পরি, নির, অতি, প্রতি, অপি, অভি, উৎ, উপ, দুর, অধি, অপ, সম, অব, অনু, আ, সু, বি, নি। |
| বিদেশি (অনির্দিষ্ট) | আরবি: আম, খাস, লা, গর। ফারসি: বে, বদ, দর্‌, কম্‌, নিম্‌, ফি, কার, না, ব, বর। ইং: ফুল, হাফ, হেড, সাব। হিন্দি/উর্দু: হর। |

**Ans : B.**

**০৪.** 'চৌমুহনী' কোন সমাস?

A. দ্বন্দ্ব B. দ্বিগু
C. কর্মধারয় D. তৎপুরুষ

ব্যাখ্যা: সমাহার বা সমষ্টি বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাকে দ্বিগু সমাস বলে।
যথা: শত অব্দের সমাহার = শতাব্দী।
চার রাস্তার সমাহার = চৌরাস্তা।
চৌ মোহনার সমাহার = চৌমুহনী।
পঞ্চ বটের সামাহার = পঞ্চবটী।
**Ans : B.**

**০৫.** কোন পদটি বিশেষ্য নয়?

A. দারিদ্র্য B. দীন
C. দরিদ্রতা D. সভ্যতা

ব্যাখ্যা: কতিপয় শব্দের বিশেষ্য ও বিশেষণ রূপ-

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| দীনতা/দৈন্য | দীন | দরিদ্রতা/দারিদ্র্য | দরিদ্র |
| সভ্যতা | সভ্য | অভাব | অভাবী |
| সৌন্দর্য | সুন্দর | লবণ | লবণাক্ত |
| লাজ | লাজুক | কোমলতা | কোমল |

**Ans : B.**

**০৬.** 'রাশি' শব্দ দ্বারা গঠিত সঠিক বহুবচন কোনটি?

A. জলরাশি B. তারকারাশি
C. মেঘরাশি D. বৃক্ষরাশি

ব্যাখ্যা: কতিপয় সমষ্টিবাচক শব্দযোগে বহুবচনবাচক শব্দ গঠন-
• রাশি - জলরাশি, পুষ্পরাশি।
• রাজি - গ্রহরাজি, বৃক্ষরাজি, তারকারাজি।
• পুঞ্জ - মেঘপুঞ্জ।
• দাম - শৈবালদাম।
• পাল - গরুর পাল, হাতির পাল।
• শ্রেণি - ধনিক শ্রেণি, দরিদ্র শ্রেণি।
• গুচ্ছ - গল্পগুচ্ছ, কবিতাগুচ্ছ ইত্যাদি।
**Ans : A.**

**০৭.** গুরুচণ্ডালী দোষমুক্ত বাক্য কোনটি?

A. তার বাহিরে যাবার সময় হয়েছে।
B. সে স্কুলে যাবে।
C. তার বিবাহ হয় নাই।
D. তাহারা রওয়ানা হলো।

ব্যাখ্যা: বাক্যে সাধু ও চলিত ভাষার মিশ্রণকে গুরুচণ্ডালী দোষ বলা হয়।
যথা: তার বাহিরে যাবার সময় হয়েছে। (ভুল)
তার বাইরে যাবার সময় হয়েছে। (শুদ্ধ)
তার বিবাহ হয় নাই। (ভুল)
তার বিয়ে হয়নি। (শুদ্ধ)
**Ans : B.**

**০৮.** 'আলো' শব্দের সমার্থক-

A. হুতাশন B. শিখা
C. রওশন D. অগ্নি

ব্যাখ্যা: কতিপয় সমার্থক শব্দ-
• আলো - আলোক, রশ্মি, কিরণ, দীপ্তি, রওশন, রোশনাই, নুর, দ্যুতি, ময়ূখ, জ্যোতি, আভা, কর, অংশ, ভাতি ইত্যাদি।
• আগুন - অগ্নি, বহ্নি, পাবক, দাহন, অনল, হুতাশন, বৈশ্বানর, বায়ুসখা, হুতভুক, সর্বভুক, শিখিন, পিঙ্গল, শিখা ইত্যাদি।
**Ans : C.**

**০৯.** বাংলা বাক্যের শেষে কয়টি বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?

A. ১ B. ৪ C. ৩ D. ২

ব্যাখ্যা: বাংলা বাক্যের শেষে ৪টি বিরাম চিহ্ন ব্যবহৃত হয়।
যথা: দাঁড়ি (।); দুই দাঁড়ি (।।); বিস্ময় চিহ্ন (!); প্রশ্নবোধক চিহ্ন (?) ইত্যাদি।
**Ans : B.**

**১০.** কোনটি নাসিক্য বর্ণ?

A. র B. খ
C. ন D. ধ

ব্যাখ্যা: নাসিক্য বর্ণ - ৫টি। যথা: ঙ, ঞ, ণ, ন, ম।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১১.** 'লালসালু' উপন্যাসের প্রকৃত প্রতিপাদ্য-
A. মাজার ব্যবসা B. সামাজিক অনাচার
C. গ্রামীণ জীবন D. ব্যক্তির অস্তিত্বের সংকট

ব্যাখ্যা: 'লালসালু' উপন্যাসের পটভূমি গ্রামীণ সমাজ বা জীবন বিষয় সামাজিক রীতি-নীতি ও প্রচলিত সামাজিক বিশ্বাস; চরিত্রসমূহ একদিকে কুসংস্কারাচ্ছন্ন ধর্মভীরু, শোষিত, দরিদ্র গ্রামবাসী, অন্যদিকে শঠ, প্রতারক, ধর্মব্যবসায়ী এবং শোষক-ভূস্বামী (ভূমিকা- সহপাঠ)।
**Ans : C.**

**১২.** 'কপট' এর বিপরীত শব্দ-
A. হিতৈষী B. সুহৃদ C. মিত্র D. সাধু

ব্যাখ্যা: 'কপট' শব্দের অর্থ - শঠ, প্রতারক, ভণ্ড। এর বিপরীত শব্দ- সাধু।
**Ans : D.**

**১৩.** 'উজবুক' শব্দের অর্থ-
A. উজবেকিস্তানের লোক B. বুদ্ধিমান
C. চতুর D. আহম্মক

ব্যাখ্যা : 'উজবুক' শব্দের অর্থ: আহম্মক, বোকা, মূর্খ বা আনাড়ি। উজবেকিস্তানের সাথে উজবুক শব্দের উৎপত্তিগত সম্পর্ক রয়েছে। মধ্যযুগের মুসলিম শাসকগণ উজবেকিস্তান থেকে ভাড়াটে সৈনিক আনতো। তাদের উজবক বা উজবেক বলা হতো। এই সৈন্যরা প্রচণ্ড শক্তিশালী হলেও খুব নির্বোধ ছিল। এভাবে উজবুক শব্দটি স্থানীয় মানুষের ভাষায় নির্বোধ অর্থে ব্যবহৃত হতে থাকে, যা পরবর্তীতে বাংলা অভিধানে আহম্মক বা নির্বোধ অর্থে স্থান পায়।
**Ans : D.**

**১৪.** 'সারারাত বৃষ্টি হয়েছে।' এখানে 'সারারাত' কোন কারক?
A. কর্তৃ B. অধিকরণ C. অপাদান D. করণ

ব্যাখ্যা : ক্রিয়া সম্পাদনের সময় বা আধারকে অধিকরণ কারক বলা হয়। যথা: সারারাত বৃষ্টি হয়েছে।
বসন্তে কোকিল ডাকে।
**Ans : B.**

**১৫.** শুদ্ধ বানান-
A. মনিষিনী B. মণীষিণী C. মনীষিণী D. মনিষিনী

ব্যাখ্যা : 'মনীষা' শব্দের অর্থ তীক্ষ্ণধী, বুদ্ধিমান, বিদ্বান বা পণ্ডিত ব্যক্তি। এর স্ত্রীলিঙ্গ মনীষিণী।
**Ans : C.**

**১৬.** ধ্বন্যাত্মক শব্দ কোনগুলো?
A. গলায় গলায় B. হাতাহাতি
C. ধীরে ধীরে D. টাপুর-টুপুর

ব্যাখ্যা: যেসব শব্দ বাস্তব ধ্বনির অনুকরণে তৈরি হয়েছে, অথবা বাস্তব ধ্বনির মতো দ্যোতনা দিলেও আসলে কোনো অনুভূতি বা ভাবকে প্রকাশ করে, তাদের ধ্বন্যাত্মক শব্দ বলে।
যথা: টপটপ, ঝমঝম, টাপুর-টুপুর, মড় মড় ইত্যাদি।
**Ans : D.**

**১৭.** 'রেইনকোট' গল্পের কথক-
A. আখতারুজ্জামান ইলিয়াস B. নুরুল হুদা
C. ইসহাক মিয়া D. ড. আফাজ আহমদ

ব্যাখ্যা: 'রেইনকোট' গল্প সম্পর্কিত কতিপয় তথ্য-

| | |
|---|---|
| লেখক | আখতারুজ্জামান ইলিয়াস। |
| প্রথম প্রকাশ | ১৯৯৫ সালে। |
| অন্তর্ভুক্ত ছিল | গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গ্রন্থে। |
| উৎস | 'আখতারুজ্জামান ইলিয়াস রচনা সমগ্র-১'। |
| পটভূমি | মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি। |
| গল্পকথক | নুরুল হুদা। |

**Ans : B.**

**১৮.** 'তাহারেই পড়ে মনে' -কবিতাটি কত সালে প্রকাশিত হয়?
A. ১৯৩০ B. ১৯৩৪
C. ১৯৩৫ D. ১৯৩৬

ব্যাখ্যা: 'তাহারেই পড়ে মনে' কবিতার কতিপয় তথ্য-

| | |
|---|---|
| কবি | সুফিয়া কামাল। |
| প্রথম প্রকাশ | ১৯৩৫ সালে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায়। |
| গঠনরীতি | সংলাপনির্ভর রচনা। |
| চরণসংখ্যা | ৩০টি। |
| স্তবক | ৫টি। |
| ছন্দ | অক্ষরবৃত্ত। |

**Ans : C.**

**১৯.** 'প্রদোষ' অর্থ-
A. সকাল B. বিকাল
C. দুপুর D. সন্ধ্যা

ব্যাখ্যা : 'প্রদোষ' শব্দের অর্থ- সন্ধ্যা। প্রত্যেক পক্ষের দ্বাদশীর শেষ ও ত্রয়োদশীর সূচনার অংশটিকে প্রদোষ বলা হয়। এ শব্দের অন্য প্রতিশব্দ- সায়ংকাল, সায়াহ্ন ইত্যাদি।
**Ans : D.**

**২০.** 'আহ্বান' এর প্রকৃত উচ্চারণ কী?
A. আহবান B. আবহান
C. আওভান D. আহ্বান

ব্যাখ্যা: বাংলা শব্দের প্রমিত উচ্চারণে 'হ্ব' স্থলে 'ওভ/উভ' হয়। যেমন: আহ্বান (আওভান), জিহ্বা (জিউভা)।
**Ans : C.**

**২১.** 'Aboriginal' এর পরিভাষা-
A. কৃত্রিম B. অমৌলিক
C. আদিমানব D. আদিবাসী

ব্যাখ্যা : কতিপয় পারিভাষিক শব্দ-

| | | | |
|---|---|---|---|
| Aboriginal | আদিবাসী | Mass Contact | গণসংযোগ |
| Mobile | সচল, ভ্রাম্যমাণ | Monarchy | রাজতন্ত্র |
| Monument | স্মৃতিস্তম্ভ | Multinational | বহুজাতিক |
| Mythology | পুরাণতত্ত্ব | Myth | পুরাণ |

**Ans : D.**

**২২.** "সবাই উচ্চাভিলাষী। সবাই সুযোগ খুঁজছে।" 'সিরাজউদ্দৌলা' নাটকে এ উক্তিটি কার?
A. রাজবল্লভের B. সিরাজউদ্দৌলার
C. মিরজাফরের D. মিরমর্দানের

ব্যাখ্যা : 'সিরাজউদ্দৌলা' নাটকের উদ্ধৃতি:
"জগৎশেঠ: তাঁকে প্রধান সেনাপতির পদ দিতে হবে এই তো?
রাজবল্লভ: সবাই উচ্চভিলাষী। সবাই সুযোগ খুঁজছে। তা না হলে রায়দুর্লভ মাসে মাসে আমার কাছ থেকে যে বেতন পাচ্ছে তাতেই তার স্বর্গ হাতে পাবার কথা।"
**Ans : A.**

**২৩.** 'ণ-ত্ব' বিধান প্রযোজ্য হয় কোন শব্দে?
A. তৎসম B. তদ্ভব
C. দেশি D. বিদেশি

ব্যাখ্যা: একমাত্র তৎসম শব্দের বানানে ণত্ব-বিধান প্রযোজ্য হয়, তদ্ভব, দেশি ও বিদেশি শব্দে ণত্ব-বিধান প্রযোজ্য নয়। যেমন: মরণ, লবণ, হরিণ, প্রাণ ইত্যাদি তৎসম শব্দ। প্যান্ট, কুরআন, কর্নেল ইত্যাদি বিদেশি শব্দ।
**Ans: A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৪. 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের কততম কবিতা?
A. ৮ B. ৯
C. ১০ D. ১১

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans: C.

২৫. পুরুষবাচক শব্দ কোনটি?
A. রজকী B. মায়াবী
C. অজা D. শ্রোত্রী

ব্যাখ্যা: কতিপয় পুরুষ ও স্ত্রীবাচক শব্দ-

| পুরুষবাচক | স্ত্রীবাচক | পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|---|---|
| মায়াবী | মায়াবিনী | রজক | রজকী/রজকিনী |
| অজ | অজা | শ্রোতা | শ্রোত্রী |
| মদ্দা | মাদী | হুলো বিড়াল | মেনি বিড়াল |
| বেদে | বেদেনি | গুণবান | গুণবতী |

Ans : B.

২৬. 'চলোর্মি' এর সন্ধিবিচ্ছেদ-
A. চল + উর্মি B. চলা + উর্মি
C. চল + উর্মি D. চলা + উর্মি

ব্যাখ্যা : কতিপয় শব্দের সন্ধিবিচ্ছেদ:

| প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ | প্রদত্ত শব্দ | সন্ধিবিচ্ছেদ |
|---|---|---|---|
| চলোর্মি | চল্ + উর্মি | উল্লাস | উৎ +লাস |
| ষষ্ঠ | ষষ্ + থ | একাদশ | এক + দশ |
| বৃহস্পতি | বৃহৎ + পতি | গোষ্পদ | গো + পদ |
| শঙ্কা | শম্ + কা | বাগদান | বাক্ + দান |

Ans : C.

২৭. 'ঘোর কলি' বাগধারাটি দ্বারা কী বুঝায়?
A. ঘুটঘুটে কালো B. ঘুরপাক খাওয়া
C. অন্ধকার D. নিদারুণ অধর্মের যুগ

ব্যাখ্যা : কতিপয় বাগ্‌ধারা ও ব্যাবহারিক অর্থ:

| বাগধারা | ব্যাবহারিক অর্থ |
|---|---|
| ঘোর কলি | নিদারুণ অধর্মের যুগ। |
| কলির সন্ধ্যা | দুঃখের সূচনা, ঘোর বিপদ, দুর্দিন। |
| কলি ফেরানো | দেয়ালে চুনকাম করা। |
| কলমির ঝাড় | বংশে বহু লোক। |
| ঝড়ো কাক | বিপর্যস্ত। |
| রয়ে-সয়ে | ধীরে-সুস্থে। |

Ans : D.

২৮. যা উদিত হয়নি-
A. অনুদিত B. অনূদিত
C. অনুবাদিত D. আনুদিত

ব্যাখ্যা: কতিপয় এককথায় প্রকাশ-
- যা উদিত হয়নি - অনুদিত।
- যা অনুবাদ করা হয়েছে - অনূদিত বা অনুবাদিত।
- জানা যায় না যা - অজ্ঞেয়।
- নিন্দার যোগ্য নয় যা - অনিন্দ্য, অনিন্দনীয়।
- বিচার নেই এমন - অবিচার্য।
- পূজার উপকরণ- অর্ঘ্য।
- যা প্রাচীন নয়- অর্বাচীন।
- ঈষৎ কম্পিত - আধুত।

Ans : A.

## English

***Read the following passage and answer the questions (29-32)***

What are the difficulties in learning a second language? Clearly one of the main difficulties is that usually the learner does not live in an environment where the second language is commonly spoken. The language may be used in special language classes or even as a medium of instruction in school, but generally only a small proportion of the learner's time is spent in using it. Another difficulty is that of 'interference' between the learner's mother tongue and the second language. Interference is perhaps most noticeable in pronunciation, but it also affects the learner's understanding of grammar and ability to write well in the second language. Learning another language, therefore, is clearly not easy. It requires interest, persistence, and the determination to correct mistakes.

**29. Where does the learner of a second language usually live?**
A. in a fareway land
B. in an enabling environment
C. in an unfavourable environment
D. in a favourable environment

ব্যাখ্যা : Favourable - অনুকূল।
Unfavourable - প্রতিকূল।
Passage থেকে বুঝা যায় second language শিখার জন্য learners দের অন্যতম একটি সমস্যা হচ্ছে অনুকূল (Favourable) পরিবেশ না পাওয়া। তারা এমন একটি পরিবেশে বাস করে যা second language শিখার জন্য উপযোগী না। অর্থাৎ প্রতিকূল (Unfavourable) পরিবেশ।
Ans : C.

**30. A suitable title of the passage is-**
A. Second Language
B. Language Learner's Difficulty
C. Second Language Acquisition
D. Mother Tongue Interference

ব্যাখ্যা: সম্পূর্ণ passage টিতে learners রা কিভাবে second language আয়ত্ব করবে তা নিয়ে আলোকপাত করা হয়েছে। তাই, passage এর title হবে Second Language Acquisition.
Ans : C.

**31. In the passage 'Interference' relates to-**
A. affection B. negative influence
C. positive influence D. mixture

ব্যাখ্যা: Mother tongue এর influence বলতে বুঝায় Second Language শিখার ক্ষেত্রে মাতৃভাষার যে প্রভাব পড়ে থাকে। উচ্চারণে, ব্যাকরণে এবং ভাষা বুঝার ক্ষেত্রে মাতৃভাষার সাথে second language এর যে মিশ্রণ হয় প্রদত্ত passage এ তা উল্লেখ করা হয়েছে। তাই, passage এ interference দিয়ে mixture কে বুঝানো হয়েছে।
Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**32. Learning another language is difficult because-**
A. learners do not often get proper environment
B. learners often lack the required qualities
C. it is difficult to overcome the mother tongue interference.
D. all the above

ব্যাখ্যা: Passage থেকে বুঝা যায় যে language শিখার ক্ষেত্রে প্রধান বাধাগুলো হচ্ছে অনুকূল পরিবেশ না পাওয়া, প্রয়োজনীয় যোগ্যতার অভাব থাকা এবং মাতৃভাষার স্বভাবজাত যে প্রভাব থাকে তা থেকে মুক্ত হতে না পারা। তাই, প্রশ্নে উল্লেখিত সবগুলো option-ই সঠিক।
**Ans : D.**

**33. Name the underlined clause in the sentence 'I will let you know as soon as the results come out'**
A. adjective B. noun
C. adverbial D. conditional

ব্যাখ্যা: Verb কে How (কিভাবে), Where (কোথায়), When (কখন), Why (কেন) দ্বারা প্রশ্ন করলে যে clause পাওয়া যায় তাকে Adverbial Clause বলে।
**Adverbial Clause of time:** As soon as, When, While, After, Before, Till, Until, Since etc. দিয়ে শুরু হয়।
I will let you know as soon as the results come out.
Adverbial Clause
**Reference:** Ecenglish.com
**Ans : C.**

**34. Parliament is vested ____ the power of making laws.**
A. in B. to
C. with D. by

ব্যাখ্যা: Vest (a power) in (a person) - ন্যাস্ত থাকা।
**Ex:** The power was vested in me.
(A person/institution) vest with (a power) - ন্যাস্ত থাকা।
**Ex:** Parliament is vested with the power of making laws.
**গুরুত্বপূর্ণ কিছু Appropriate preposition:**

| | | |
|---|---|---|
| True to | Triumph over | Vital to |
| Unite with | Void of | Wonder at |
| Wink at | Zest for | Yield to |
| Wish for | Vulnerable to | Vouch for |
| Worthy of | Uncalled for | Tribute to |
| Sure of | Suffer from | Suspect of |
| Succumb to | Submit to | |

**Ans : C.**

**35. A novel is written in ____ but poetry is composed of ____.**
A. prose, verses B. verses, dialogue
C. dialogue, rhymes D. rhythm, rhymes

ব্যাখ্যা: Novel - উপন্যাস। Prose - গদ্য।
Verse - চরণ/স্তবক/পদ্য। Dialogue - কথোপকথন।
Rhymes - ছড়া। Rhythm - ছন্দ।
**Ex:** A novel is written in prose but poetry is composed of verses.
**Ans : A.**

**36. Today is ____ only day that I am free.**
A. an B. a
C. no article D. the

ব্যাখ্যা: নির্দিষ্টতা অর্থে Definite article 'the' বসে। এখানে, প্রদত্ত প্রশ্নে নির্দিষ্ট দিনের কথা বুঝাচ্ছে। তাই, the হবে।
**Ans : D.**

**37. Find out the correct sentence-**
A. If I am rich, I would help you.
B. I heard him to sing.
C. Please listen me attentively.
D. I will go shopping tomorrow.

ব্যাখ্যা: Go shopping - কেনাকাটা করতে যাওয়া।
Go এর পর for হবে না। অর্থ ও Rule অনুযায়ী go shopping ই হবে, তাই অপশন (D) সঠিক। অপশন (A) ভুল কারণ কল্পনা বুঝাতে If I were rich, I would help you হবে। অপশন (B) ভুল কারণ hear + someone + verb (base) or (verb + ing) হয়। অর্থাৎ সঠিক বাক্যটি হবে- I heard him singing. অপশন (C) ভুল কারণ listen এর পর to বসবে, অর্থাৎ Please listen to me attentively হবে।
**Ans : D.**

**38. We found a child crying for its mother. The underlined word is-**
A. a gerund B. an infinitive
C. a participle D. a main verb

ব্যাখ্যা: Present Participle হচ্ছে (V + ing) যা verb ও adjective হিসেবে কাজ করে। Object এর পর (V + ing) থাকলে তা Present Participle হয়।
**Ex:** We found a child crying for its mother.
obj. P.P
আবার, Gerund হচ্ছে (V + ing) যা verb ও noun হিসেবে কাজ করে। Infinitive হচ্ছে to + verb এর base form.
**Ans : C.**

**39. A playwright is a person who-**
A. composes music for plays
B. writes plays
C. acts on stage
D. owns a theatre

ব্যাখ্যা: Playwright - নাট্যকার।
A playwright is a person who writes plays.
**Ans : B.**

**40. 'To articulate' means to-**
A. speak clearly and distinctly
B. create works of art
C. transform one form of art into another
D. recite beautifully

ব্যাখ্যা : Articulate - স্পষ্টভাবে উচ্চারণ করা বা বলা (To Speak clearly and distinctly)।
**Ans : A.**

**41. My English is poor, I ____ work hard.**
A. must B. might
C. may D. can

ব্যাখ্যা: বাক্যটির অর্থ- "আমার ইংরেজি দুর্বল, আমাকে অবশ্যই কঠোর পরিশ্রম করতে হবে।" এখানে অর্থ অনুযায়ী must ব্যবহার করতে হবে। বাধ্যবাধকতা বুঝাতে must ব্যবহৃত হয়।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**42.** **The passive form of 'Who has done the work ?' is-**
A. Who has been done the work?
B. By whom has the work been done?
C. By whom has been done the work?
D. Whom has done the work by?

ব্যাখ্যা : **Active:** Who has done the work?
**Passive:** By whom + auxiliary verb (tense অনুযায়ী) + Sub + (auxiliary verb দুইটি থাকলে) + $V_3$ + ....?
By whom + has + the work + been + done?
**Ans : B.**

**43.** **He said to me, "Do you like music?" The indirect form of this sentence is-**
A. He said if I like music.
B. He asked me do I like music.
C. He asked to me I like music.
D. He asked me if I liked music.

ব্যাখ্যা: **Interrogative Sentence এর Narration:**
Interrogative sentence এর indirect করার সময় Yes/No question হলে- if আনতে হয় আর, Wh question হলে Wh word বসে যায়। প্রদত্ত প্রশ্নটি Yes/No Question তাই if আনতে হবে। said to এর পরিবর্তে asked বসবে। বাক্যটি Present indefinite এ আছে, তাই indirect এ Past indefinite হবে।
**Direct:** He said to me, "Do you like music?"
**Indirect:** He asked me if I liked music.
**Ans: D.**

**44.** **Which one is in feminine gender form?**
A. nun B.boar C. drone D. emperor

ব্যাখ্যা: Nun হচ্ছে Feminine gender।
**গুরুত্বপূর্ণ কিছু Gender:**

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Dog | Bitch | Sir | Madam |
| Hart | Hoe | Fox | Vixen |
| Gander | Goose | Ram | Ewe |
| Stag | Hind | Wizard | Witch |
| Lord | Lady | Don | Donna |
| Bridegroom | Bride | Nephew | Niece |
| Monk, Friar | Nun | Boar | Sow |
| Drone | Bee | Emperor | Empress |

**Ans : A.**

**45.** **What is the plural of 'spectrum'?**
A. spectra B. spectrums
C. spectral D. spectres

ব্যাখ্যা: Spectrum এর plural form 'spectra' ও 'spectrums' দুটোই হতে পারে।
**গুরুত্বপূর্ণ কিছু Singular ও Plural:**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Datum | Data | Ultimatum | Ultimata |
| Bacterium | Bacteria | Memorandum | Memoranda |
| Forum | Fora/Forums | Medium | Media |
| Referendum | Referenda | Symposium | Symposia |
| Agendum | Agenda | Erratum | Errata |

**Ans: A & B.**

**46.** **Choose the word that is misspelled-**
A. corruption B. harrassment
C. territory D. incorrigible

ব্যাখ্যা: এখানে, Harassment এর spelling টা misspelled আছে।
**গুরুত্বপূর্ণ কিছু Spelling:**

| | | | |
|---|---|---|---|
| Assignment | Assassination | Diarrhoea | Separate |
| Brilliant | Bouquet | Etiquette | Playwright |
| Suggestion | Sabotage | Lieutenant | Cholera |
| Salient | Susceptible | Coffee | Typhoid |
| Superior | Souvenir | | |

**Ans : B.**

**47.** **Translate the following into English 'লোকটি হাসতে হাসতে আমার কাছে আসলো'-**
A. The man has come to me by laugh.
B. The man came to me by laugh.
C. The man came to me laughing.
D. The man came to me in a laughing way.

ব্যাখ্যা: দ্বিত্ব প্রকাশ করার জন্য Present Participle (v + ing) ব্যবহৃত হয়।
লোকটি হাসতে হাসতে আমার কাছে আসল - The man came to me laughing.
**Ans : C.**

**48.** **It's a long time since we ___ last.**
A. had met B. met
C. have met D. would meet

ব্যাখ্যা: **Structure:**
i) Present Indefinite or Present Perfect + since + past indefinite.
**Ex:** It is a long time since we met last.
ii) Past Indefinite + since + past perfect.
**Ex:** It was 10 years since we had met.
**Ans : B.**

**49.** **It is exactly ___ now.**
A. I wanted B. what I want
C. for me to want D. for wanting

ব্যাখ্যা : It is exactly what I want now.
বাক্যটির অর্থ- "এটাই এখন আমি চাচ্ছি।"
**Ans : B.**

**50.** **When we dream something extremely bad, we call it-**
A. a day dream B. an illusion
C. a bitter dream D. a nightmare

ব্যাখ্যা: Nightmare - দুঃস্বপ্ন।
যখন আমরা স্বপ্নে খারাপ কোনো কিছু দেখি তখন তাকে Nightmare (দুঃস্বপ্ন) বলি।
**Ans : D.**

**51.** **'Bill of fare' means-**
A. a menu B. expenditure
C. demand chart D. restaurant bill

ব্যাখ্যা: Bill of fare - রেস্টুরেন্টের খাদ্যতালিকা (Menu in a restaurant)।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
প্রশ্নব্যাংক-ক্লাস-পরীক্ষা-PDF-তথ্য-কোর্স-কেয়ার

**52.** **Alam is a poor man. He cannot buy a bicycle, ___ a car.**

A. not even B. besides
C. not D. let alone

ব্যাখ্যা : Let alone - দূরের কথা।
He cannot buy a bicycle let alone a car.
বাক্যটির অর্থ- "সে সাইকেল কিনতে পারছে না কার তো দূরের কথা।"
**Ans : D.**

**53.** **I am going to be invited too, ___**

A. am not I? B. was not I?
C. are not I? D. ain't I?

ব্যাখ্যা: Tag Question এ হ্যাঁ বোধক থাকলে না বোধক করতে হয়। প্রদত্ত বাক্যটি হ্যাঁ বোধক তাই Tag-এ না বোধক হবে। Tag Question এ সবসময় সংক্ষিপ্ত রূপ (Contracted Form) ব্যবহৃত হয়। অর্থাৎ, Am not এর সংক্ষিপ্ত রূপ ain't/aren't ব্যবহৃত হবে।
**Ex:** I am going to be invited too, ain't I?
**Ans : D.**

**54.** **Antonym of 'feeble' is-**

A. meek B. gentle
C. cruel D. strong

ব্যাখ্যা: Feeble - দুর্বল। Meek - নম্র/বিনীত।
Gentle - ভদ্র। Cruel - নিষ্ঠুর।
Strong - শক্তিশালী।
**Feeble এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms:**
**Synonyms:** Frail, Infirm, Faint, Weak, Debilitated, Thin, Enervated.
**Antonyms:** Strong, Hardy, Solid, Healthy, Efficient, Sound.
**Ans : D.**

**55.** **'Habitation' is synonymous with-**

A. building of habits B. dwelling
C. evacuation D. cultivation

ব্যাখ্যা: Habitation - বসতি/বাসস্থান।
Evacuation - অপসারণ।
Dwelling - বাস/বসবাস/বাড়ি।
Cultivation - চাষাবাদ।
**Habitation এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms:**
**Synonyms:** Dwelling, Residence, Abode, Accommodation.
**Ans : B.**

**56.** **'He has a lot of influence in the community.' What is the verb form of the underlined word?**

A. influence B. influential
C. influent D. inflow

ব্যাখ্যা : Influence - (N.) প্রভাব, (V.) প্রভাব ফেলা।
Influential (Adj.) - প্রভাবশালী।
Influentially (Adv.) - প্রভাবশালীভাবে।
সুতরাং, Influence শব্দটি verb ও noun দুইভাবে ব্যবহৃত হয়।
**Ans : A.**

## সাধারণ জ্ঞান

**৫৭.** **'সানফ্লাওয়ার'-এর চিত্রকর-**

A. পিকাসো B. ভ্যানগঘ
C. কামরুল হাসান D. লিওনার্দো দ্যা ভিঞ্চি

ব্যাখ্যা : বিখ্যাত চিত্রকর এর চিত্রকর্মসমূহ:

| চিত্রশিল্পীর নাম | চিত্রকর্ম এর নাম |
|---|---|
| পাবলো পিকাসো (স্প্যানিশ) | গের্নিকা, গোয়ের্নিকা, দ্যা ব্লু রুম, দ্যা উইলিং উইম্যান। |
| ভিনসেন্ট ভেনগঘ (ওলন্দাজ) | সানফ্লাওয়ার, নক্ষত্রখচিত রাত্রি, দুঃখ। |
| লিওনার্দো দ্যা ভিঞ্চি (ইতালীয়) | মোনালিসা, দ্যা লাস্ট সাপার, ভিত্রুভিয়ানো মানব, লেডি উইথ অ্যান এরমাইন। |
| কামরুল হাসান (বাংলাদেশী) | এই জানোয়ারদের হত্যা করতে হবে, তিন কন্যা, দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে। |
| জয়নুল আবেদীন (বাংলাদেশী) | ম্যাডোনা ৪৩, সংগ্রাম, মনপুরা-৭০, নবান্ন, সাঁওতাল রানী। |
| এস.এম.সুলতান (বাংলাদেশী) | হত্যাযজ্ঞ, যাত্রা, প্রথম বৃক্ষরোপণ, জমি কর্ষণ। |

**Ans : B.**

**৫৮.** **বাংলাদেশে আইনজীবী হওয়ার ন্যূনতম বয়স-**

A. ২১ B. ২৮ C. ৩০ D. ২৫

ব্যাখ্যা : বাংলাদেশে আইনজীবী হওয়ার ন্যূনতম বয়স ও অন্যান্য:

| পদের নাম | ন্যূনতম বয়স |
|---|---|
| আইনজীবী | ২১ বছর |
| প্রধানমন্ত্রী | ২৫ বছর |
| স্পিকার ও সংসদ সদস্য | ২৫ বছর |
| রাষ্ট্রপতি | ৩৫ বছর |

**Ans : A.**

**৫৯.** **বাংলাদেশের সংবিধানের নাম-**

A. বাংলাদেশ সংবিধান
B. বাংলাদেশের সংবিধান
C. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধান
D. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

ব্যাখ্যা : সংবিধানের মৌলিক তথ্য:

| বিষয়বস্তু | ব্যাখ্যা |
|---|---|
| সংবিধানের পূর্ণনাম | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান |
| বাংলাদেশের সাংবিধানিক ইংরেজি নাম | The People's Republic of Bangladesh |
| বাংলাদেশের সাংবিধানিক নাম | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ |
| তফসিল | ৭টি |
| পরিচ্ছেদ | ১১টি |
| অনুচ্ছেদ | ১৫৩টি |
| সংশোধনী | ১৭টি |
| সংবিধানের ভাষা | ২টি (বাংলা ও ইংরেজি) |
| সংবিধানের রচনা কমিটির সদস্য | ৩৪ জন |
| খসড়া সংবিধান সংসদে গৃহীত হওয়ার তারিখ | ৪ নভেম্বর (সংবিধান দিবস) |
| সংবিধান কার্যকরের তারিখ | ১৬ ডিসেম্বর |

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৬০. বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় কার্যকর হয় কত সালে?**

A. ২০১৫ B. ২০১৪ C. ২০১৩ D. ২০১৬

ব্যাখ্যা : ছিটমহল সমস্যা ও সমাধান:
- মুজিব-ইন্দিরা চুক্তি স্বাক্ষরিত হয়: ১৬ মে, ১৯৭৪।
- ছিটমহল বিষয়ক চুক্তি কার্যকর: ১ আগস্ট, ২০১৫।
- ভারতে বাংলাদেশের ৫১টি ছিটমহলের মোট আয়তন ছিল: ৭১১০ একর।
- বাংলাদেশের থাকা ভারতের ১১১টি ছিটমহলের মোট আয়তন ছিল: ১৭, ১৫৮.৭৫ একর।
- প্রথম বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়: কুড়িগ্রামের দশিয়ারছড়া ছিটমহল।
- দশিয়ার ছড়া ছিটমহলের বর্তমান নাম: মুজিব ইন্দিরা ইউনিয়ন।

**Ans : A.**

**৬১. 'হটস্পট' হলো-**

A. উত্তপ্ত এলাকা B. তারযুক্ত ইন্টারনেট ব্যবস্থা
C. তারবিহীন ইন্টারনেট ব্যবস্থা D. বিশ্বব্যাপী নেটওয়ার্ক

ব্যাখ্যা: তারবিহীন ইন্টারনেট ব্যবস্থা।
'হটস্পট' সম্পর্কিত অন্যান্য তথ্য:
- এটি একটি তারবিহীন ইন্টারনেট ব্যবস্থা।
- বর্তমানে জনপ্রিয় ৩টি হটস্পট প্রযুক্তি হলো- i) ওয়াই-ম্যাক্স ii) ওয়াই-ফাই iii) ব্লু-টুথ।
- এটি স্মার্ট ফোন, পিডিএ, ট্যাব, নোটবুক বা ল্যাপটপে ইন্টারনেট সংযোগ সরবরাহ করে।

**Ans : C.**

**৬২. ক্রিকেট কোন দেশের জাতীয় খেলা?**

A. অস্ট্রেলিয়া B. ইংল্যান্ড
C. নিউজিল্যান্ড D. স্কটল্যান্ড

ব্যাখ্যা : ক্রিকেট অস্ট্রেলিয়া ও ইংল্যান্ড উভয়দেশের জাতীয় খেলা।

ক্রিকেট সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| উৎপত্তি | ইংল্যান্ডে |
| ২০২৩ ক্রিকেট ওয়ার্ল্ড কাপ আয়োজক | ইন্ডিয়া |
| ২০২৭ ক্রিকেট ওয়ার্ল্ড কাপ আয়োজক | নামিবিয়া, সাউথ আফ্রিকা ও জিম্বাবুয়ে। |
| T20 –ওয়ার্ল্ড কাপ আয়োজক দেশ | ২০২২ → অস্ট্রেলিয়া<br>২০২৪ → ওয়েস্ট ইন্ডিজ ও আমেরিকা<br>২০২৬ → ইন্ডিয়া ও শ্রীলঙ্কা<br>২০২৮ → অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড |

**Ans : A & B.**

**৬৩. 'এসডিজি' এর কোন লক্ষ্যটি 'জেন্ডার' সম্পর্কিত?**

A. এসডিজি-১ B. এসডিজি-৩
C. এসডিজি-৫ D. এসডিজি-৭

ব্যাখ্যা : SDG (Sustainable Development Goals) সম্পর্কিত তথ্য:
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ১৭টি।
- মেয়াদ: ১ জানুয়ারি, ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর, ২০৩০।
- এর লক্ষ্যসমূহ:

১. দারিদ্র বিমোচন
২. ক্ষুধা মুক্তি
৩. সু -স্বাস্থ্য
৪. মানসম্মত শিক্ষা
৫. লিঙ্গ সমতা
৬. সুপেয় পানি ও পয়:নিষ্কাশন ব্যবস্থা
৭. নবায়নযোগ্য ও ব্যয়সাধ্য জ্বালানী
৮. কর্মসংস্থান ও অর্থনীতি
৯. উদ্ভাবন ও উন্নত অবকাঠামো
১০. বৈষম্য হ্রাস
১১. টেকসই নগর ও সম্প্রদায়
১২. সম্পদের দায়িত্বপূর্ণ ব্যবহার
১৩. জলবায়ু বিষয়ে পদক্ষেপ
১৪. টেকসই মহাসাগর
১৫. ভূমির টেকসই ব্যবহার
১৬. শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান
১৭. টেকসই উন্নয়নের জন্য অংশীদারিত্ব

**Ans : C.**

**৬৪. 'আলোকিত মানুষ চাই' কোন প্রতিষ্ঠানের শ্লোগান?**

A. জাতীয় গণগ্রন্থাগার B. এশিয়াটিক সোসাইটি
C. বাংলা একাডেমি D. বিশ্বসাহিত্য কেন্দ্র

ব্যাখ্যা: বিশ্বসাহিত্য সম্পর্কিত উপাত্তসমূহ-

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| গঠন | ১৯৭৮ সাল |
| নীতিবাক্য | আলোকিত মানুষ চাই |
| দপ্তর | কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা |
| মূল ব্যক্তিত্ব | আবদুল্লাহ আবু সায়ীদ |

**Ans : D.**

**৬৫. NASA-এর পূণরূপ-**

A. National Aeronautics and Space Authority
B. National Aeronautics and Space Administration
C. National Aeronautics and Space Agency
D. National Aeronautics and Space Agreement

ব্যাখ্যা : NASA সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ:

| | |
|---|---|
| গঠন | ১৯৫৮ |
| সদরদপ্তর | ওয়াশিংটন ডিসি |
| শ্লোগান | "For the Benefit of All" |
| মালিক | যুক্তরাষ্ট্র |
| পরিচয় | মহাকাশ গবেষণা সংস্থা |

**Ans : B.**

**৬৬. শিক্ষাক্ষেত্রে অবদানের জন্য ২০২২ সালে একুশে পদক পান-**

A. গৌতম বুদ্ধ দাশ B. আব্রাহাম লিংকন
C. আবদুস সাত্তার মন্ডল D. সাহানাজ সুলতানা

ব্যাখ্যা: একুশে পদক, ২০২২

| ক্ষেত্র | একুশে পদক |
|---|---|
| সম্মান | জাতীয় এবং দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার |
| দেয়া হয় | ১৯৭৬ সাল থেকে |
| প্রবর্তক | প্রেসিডেন্ট জিয়াউর রহমান |
| প্রথম দেয়া হয় | সাহিত্যে: কাজী নজরুল ইসলাম, কবি জসীমউদ্দীন, বেগম সুফিয়া কামাল (১ম নারী হিসেবে)<br>শিক্ষায়: ড. মোহাম্মদ কুদরত ই খোদা |
| সর্বশেষ ২০২২ সালে দেয়া হয় | ভাষা ও সাহিত্যে: কবি কামাল চৌধুরী ও ঝর্ণা দাশ<br>শিক্ষায়: অধ্যাপক ড. গৌতম বুদ্ধ দাশ |

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৬৭. 'গ্রিনপিস' কোন ধরনের সংগঠন?**

A. নারীবাদী B. পরিবেশবাদী
C. শান্তিকামী D. মানবতাবাদী

ব্যাখ্যা: গ্রিনপিস সম্পর্কিত তথ্য:

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| পরিচয় | নেদারল্যান্ডসভিত্তিক পরিবেশ সংস্থা। |
| প্রতিষ্ঠা | ১৯৭১, ভ্যানকুভার, কানাডা। |
| সদর দপ্তর | আমস্টারডাম, নেদারল্যান্ডস। |
| পূর্ব নাম | Don't make a wave Committee (1969-1972) |
| গ্রিনপিসের জাহাজের নাম | রেইনবো ওয়ারিয়র/রংধনু, কোরম্যাক জাহাজ। |

**Ans : B.**

**৬৮. 'ব্লু-ইকোনমি' কোন বিষয়ের সাথে সংশ্লিষ্ট?**

A. বাজার অর্থনীতি B. কৃষি অর্থনীতি
C. সমুদ্র অর্থনীতি D. গ্রামীণ অর্থনীতি

ব্যাখ্যা: ব্লু-ইকোনমি সম্পর্কিত তথ্য-
- সুনীল অর্থনীতি বা ব্লু-ইকোনমি হচ্ছে সমুদ্রনির্ভর অর্থনীতি।
- Sustainable Development Goal এর ১২ নং লক্ষ্যে অন্তর্ভুক্ত।
- ২০১২ সালে United Nations Conference on Sustainable Develpment নামক কনফারেন্সে সর্বপ্রথম গৃহীত হয়।
- Gunter Pauli কে ব্লু-ইকোনমির জনক বলা হয়।

**Ans : C.**

**৬৯. পদ্মা বহুমুখী সেতুতে কত তারিখ থেকে গণপরিবহন চলাচল শুরু হয়?**

A. ২৫ জুন, ২০২২ B. ২৬ জুন, ২০২২
C. ২৭ জুন, ২০২২ D. ২৮ জুন, ২০২২

ব্যাখ্যা: পদ্মা বহুমুখী সেতু-

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| নাম | পদ্মা বহুমুখী সেতু |
| ধরন | দু' তলা বিশিষ্ট |
| অর্থের উৎস | অভ্যন্তরীণ উৎস |
| কোম্পানি নাম | China Major Bridge Company |
| স্থান | মুন্সিগঞ্জ-ফরিদপুর-শরিয়তপুর |
| দৈর্ঘ্য | ৬.১৫ কি.মি |
| প্রস্থ | ১৮.১০ মিটার |
| কাজ আরম্ভ | ১২ ডিসেম্বর, ২০১৫ |
| কাজ শেষ | ১২ জুন, ২০২২ |
| উদ্বোধন | ২৫ জুন, ২০২২ |
| যানবাহন চালু | ২৬ জুন, ২০২২ |
| পিলার | ৪২টি |
| স্প্যান | ৪১টি |
| খরচ | ৩০, ১৯৩ কোটি টাকা |

**Ans : B.**

**৭০. কোন সমুদ্র সৈকতকে বাংলাদেশের 'সাগরকন্যা' বলা হয়?**

A. কক্সবাজার B. পতেঙ্গা
C. কুয়াকাটা D. সেন্টমার্টিন

ব্যাখ্যা : কুয়াকাটা সমুদ্র সৈকত:

| | |
|---|---|
| অবস্থান | পটুয়াখালি জেলার কলাপাড়া উপজেলাতে |
| দৈর্ঘ্য | ১৮ কি.মি |
| অন্য নাম | সাগরকন্যা |
| স্থানের ধরন | সমুদ্র সৈকত |

**Ans : C.**

**৭১. 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান' এর সময়সীমা কত সাল পর্যন্ত?**

A. ২০৫০ B. ২০৭৫
C. ২১২৫ D. ২১০০

ব্যাখ্যা: এক নজরে বাংলাদেশের ডেল্টা প্ল্যান:
- সময়সীমা- ২১০০ সাল পর্যন্ত।
- ইংরেজি শব্দ DELTA অর্থ ব-দ্বীপ।
- বাংলাদেশ বিশ্বের সর্ববৃহৎ ব-দ্বীপ।
- সহায়তাকারী দেশ- নেদারল্যান্ডস।
- মূল প্রতিপাদ্য- জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো।
- হটস্পট- ৬টি।
- নির্দিষ্ট বা অভিষ্ট লক্ষ্য- ৬টি।

**Ans : D.**

**৭২. মুজিবনগর সরকারের শপথবাক্য পাঠ করান-**

A. সৈয়দ নজরুল ইসলাম
B. অধ্যাপক ইউসুফ আলী
C. বিচারপতি আবু সাঈদ চৌধুরী
D. জেনারেল এম এ জি ওসমানী

ব্যাখ্যা : মুজিবনগর সরকার:

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| পরিচয় | অস্থায়ী বাংলাদেশ সরকার/প্রবাসী বাংলাদেশ সরকার |
| প্রধান | শেখ মুজিবুর রহমান |
| সদস্য | ৬ জন |
| রাজধানী | মুজিবনগর |
| শপথ পাঠ করান | অধ্যাপক ইউসুফ আলী |
| অনুষ্ঠানের পরিচালক | আব্দুল মান্নান |
| সরকার গঠন | ১০ এপ্রিল, ১৯৭১ |
| শপথ গ্রহণ/মুজিবনগর দিবস | ১৭ এপ্রিল, ১৯৭১ |

**Ans : B.**

**৭৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর মায়ের নাম কী?**

A. সায়েরা খাতুন B. সাহেরা খাতুন
C. সাহারা খাতুন D. সায়রা খাতুন

ব্যাখ্যা: শেখ মুজিবের সংক্ষিপ্ত পরিচয়:

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| জন্ম | ১৭ মার্চ, ১৯২০ সালে টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |
| ডাক নাম | খোকা। |
| পিতা | শেখ লুৎফর রহমান। |
| মাতা | মোসাম্মৎ সায়েরা খাতুন। |
| ১৯৩৯ | ১ম কারাভোগ এবং বিয়ে করেন। |
| ৪ জানুয়ারি, ১৯৪৮ | পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ প্রতিষ্ঠা করেন। |
| ১০ জানুয়ারি, ১৯৭২ | স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন করেন। |
| ১২ জানুয়ারি, ১৯৭২ | স্বাধীন বাংলাদেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হন। |
| ২৫ জানুয়ারি, ১৯৭৫ | বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে অধিষ্ঠিত হন। |
| ১৫ আগস্ট, ১৯৭৫ | কতিপয় বিপথগামী সেনাসদস্যদের হাতে শাহিদ হন। |

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৭৪.** সৌরজগতের উষ্ণতম গ্রহ-

A. নেপচুন B. ইউরেনাস
C. বুধ D. শুক্র

ব্যাখ্যা: সৌরজগৎ-
- সৌরজগতের স্বীকৃত গ্রহ - ৮টি।
- সূর্যের সবচেয়ে নিকটতম গ্রহ - বুধ।
- সবচেয়ে উষ্ণতম গ্রহ - শুক্র।
- সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ - বৃহস্পতি (গ্রহরাজ বলা হয়)।
- পৃথিবীর নিকটতম গ্রহ - শুক্র।
- সৌজগতের ক্ষুদ্রতম গ্রহ - বুধ।
- শীতল গ্রহ - নেপচুন।

**Ans : D.**

**৭৫.** সুয়েজখাল কোন দুটি মহাদেশকে বিভক্ত করেছে?

A. এশিয়া ও অস্ট্রেলিয়া B. আমেরিকা ও আফ্রিকা
C. ইউরোপ ও আমেরিকা D. এশিয়া ও আফ্রিকা

ব্যাখ্যা : বিভিন্ন প্রণালী/চ্যানেল:

| প্রণালীর নাম | সংযোগস্থল |
|---|---|
| পক প্রণালী | বিভক্ত: ভারত ও শ্রীলংকা<br>সংযুক্ত: বঙ্গোপসাগর ও আরব সাগর |
| সুয়েজ খাল | সংযুক্ত: লোহিত সাগর ও ভূমধ্যসাগর<br>বিভক্ত: মিশর (আফ্রিকা) ও সিনাই উপদ্বীপ (এশিয়া)। |
| বাব এল মান্দেব | সংযুক্ত: লোহিত সাগর ও আরব সাগর।<br>বিভক্ত: জিবুতি (আফ্রিকা) ও ইয়েমেন (এশিয়া) |
| জিব্রাল্টার প্রণালী | সংযুক্ত: ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগর।<br>বিভক্ত: স্পেন (ইউরোপ) ও মরক্কো (আফ্রিকা) |
| পানামা খাল | সংযুক্ত: আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর<br>বিভক্ত: উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকা মহাদেশ |
| বেরিং প্রণালী | সংযুক্ত: বেরিংসাগর (প্রশান্ত) ও চুকচি সাগর (উত্তর মহাসাগর)<br>বিভক্ত: আলাস্কা, যুক্তরাষ্ট্র (উত্তর আমেরিকা) ও সাইবেরিয়া রাশিয়া (এশিয়া) |
| বসফরাস প্রণালী | সংযুক্ত: কৃষ্ণ সাগর ও মর্মর উপসাগর<br>বিভক্ত: এশিয়া ও ইউরোপ। |

**Ans : D.**

**৭৬.** একটি লাল ফুলকে সবুজ আলোয় কোন রঙ দেখাবে?

A. কালো B. লাল
C. সবুজ D. হলুদ

ব্যাখ্যা: লাল ফুলকে সবুজ আলোয় রাখলে কালো দেখাবে। লাল ফুলের উপর সবুজ আলো পড়লে লাল ফুল তা শুষে নেয়। ফলে কোন রং এর আলোক রশ্মি প্রতিফলিত হয় না, এজন্য লালফুল সবুজ আলোয় কালো দেখাবে।

**Ans : A.**

**৭৭.** ইউক্রেনের নিকটবর্তী সাগর-

A. ইজিয়ান B. কাস্পিয়ান
C. লোহিত D. কৃষ্ণ

ব্যাখ্যা : কৃষ্ণ সাগর সম্পর্কিত তথ্য:
- কৃষ্ণ সাগর আটলান্টিক মহাসাগরের একটি প্রান্তীয় সাগর।
- কৃষ্ণ সাগর পূর্ব ইউরোপ ও পশ্চিম এশিয়াকে বিভক্ত করে।
- কৃষ্ণ সাগর ক্রার্চ প্রণালী দ্বারা আজভ সাগরের সাথে সংযুক্ত।
- ইউক্রেন কৃষ্ণ সাগরের নিকটবর্তী।
- এটি পূর্ব ইউরোপ, ককেসাস ও পশ্চিম এশিয়া দ্বারা বেষ্টিত।

**Ans : D.**

**৭৮.** ইসলামি সহযোগিতা সংস্থার সদস্য রাষ্ট্রের সংখ্যা-

A. ৫০ B. ৫৫
C. ৬৫ D. ৫৭

ব্যাখ্যা: OIC সম্পর্কিত তথ্য-

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| পরিচয় | মুসলিম দেশগুলোর রাজনৈতিক জোট |
| OIC | Organization of Islamic Co-operation |
| প্রতিষ্ঠা | মরক্কোর রাবাতে ১৯৬৯ সালে |
| সদস্য | ৫৭টি |
| সদর দপ্তর | জেদ্দা, সৌদি আরব |
| বাংলাদেশ সদস্য পদ লাভ করে | ২৩ ফেব্রুয়ারি, ১৯৭৪ সালে |
| অমুসলিম হয়েও সদস্য সংখ্যা | ৮টি দেশ |
| উদ্যোক্তা | মিশর |
| ভাষা | ৩টি (আরবি, ফরাসি ও ইংরেজি) |

**Ans : D.**

**৭৯.** $০.১১ \times ০.০১ = ?$

A. ০.০১১ B. ০.০০১
C. ০.০০১১ D. ০.০১১১

ব্যাখ্যা: $০.১১ \times ০.০১ = \frac{১১}{১০০} \times \frac{১}{১০০} = \frac{১১}{১০০০০} = ০.০০১১$

**Ans : C.**

**৮০.** উয়ারী-বটেশ্বরের সভ্যতা কত প্রাচীন?

A. ২৫০০ বছরের B. ২০০০ বছরের
C. ৩০০০ বছরের D. ৩৫০০ বছরের

ব্যাখ্যা : উয়ারী বটেশ্বর সম্পর্কিত তথ্য:

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| অবস্থান | নরসিংদীর বেলাব উপজেলার উয়ারী ও বটেশ্বর গ্রামে পুরাতন ব্রহ্মপুত্র নদ বা কয়রা নদীর তীরে। |
| নির্মাণকাল | ২৫০০ বছর আগে, ৪৫০ খ্রিষ্ট-পূর্বে। |
| বিখ্যাত | পুঁতি তৈরির জন্য। |
| জনসম্মুখে তুলে ধরেন | মুহাম্মদ হানিফ পাঠান নামের স্কুল শিক্ষক (১৯৩০ সালে)। |

**Ans : A.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
- বিজ্ঞান - A Unit
- বিজ্ঞান - D Unit
- মানবিক - B Unit
- মানবিক - C Unit
- বিবিএ ও আইবিএ - E Unit

2 in 1
ঢাকা বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত
পানকৌড়ি প্রশ্নব্যাংক এবং Written সাজেশন
- বিজ্ঞান - A Unit
- ব্যবসায় - C Unit
- মানবিক (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান) -B Unit
(বিগত ঢাবি 'D Unit' এর প্রশ্ন ও ব্যাখ্যা সংযোজিত)

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## ইউনিট : A (গ্রুপ-২)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০২১-২২

### বাংলা

**০১.** কোনটি অশুদ্ধ?
A. আকর্ষণ B. ঘ্রাণ
C. বিবরণ D. কান্ড

ব্যাখ্যা: কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| আকর্ষন | আকর্ষণ | ঘ্রান | ঘ্রাণ |
| বিবরন | বিবরণ | কান্ড | কাণ্ড |
| নিক্বন | নিক্বণ | ব্রাহ্মন | ব্রাহ্মণ |
| দোষনীয় | দূষণীয় | দর্পন | দর্পণ |

Ans : D.

**০২.** 'গণকবর' শব্দে 'গণ' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
A. সাধারণ B. বহুবচন
C. মানুষ D. বৃহৎ

ব্যাখ্যা : কতিপয় বহুবচনবাচক পদযোগে শব্দগঠন-
- গণ - সদস্যগণ, সচিবগণ, গণমানুষ, গণকবর।
- বৃন্দ - শিক্ষকবৃন্দ, দর্শকবৃন্দ।
- মণ্ডলী - সুধীমণ্ডলী, শিক্ষকমণ্ডলী, সম্পাদকমণ্ডলী।
- বর্গ - পণ্ডিতবর্গ, মন্ত্রীবর্গ।
- সব - ভাইসব, পাখিসব।
- আবলি - গ্রন্থাবলি, রচনাবলি।

Ans : B.

**০৩.** পূরণবাচক শব্দের উদাহরণ-
A. দ্বিতীয় B. দুই
C. চারজন D. দ্বিত্ব

ব্যাখ্যা : সংখ্যাবাচক শব্দ দুই প্রকার। যথা: ক্রমবাচক ও পূরণবাচক।
- একের পর এক যে সংখ্যাগুলো আসে, সেগুলো ক্রমবাচক সংখ্যাশব্দ। যেমন- ১ (এক), ২ (দুই), ৩ (তিন), ১৬ (ষোলো)।
- পূরণবাচক সংখ্যাশব্দ দিয়ে কোনো সংখ্যার ক্রমিক অবস্থান ও পরিমাণকে বোঝায়। যেমন- ১ম, ২য়, ৩য়, চতুর্থ, ষোড়শ ইত্যাদি।

Ans : A.

**০৪.** অনির্দিষ্টজ্ঞাপক শব্দ কোনগুলো?
A. যে, যিনি, যারা B. অন্য, অপর, পর
C. কোন, কেউ, কিছু D. ওই, উহা, উনি

ব্যাখ্যা : অনির্দিষ্ট বা পরিচয়হীন কিছু বোঝাতে যে সর্বনাম ব্যবহৃত হয়, তাকে অনির্দিষ্টতাবাচক সর্বনাম বলে। যথা: কেউ, কোথাও, কিছু, কোন ইত্যাদি।

Ans : C.

**০৫.** কোনটি পর্তুগীজ শব্দ?
A. আওয়াজ B. লুঙ্গি
C. টাকা D. পয়সা

ব্যাখ্যা: • 'টাকা' শব্দের উৎপত্তি সংস্কৃত 'টঙ্ক' থেকে। যার অর্থ- রৌপ্যমুদ্রা।
- 'পয়সা' ফার্সি ভাষা থেকে আগত একটি ঋণকৃত শব্দ।
- 'লুঙ্গি' হলো বার্মিজ শব্দ।
- 'আওয়াজ' ফারসি ভাষার শব্দ। এর অর্থ শব্দ বা ধ্বনি।

Ans : নাই।

**০৬.** স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ-
A. ফলা B. কার
C. ধাতু D. প্রত্যয়

ব্যাখ্যা: কতিপয় প্রয়োজনীয় তথ্য-
- স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলে - কার।
- বাংলায় কার চিহ্ন - ১০টি।
- ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলে - ফলা।
- বাংলায় ফলা চিহ্ন - ৬টি।
- ক্রিয়ার মূলকে বলে - ধাতু। যথা: কর, ধর, নে, খা, ল ইত্যাদি।
- ধাতু বা প্রাতিপদিকের পরে যে বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে প্রত্যয় বলে। যথা: দিন + ইক = দৈনিক।

Ans : B.

**০৭.** 'রেইনকোট' গল্পে রেইনকোটটি কার?
A. আব্দুস সাত্তার মৃধার B. ইসহাকের
C. নুরুল হুদার D. মিন্টুর

ব্যাখ্যা: 'রেইনকোট' গল্পের কতিপয় তথ্য-
- 'রেইনকোট' গল্পে রেইনকোটটি - মিন্টুর।
- মিন্টু নুরুল হুদার - শালা।
- নুরুল হুদা - ঢাকা কলেজের রসায়ন বিভাগের প্রভাষক।
- মিন্টু মুক্তিযুদ্ধে যায় - জুনের ২৩ তারিখে।
- জিওগ্রাফির প্রফেসর - আবদুস সাত্তার মৃধা।
- প্রিন্সিপ্যালের পিওন - ইসহাক মিয়া।
- উর্দুর প্রফেসর - আকবর সাজিদ।

Ans : D.

**০৮.** 'ঐকতান' কবিতায় কবি কী কুড়িয়ে আনেন?
A. ভিক্ষালব্ধ ধন B. আনন্দের ভোগ
C. চিত্রময়ী বর্ণনার বাণী D. বর্ণময় চিত্রকর্ম

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : C.

**০৯.** 'উত্তম' শব্দের সমার্থক নয়-
A. বরেণ্য B. উৎকৃষ্ট
C. অভিরুচি D. উপাদেয়

ব্যাখ্যা: 'উত্তম' শব্দের সমার্থক শব্দ - উৎকৃষ্ট, বরেণ্য, উপাদেয়, সেরা, ভালো, প্রকৃষ্ট, অতুলনীয়, শ্রেষ্ঠ ইত্যাদি।
- 'অভিরুচি' শব্দের সমার্থক শব্দ - ইচ্ছা, প্রবৃত্তি।

Ans : C.

**১০.** 'দহ' অর্থ-
A. খাদ B. জ্বালা C. যন্ত্রণা D. দহন

ব্যাখ্যা: 'দহ' শব্দের অর্থ - খাদ; হ্রদ; বদ্ধ জলাশয় প্রভৃতির অতলস্পর্শ অংশ; অগাধ জলপূর্ণ স্থান।

Ans: A.

**১১.** 'গণ্ডূষ' অর্থ-
A. এক কোষ জল B. গাল বেয়ে গড়িয়ে পড়া জল
C. এক আজলা জল D. ঘোলা জল

ব্যাখ্যা :'অপরিচিতা' গল্পের কতিপয় শব্দ:

| শব্দ | অর্থ |
|---|---|
| গণ্ডূষ | একমুখ বা এককোষ জল। |
| অন্তঃপুর | অন্দরমহল; ভেতরবাড়ি। |
| স্বয়ংবরা | যে মেয়ে নিজেই স্বামী নির্বাচন করে। |
| গুড়গুড়ি | আলবোলা, দীর্ঘ নলযুক্ত হুকাবিশেষ। |
| প্রজাপতি | জীবের স্রষ্টা; ব্রহ্মা; ইনি বিয়ের দেবতা। |

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১২.** 'অভ্যুদয়' এর সন্ধিবিচ্ছেদ-

A. অভি + উদয় B. অভি + দয়
C. অভি + উদয় D. অভ্য + উদয়

ব্যাখ্যা : স্বরসন্ধির কতিপয় নিয়ম:

| সূত্র/নিয়ম | উদাহরণ |
|---|---|
| ই/ঈ + অ/আ = য/য্য | অতি + অন্ত = অত্যন্ত; ইতি + আদি = ইত্যাদি। |
| ই/ঈ + উ/ঊ = য্/য্ | অতি + উক্তি = অত্যুক্তি; অভি + উদয় = অভ্যুদয়। |
| ই/ঈ + এ = যে | প্রতি + এক = প্রত্যেক। |

**Ans : A.**

**১৩.** 'সাক্ষী গোপাল' হলো-

A. অকাট্য সাক্ষী B. বড় ব্যক্তি
C. দুর্বল ব্যক্তি D. নিষ্ক্রিয় দর্শক

ব্যাখ্যা: কতিপয় বাগধারা ও ব্যাবহারিক অর্থ-

| বাগধারা | অর্থ | বাগধারা | অর্থ |
|---|---|---|---|
| স্বাক্ষী গোপাল | নিষ্ক্রিয় দর্শক | রাবণের চিতা | চির অশান্তি |
| রাহুর দশা | দুঃসময় | শাপে বর | অনিষ্টে ইষ্ট |
| হ-য-ব-র-ল | বিশৃঙ্খলা | শ্রীঘর | কারাগার |
| পগার পার | পালানো | মেনি মুখো | লাজুক |

**Ans : D.**

**১৪.** কর্তৃকারকে শূন্য বিভক্তির উদাহরণ-

A. ছাগলে কিনা খায় B. টাকায় টাকা আনে
C. আরিফ বই পড়ে D. ডাক্তার ডাক

ব্যাখ্যা : বাক্যে যে বা যারা ক্রিয়া সম্পাদন করে, তাকে কর্তৃকারক বা কর্তা বলে। যথা: আরিফ বই পড়ে। (কর্তায় শূন্য)
রেহনুমা ছবি আঁকে। (কর্তায় শূন্য)

**Ans : C.**

**১৫.** কোনটির লিঙ্গান্তর হয় না?

A. চৌধুরী B. ক্ষত্রিয়
C. নবীন D. কবিরাজ

ব্যাখ্যা : কতিপয় নিত্য পুরুষবাচক শব্দ: কবিরাজ, ঢাকী, কাজী, রাষ্ট্রপতি, কৃত্তিগীর, পুরোহিত, জামাতা, কৃতদার, অকৃতদার, যোদ্ধা, বিচারপতি, সেনাপতি ইত্যাদি।

**Ans : D.**

**১৬.** 'জানা উচিৎ' এর এককথায় প্রকাশ কী?

A. জিজ্ঞাসা B. জ্ঞাতব্য
C. অবগত D. জ্ঞাত

ব্যাখ্যা : কতিপয় এককথায় প্রকাশ:
- জানা উচিত - জ্ঞাতব্য।
- জানা নেই যা - অজানা/অজ্ঞাত।
- জানা আছে যা - জ্ঞাত।
- জানার ইচ্ছা - জিজ্ঞাসা।
- জানা যায় না যা - অজ্ঞেয়।
- জন্মেনি যে - অজ।
- জলে জন্মে যা - জলজ।

**Ans : B.**

**১৭.** 'প্রেম' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়-

A. প্রে + ম B. প্রিয় + এম
C. প্রিয় + ইমন D. প্রেম + অ + ব

ব্যাখ্যা : কতিপয় শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয়-

| শব্দ | প্রকৃতি + প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| প্রেম | প্রিয় + ইমন্ | তদ্ধিত প্রত্যয় |
| নীলিমা | নীল + ইমন্ | তদ্ধিত প্রত্যয় |
| সহিষ্ণু | √সহ্ + ইষ্ণু | কৃৎ প্রত্যয় |
| গ্রামীণ | গ্রাম + ঈন | তদ্ধিত প্রত্যয় |
| দর্শনীয় | √দৃশ্ + অনীয় | কৃৎ প্রত্যয় |

**Ans : C.**

**১৮.** কোনটি উপসর্গ নয়-

A. অতি B. অভি
C. অনু D. অপু

ব্যাখ্যা : উপসর্গ হলো এক প্রকারের অব্যয়সূচক শব্দাংশ, যা শব্দের আগে বা পূর্বে বসে নতুন শব্দ গঠন করে।
যেমন: অতি > অতিমান, অভি > অভিধান, অনু > অনুধাবন ইত্যাদি।

**Ans : D.**

**১৯.** 'বই-টই নিয়ে পড়তে বস।' এখানে 'বই-টই' কী?

A. যথাদ্বিরুক্তি B. অনুচর-দ্বিরুক্তি
C. সমার্থক দ্বিরুক্তি D. বিপরীতার্থক দ্বিরুক্তি

ব্যাখ্যা : পরপর প্রয়োগ হওয়া কাছাকাছি চেহারার শব্দকে অনুকার বা অনুচর দ্বিরুক্তি বলে। এতে প্রথম শব্দ অর্থ পূর্ণ হলেও প্রায় ক্ষেত্রে দ্বিতীয় শব্দটি অর্থহীন হয় এবং প্রথম শব্দের অনুকরণে তৈরি হয়।
যেমন: বই-টই, অঙ্ক-টঙ্ক, আম-টাম, গরু-টরু, চাকর-বাকর, এলোমেলো, ব্যাপার-স্যাপার ইত্যাদি।

**Ans : B.**

**২০.** 'মগজ' শব্দের প্রকৃত উচ্চারণ-

A. মোগজ B. মগোজ্
C. মগজ D. মোগোজ্

ব্যাখ্যা : কতিপয় শব্দের শুদ্ধ উচ্চারণ-

| প্রদত্ত শব্দ | উচ্চারণ | প্রদত্ত শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| মগজ | মগোজ্ | লবণ | লবোন্ |
| অজ | অজো | অতি | ওতি |
| গণিত | গোনিত্ | ঘটনা | ঘটোনা |
| ছন্দ | ছন্‌দো | ছোট | ছোটো |
| জননী | জনোনি | জন্ম | জন্‌মো |

**Ans : B.**

**২১.** "পাথর এবার হঠাৎ নড়ে।" 'লালসালু' উপন্যাসে এই 'পাথর' দ্বারা কাকে বুঝানো হয়েছে?

A. রহিমা B. জমিলা
C. মজিদ D. পীর সাহেব

ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাসের উদ্ধৃতি-
"রাত্রে বিছানায় শুয়ে মজিদ গম্ভীর হয়ে থাকে। রহিমা গা টেপে, কিন্তু টেপে যেন, আস্ত পাথর। অবশেষে মজিদকে সে প্রশ্ন করে- আপনার কী হইছে? মজিদ কিছু বলে না।
উত্তরের জন্য কতক্ষণ অপেক্ষা করে রহিমা হঠাৎ বলে,
-এক পির সাহেব আইছেন না হেই গেরামে, তানি নাকি মরা মাইনষেরে জিন্দা কইরা দেন?
-পাথর এবার হঠাৎ নড়ে, আবছা অন্ধকারে মজিদের চোখ জ্বলে ওঠে। ক্ষণকাল নীরব থেকে হঠাৎ কটমট করে তাকিয়ে সে প্রশ্ন করে,
-মরা মানুষ জিন্দা হয় ক্যামনে?"

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২২. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যের স্থান-
A. মিরজাফরের বাড়ি B. ফোর্ট উইলিয়াম দুর্গ
C. নবাবের দরবার D. ঘসেটি বেগমের বাড়ি

ব্যাখ্যা : 'সিরাজউদ্দৌলা' নাটকের ১ম অঙ্ক ও দৃশ্যবিন্যাস-

| অঙ্ক | দৃশ্য | সময়/তারিখ | স্থান |
|---|---|---|---|
| ১ম অঙ্ক | ১ম দৃশ্য | ১৯ জুন, ১৭৫৬ | ফোর্ট উইলিয়াম দুর্গ। |
| | ২য় দৃশ্য | ৩ জুলাই, ১৭৫৬ | কলকাতার ভাগীরথী নদীতে ফোর্ট উইলিয়াম জাহাজ। |
| | ৩য় দৃশ্য | ১০ অক্টোবর, ১৭৫৬ | ঘসেটি বেগমের বাড়ি। |

**Ans : B.**

২৩. 'গরু মাংস খায়'- বাক্যটি অশুদ্ধ কেন?
A. আসক্তির অভাব B. যোগ্যতার অভাব
C. অর্থ অস্পষ্ট D. পদবিন্যাসে ত্রুটি

ব্যাখ্যা: বাক্যের পদসমূহের অন্তর্গত ও ভাবগত মিলনবন্ধনকে যোগ্যতা বলে। যথা: 'গরু মাংস খায়'- এ বাক্যের সার্থক বাক্যের যোগ্যতা নেই। কারণ, গরু মাংস খায় না।
**Ans : B.**

২৪. অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকলে উভয় মিলে হয়-
A. এর B. আর C. র D. অর

ব্যাখ্যা : অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকলে উভয় মিলে 'অর্' হয় এবং 'ঋত' থাকলে 'আর' হয়।
যেমন- সপ্ত + ঋষি = সপ্তর্ষি, দেব + ঋষি = দেবর্ষি, মহা + ঋষি = মহর্ষি, রাজা + ঋষি = রাজর্ষি, ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত, শীত + ঋত = শীতার্ত।
**Ans : D.**

২৫. বিবর্তনের মাধ্যমে বাংলা লিপির উদ্ভব হয়েছে-
A. খরোষ্ঠী লিপি থেকে B. ব্রাহ্মী লিপি থেকে
C. দেবনাগরী লিপি থেকে D. ল্যাটিন লিপি থেকে

ব্যাখ্যা: বাংলা লিপির উদ্ভব হয়েছে ব্রাহ্মীলিপি থেকে। ব্রাহ্মীলিপির ৩টি রূপ। যথা: সারদা, নাগর, কুটিল। কুটিল রূপ থেকেই বাংলা লিপির জন্ম।
**Ans : B.**

২৬. 'চঞ্চল' এর স্ত্রী লিঙ্গ কী?
A. চঞ্চলমতি B. চঞ্চলময়ী
C. চঞ্চলবতী D. চঞ্চলা

ব্যাখ্যা : কতিপয় শব্দের লিঙ্গান্তর-

| পুং লিঙ্গ | স্ত্রী লিঙ্গ | পুং লিঙ্গ | স্ত্রী লিঙ্গ |
|---|---|---|---|
| চঞ্চল | চঞ্চলা | কনিষ্ঠ | কনিষ্ঠা |
| গুণবান | গুণবতী | মদ্দা | মাদি |
| তেজস্বী | তেজস্বিনী | কাঙাল | কাঙালিনী |
| ধোপা | ধোপানি | বেদে | বেদেনি |

**Ans : D.**

২৭. 'প্রধানমন্ত্রী' শব্দের 'প্রধান' ও 'মন্ত্রী' অংশ যুক্ত হয়-
A. সমাসের মাধ্যমে B. উপসর্গের মাধ্যমে
C. বিভক্তির মাধ্যমে D. প্রত্যয়ের মাধ্যমে

ব্যাখ্যা : একাধিক পদের একপদীকরণকে বলে - সমাস।
যথা: যিনি প্রধান তিনিই মন্ত্রী = প্রধানমন্ত্রী।
বাবা ও মা = বাবা-মা।
সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।
**Ans : A.**

২৮. 'কে তুমি? পার্সি? জৈন? ইহুদি? সাঁওতাল, ____ , গারো?
A. ভীল B. কোল C. মগ D. মুরং

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : A.**

## English

***Read the following passage and answer the questitons (29-32)***

Leadership should be among those who have no axe to grind. People should have leaders with straightforwardness, clear conception, feeling for the poor and above all, with patriotism and statesmanlike foresight. It is essential that the decision taken by the leaders must be for the interest of the majority of people. They must understand the political, economic and social conditions of the country and should never hesitate to take any stern action against any wrong, come what may. They should see that unpatriotic and anti-social elements do not get the upper hand. It is by the integrity that the leaders of a country shall be judged from time to time, not by their speeches only.

**29. A suitable title of the passage is-**
A. Qualities of Leadership
B. Types of Government
C. Democracy
D. Test of Leadership

ব্যাখ্যা: প্রদত্ত passage টিতে একজন leader এর কি কি গুণ থাকা উচিত সে বিষয়ে আলোকপাত করা হয়েছে। Leadership এর যে যে গুণ গুলো থাকলে দেশ ও সমাজের উপকার হয় সে বিষয়গুলো passage এ তুলে ধরা হয়েছে। তাই, passage এর title হবে: Qualities of Leadership।
**Ans : A.**

**30. According to the passage, leaders will be evaluated by their-**
A. uprightness B. words
C. charisma D. foresight

ব্যাখ্যা: Uprightness - ন্যায়পরায়ণতা।
Words - কথা।
Charisma - অনন্যসাধারণ প্রতিভা।
Foresight - দূরদর্শিতা।
Passage এর শেষের লাইনে বলা হয়েছে leaders দের মূল্যায়ন করা হবে তাদের integrity (ন্যায়পরায়ণতা/সাধুতা) দ্বারা। তাই, সঠিক উত্তর হবে Uprightness।
**Ans : A.**

**31. The phrase 'have no axe to grind' means-**
A. to have no personal reasons
B. to have personal reasons
C. selfishness
D. vested interests

ব্যাখ্যা: Have an axe to grind - to have a selfish reason স্বার্থপরতা (Selfishness)।
Have no axe to grind - to have no personal reasons/selflessness.
**Ans: A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**32. According to the passage, a leader's priority is to-**
A. alleviate poverty
B. rule the country strictly
C. promote equitable development
D. stand against unpatriotic and anti-social activities

ব্যাখ্যা: Passage এর শেষের দিকে উল্লেখ করা হয়েছে, দেশাত্মবোধশূন্য ও সমাজবিরোধী কাজকর্ম যাতে সমাজে না ঘটে সে বিষয়ে leader কে তদারকি করতে হবে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাই, leader এর priority হচ্ছে দেশাত্মবোধশূন্য ও সমাজবিরোধী কাজকর্মের বিরুদ্ধে অবস্থান করা।
**Ans : D.**

**33. Choose the correct passive form of 'All his friends laughed at him'**
A. He was laughed to all his friends.
B. He is laughed at by all his friends.
C. He had been laughed at by all his friends.
D. He was laughed at by all his friends.

ব্যাখ্যা: প্রদত্ত প্রশ্নটি Past Indefinite এ আছে, তাই Auxiliary verb হিসেবে passive এ was বসবে। Active এ group verb থাকলে passive এ group verb এর preposition টি বসে যাবে, এখানে laugh at হচ্ছে group verb তাই passive এ $V_3$ এর পর at বসবে by এর আগে। তারপর object বসবে।
**Active:** All his friends laughed at him.
**Passive:** He was laughed at by all his friends.
**Ans : D.**

**34. The father said to his sons, "Don't quarrel." The indirect form of the sentence is-**
A. The father forbade his sons to quarrel.
B. The father forbade his sons not to quarrel.
C. The father requested his sons not to quarrel.
D. The father told his sons not to quarrel.

ব্যাখ্যা: Imperative sentence এ Don't থাকলে said to এর পরিবর্তে forbade বসবে। তারপর obj বসবে এবং to + verb এর base form বসবে।
**Direct:** The father said to his sons, "Don't quarrel."
**Indirect:** The father forbade his sons to quarrel.
**Ans : A.**

**35. What is the masculine gender of 'mare'?**
A. stallion B. mermaid
C. dog D. boar

ব্যাখ্যা: Mare (ঘোটকী) ; Stallion (ঘোড়া)।
**গুরুত্বপূর্ণ কিছু Masculine ও Feminine gender:**

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Dog | Bitch | Buck | Doe |
| Boar | Sow | Colt | Filly |
| Don | Donna | Drake | Duck |
| Monk | Nun | Nephew | Niece |
| Hart | Hoe | Sir | Madam |

**Ans : A.**

**36. What is the plural form of the word 'radius'?**
A. radio B. raduim
C. radii D. radial

ব্যাখ্যা : Radius এর plural form হচ্ছে Radii/Radiuses।
**গুরুত্বপূর্ণ কিছু Singular ও Plural:**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Nucleus | Nuclei | Syllabus | Syllabi/ Syllabuses |
| Focus | Foci/Focuses | Locus | Loci |
| Calculus | Calculi | Stimulus | Stimuli |
| Alumnus | Alumni | | |

**Ans : C.**

**37. Choose the right spelling-**
A. cusine B. qusine
C. cuisine D. cuizine

ব্যাখ্যা: Cuisine - রন্ধনপ্রণালী।
**গুরুত্বপূর্ণ কিছু Spelling:**

| | | | |
|---|---|---|---|
| Gazette | Definition | Dysentery | Dialogue |
| Grievance | Ecstasy | Dilemma | Discipline |
| Gesture | Diarrhoea | Buffalo | Bouquet |
| Deceive | Embassy | Calendar | Bureaucrat |
| Desiccate | Disaster | | |

**Ans : C.**

**38. Translate into English 'এ বছর দেশে নজিরবিহীন বন্যা হয়েছে'-**
A. This year the country has witnessed a deluge.
B. This year the country has witnessed a great flood.
C. This year the country has witnessed an unprecedented flood.
D. This year the country has witnessed a record making flood.

ব্যাখ্যা: Unprecedented - নজিরবিহীন।
এ বছর দেশে নজিরবিহীন বন্যা হয়েছে- This year the country has witnessed an unprecedented flood.
**Ans : C.**

**39. I wish I __ Rajshahi.**
A. have lived B. had lived
C. lived D. will live

ব্যাখ্যা: **Structure:**
Sub + wish + (that) + { (i) Sub + could + verb এর base. (ii) Sub + verb এর past form. (iii) Sub + were + ...... }
**Ex:** I wish I could go there.
I wish I lived in Rajshahi.
I wish I were a doctor.
**Ans : C.**

**40. Thank you for your <u>hospitality</u>. The underlined word means-**
A. place of treatment
B. medical care
C. hospital facilities
D. friendly and generous behaviour

ব্যাখ্যা:
Hospitality - আতিথেয়তা/Friendly and generous behaviour.
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**41.** **'Luncheon' means-**
A. an elaborate meal B. a lunch party
C. a charity lunch D. a formal lunch

ব্যাখ্যা : Luncheon - মধ্যাহ্নভোজ(Formal lunch)।
**Ans : D.**

**42.** **My uncle arrived while I ___ the dinner.**
A. would cook B. had cooked
C. was cooking D. cook

ব্যাখ্যা: **Structure of while:** past indefinite + while + past continuous.
**Ex:** My uncle arrived while I was cooking the dinner.
**Structure of when:** Past continuous + when + past indefinite.
**Ex:** My father was watching TV when I arrived.
**Ans: C.**

**43.** **She is planning to sit ___ a test.**
A. on B. in
C. upon D. for

ব্যাখ্যা: Sit for / Sit / Appear at / Take / Give } পরীক্ষা দেওয়া।
**Ex:** She is planning to sit for a test.
**Ans : D.**

**44.** **Complete the test in ___ hour.**
A. a B. the
C. an D. no article

ব্যাখ্যা: কোন বাক্যে silent (অনুচ্চারিত) 'H' থাকলে article 'an' বসে।
**Ex:** Complete the test in an hour.
He is an honest man.
**Ans : C.**

**45.** **Find out the incorrect sentence-**
A. Did the post come this morning?
B. We are having a party tomorrow.
C. I work on Saturdays.
D. She is practising French since last summer.

ব্যাখ্যা: Option (D) ভুল কারণ, Since/For এর পর সময় থাকলে এবং অতীতে কোন কাজ শুরু হয়ে বর্তমানে চলছে বুঝালে Present perfect continuous tense হয়। সঠিক Sentence টি হবে- She has been practising French since last summer.
**Ans : D.**

**46.** **Could you please tell me when___ leaving?**
A. is the bus B. the bus is
C. does the bus D. has the bus been

ব্যাখ্যা: **Embedded question এর structure:**
(i) Sub + Verb + question word + sub + verb
**Ex:** I do not know where he lives.
(ii) Auxiliary + sub + verb + question word + sub + verb?
**Ex:** Could you please tell me when the bus is leaving?
প্রদত্ত প্রশ্নে Wh word এর পরে Sub + verb দেওয়া আছে Option 'B' তে। তাই, Option 'B' সঠিক।
**Ans : B.**

**47.** **You will come to visit me, ___?**
A. will you B. will not you
C. won't you D. wouldn't you

ব্যাখ্যা: You will come to visit me, won't you?
Tag Question এ প্রদত্ত বাক্য হ্যাঁ-বোধক হলে tag হয় না-বোধক। না-বোধক হলে tag হয় হ্যাঁ-বোধক। প্রশ্নের বাক্যটি হ্যাঁ-বোধক তাই tag হবে না-বোধক। আবার, tag এ সবসময় Auxiliary verb এর Contracted form (সংক্ষিপ্ত রূপ) বসে। Will not এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে won't। তাই, সঠিক উত্তর হবে won't you।
**Ans : C.**

**48.** **The word `reluctant' is opposed to-**
A. ignorant B. willing
C. incompetent D. competent

ব্যাখ্যা : Reluctant - অনিচ্ছুক। Ignorant - অজ্ঞ।
Incompetent - অযোগ্য। Willing - ইচ্ছুক।
Competent - যোগ্য।
**Reluctant এর গুরুত্বপূর্ণ কিছু Synonyms & Antonyms:**
**Synonyms:** Averse, Hesitant, Recalcitrant, Slack, Slow, Tardy, Uneager.
**Antonyms:** Willing, Eager, Enthusiastic, Keen, Inclined.
**Ans : B.**

**49.** **Synonym for 'pacify' is -**
A. suppress B. placate C. purify D. satisfy

ব্যাখ্যা: Pacify - শান্ত করা/প্রশমিত করা।
Suppress - দমন করা।
Placate - শান্ত করা।
Purify - শুদ্ধ করা/পরিশোধন করা।
Satisfy - সন্তুষ্ট করা।
**Pacify এর গুরুত্বপূর্ণ কিছু Synonyms & Antonyms:**
**Synonyms:** Placate, Allay, Mitigate, Silence, Soften, Tranquilize.
**Antonyms:** Aggravate, Provoke, Exite, Arouse, Agitate, Incite.
**Ans : B.**

**50.** **A drowning man clutches at a straw. The underlined word is-**
A. a gerund B. a participle
C. an infinitive D. none

ব্যাখ্যা: **Gerund:** Gerund হচ্ছে (V + ing) যা verb ও noun কাজ হিসেবে করে।
**Ex:** Travelling is my hobby.
sub (gerund)
**Present Participle:** Present Participle হচ্ছে (v + ing) যা verb ও Adjective হিসেবে কাজ করে। Adjective এর কাজ হচ্ছে Noun বা pronoun কে modify করা।
**Ex:** The flying bird is very beautiful.
pre.p N.
**Ex:** A drowning man clutches at a straw.
pre.p N.
প্রদত্ত প্রশ্নে man কে modify করেছে drowning (ডুবন্ত) যা adjective হিসেবে কাজ করেছে। তাই, drowning হচ্ছে present participle।
**Infinitive:** Infinitive হচ্ছে to + verb এর base form.
**Ex:** He works hard to shine in life.
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**51.** A person who draws maps is called a-
A. curator B. cartographer
C. surveyor D. calligrapher

ব্যাখ্যা: Cartographer - মানচিত্রকর/A person who draws maps.
Curator - যাদুঘরের কর্মাধ্যক্ষ/A person who is in charge of a museum.
Surveyor: জরিপকারী/A person who surveys.
Calligrapher: খোশনবিশ/চারুলিপিকর/A person who practises calligraphy, the art of writing beautifully with a special pen or brush.
Ans : B.

**52.** 'Bear' does not mean-
A. a big hairy animal B. carry an offspring in the womb
C. to tolerate D. a drink

ব্যাখ্যা: Bear - (i) ভালুক, (ii) জন্ম দেওয়া/সন্তান প্রসব করা, (iii) সহ্য করা।
Beer - বিয়ার(Alcoholic drink)
অর্থাৎ, Bear দিয়ে drink বুঝায় না। Beer হচ্ছে drink।
Ans : D.

**53.** To tell a lie is a great sin. We __ die than tell a lie.
A. have better B. would rather
C. should D. have to

ব্যাখ্যা: Would rather: দুটি কাজের মধ্যে একটি ভাল বুঝাতে would rather ব্যবহৃত হয়। Would rather ..... than ..... বসে।
Ex: We would rather die than tell a lie - আমাদের মিথ্যা বলার চেয়ে মরা ভাল।
Ans : B.

**54.** Brevity is the quality of being-
A. concise B. beautiful C. exciting D. lively

ব্যাখ্যা: Brevity - সংক্ষিপ্ততা। Concise - সংক্ষিপ্ত।
Beautiful - সুন্দর। Exciting - উত্তেজনাপূর্ণ।
Lively - প্রাণবন্ত/জীবন্ত।
Ex: Brevity is the quality of being concise.
Ans : A.

**55.** 'A narrative' is a form of writing that-
A. tells a story
B. gives features of something
C. argues for or against something
D. analyses a story

ব্যাখ্যা: Narrative - আখ্যান/বর্ণনা।
Ex: Narrative is a form of writing that tells a story.
Reference: (thoughtco.com থেকে হুবহু দিয়েছে)
Ans : A.

**56.** I could be a good cricketer-
A. if I have practised a lot B. if I practise a lot
C. if I practised a lot D. if I had practised a lot

ব্যাখ্যা : Second Conditional:
(i) If + Past indefinite + Sub + would/could/should/might + verb এর base form.
Ex: If I practised a lot, I could be a good cricketer.
Past Ind.
(ii) If + Sub + were + .... + sub + would/could/should/might + verb এর base form.
Ex: If I were a king, I would help the poor.
Note: Unreal past এ sub যাই হোক না কেন verb হবে were
Ans: C.

## সাধারণ জ্ঞান

**৫৭.** পদ্মা বহুমুখী সেতুর প্রস্থ কত মিটার?
A. ২১.১০ B. ১৯.১০
C. ২০.১০ D. ১৮.১০

ব্যাখ্যা : পদ্মা সেতু সম্পর্কিত অন্যান্য তথ্য-

| বিষয় | তথ্য | বিষয় | তথ্য |
|---|---|---|---|
| নাম | পদ্মা বহুমুখী সেতু | পিলার | ৪২টি |
| ধরন | দো তলা | স্প্যান | ৪১টি |
| অর্থের উৎস | নিজস্ব তহবিল | মোট খরচ | ৩০,১৯৩ কোটি টাকা |
| স্থান | মুন্সিগঞ্জ - ফরিদপুর - শরিয়তপুর | উদ্বোধন | ২৫ জুন, ২০২২ |
| দৈর্ঘ্য | ৬.১৫ কি.মি. | যান চলাচল চালু | ২৬ জুন, ২০২২ |
| প্রস্থ | ১৮.১০ মিটার | সংযোগ সড়ক সহ দৈর্ঘ্য | ৯.৮৩ কি.মি |

Ans : D.

**৫৮.** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রথম 'বঙ্গবন্ধু চেয়ার' অধ্যাপক-
A. অরুণ কুমার বসাক B. মুনতাসীর মামুন
C. সনৎকুমার সাহা D. হাসান আজিজুল হক

ব্যাখ্যা : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১ম 'বঙ্গবন্ধু চেয়ার' অধ্যাপকসমূহ:

| বিশ্ববিদ্যালয়ের নাম | অধ্যাপক এর নাম |
|---|---|
| ঢাকা বিশ্ববিদ্যালয় | |
| চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | ইফতেখার উদ্দিন চৌধুরী |
| রাজশাহী বিশ্ববিদ্যালয় | অধ্যাপক সনৎকুমার সাহা |

Ans : C.

**৫৯.** 'জারিগান' কোন অঞ্চলের লোকগীতি?
A. চট্টগ্রাম B. রংপুর
C. খুলনা D. ঢাকা

ব্যাখ্যা : বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের লোকসঙ্গীত:

| নাম | স্থান |
|---|---|
| জারি গান | ঢাকা ও ময়মনসিংহ। |
| গম্ভীরা গান | বৃহত্তর রাজশাহী বা চাঁপাইনবাবগঞ্জ অঞ্চলের গান। |
| সারি গান | সিলেট ও ময়মনসিংহ সহ ভাটি অঞ্চলের গান। |
| ভাওয়াইয়া ও চটকা | রংপুর অঞ্চলের গান। |
| ভাটিয়ালী, পালা ও লেটো গান | ময়মনসিংহ অঞ্চলের গান। |

Ans : D.

**৬০.** '#Me Too' আন্দোলন কিসের বিরুদ্ধে?
A. নারী নির্যাতন B. শিশু নির্যাতন
C. পারিবারিক নির্যাতন D. যৌন নির্যাতন

ব্যাখ্যা : '#Me Too' আন্দোলন সম্পর্কিত তথ্য:
- যৌন নিপীড়ন থেকে বেঁচে যাওয়া তারনা বার্কের দ্বারা আরম্ভ।
- ২০০৬ সালে 'মাইস্পেস' নামক সোশ্যাল মিডিয়াতে ব্যবহৃত হয়।
- ২০১৭ সালে হ্যাশট্যাগ হিসেবে ভাইরালভাবে ছড়িয়ে পড়ে।
- উদ্দেশ্য: সহানুভূতির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন করা।

Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৬১.** প্রত্যাশিত গড় আয়ুষ্কালে বাংলাদেশ সম্প্রতি কোন দু'টি দেশকে ছাড়িয়ে গেছে?

A. মালদ্বীপ ও ভুটান  B. শ্রীলংকা ও ভুটান
C. ভারত ও পাকিস্তান  D. মালদ্বীপ ও নেপাল

ব্যাখ্যাঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্ট (২০২২) মতে ৭৪ বছর ৩ মাস, ভারতের ৬৯ বছর, পাকিস্তান ৬৭.৭৯ বছর, নেপাল ৭১.৭৪ বছর এবং ভুটান ৭২.৭৭ বছর।

**Ans : C.**

**৬২.** 'জলবায়ু কন্যা' গ্রেটা থুনবার্গ কোন দেশের নাগরিক?

A. নেদারল্যান্ডস  B. সুইডেন
C. ফিনল্যান্ড  D. কানাডা

ব্যাখ্যা : গ্রেটা থুনবার্গ ও পরিবেশ আন্দোলন:

| বিষয় | ব্যাখ্যা |
|---|---|
| পরিচয় | গ্রেটা থুনবার্গ ১৬ বছরের সুইডিশ কিশোরী |
| উপাধি | 'জলবায়ু কন্যা' বা পরিবেশ কন্যা |
| আন্দোলনের নাম | 'Friday For Future' |
| আন্দোলনের মূলনীতি | স্কুল থেকে পরিবেশ আগে |

**Ans : B.**

**৬৩.** ২০২২ সালে বাংলা একাডেমি রবীন্দ্র পুরস্কার লাভ করেন কে?

A. অধ্যাপক সিদ্দিকা মাহমুদা
B. অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ
C. কথাসাহিত্যিক সেলিনা হোসেন
D. কেউই না

ব্যাখ্যা : এক নজরে বাংলা একাডেমি পুরস্কার - ২০২২:

| ক্যাটাগরি | সাহিত্যিক এর নাম |
|---|---|
| রবীন্দ্র পুরস্কার | অধ্যাপক সিদ্দিকা মাহমুদা |
| নজরুল পুরস্কার | অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী |
| কবিতায় | আসাদ মান্নাহ ও বিমল গুহ |
| কথা সাহিত্যে | ঝর্না রহশন ও বিশ্বজিৎ চৌধুরী |
| মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণায় | পান্না কায়সার |

**Ans : A.**

**৬৪.** IMEI-এর পূর্ণরূপ-

A. Identity of Mobile Equipment Inquiry.
B. International Mobile Equipment Identity.
C. Internal Mobile Equipment Identity.
D. Interior Mobile Equipment Identity.

ব্যাখ্যা : তথ্য প্রযুক্তি সম্পর্কিত তথ্যের সংক্ষেপণসমূহ-

- IMEI - International Mobile Equipment Identity.
- SIM - Subscriber Identity Module.
- ESIM - Embedded Subscriber Identity Module.
- GPS - Global Positioning System.
- GPRS - General Packet Radio Service.

**Ans : B.**

**৬৫.** সিন্ধু সভ্যতা ধ্বংস হয়-

A. ২৫০০ খ্রিষ্টপূর্বাব্দে  B. ২০০০ খ্রিষ্টপূর্বাব্দে
C. ১৫০০ খ্রিষ্টপূর্বাব্দে  D. ১০০০ খ্রিষ্টপূর্বাব্দে

ব্যাখ্যা : বিভিন্ন সভ্যতার সময়কাল-

| সভ্যতার নাম | সময়কাল |
|---|---|
| সিন্ধু সভ্যতা | খ্রিস্টপূর্ব ৩৫০০ অব্দ থেকে খ্রিস্টপূর্ব ১৫০০ অব্দ পর্যন্ত |
| মিশরীয় সভ্যতা | খ্রিস্টপূর্ব ৪০০০ অব্দে |
| মেসোপটেমীয় সভ্যতা | খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে বা তার আগে |
| সুমেরীয় সভ্যতা | খ্রিস্টপূর্ব ৪০০০ অব্দে |
| ব্যাবিলনীয় সভ্যতা | আনুমানিক ২০৫০ খ্রিস্টপূর্বে |
| পারস্য সভ্যতা | খ্রিস্টপূর্ব ২০০০ - ৬০০ অব্দের মধ্যে |
| গ্রীক সভ্যতা | (১৩০০ - ১২০০) খ্রিস্টপূর্বাব্দে |
| মায়া সভ্যতা | খ্রিস্টপূর্ব ১০০০ অব্দে |

**Ans : C.**

**৬৬.** বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে প্রথম শহীদ বুদ্ধিজীবী-

A. ড. মুনীর চৌধুরী  B. ড. গোবিন্দ চন্দ্র দেব
C. ড. সৈয়দ মুহম্মদ শামসুজ্জোহা  D. ড. আনোয়ার পাশা

ব্যাখ্যা : প্রথম শহীদ বুদ্ধিজীবী ও অন্যান্য তথ্য-

- স্বাধীনতা সংগ্রামে প্রথম শহীদ বুদ্ধিজীবী ড. সৈয়দ মুহম্মদ শামসুজ্জোহা।
- তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও শাহ মখদুম হলের প্রাধ্যক্ষ ছিলেন।
- গণঅভ্যুত্থানের প্রথম শহীদ মোহাম্মদ আসাদুজ্জামান (আসাদ)।
- তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র ছিলেন।
- বুদ্ধিজীবীদের মধ্যে নিহত একমাত্র দার্শনিক ছিলেন ড. গোবিন্দ চন্দ্র দেব।

**Ans : C.**

**৬৭.** বাংলাদেশ সংবিধানের কত অনুচ্ছেদে মহামান্য রাষ্ট্রপতিকে ক্ষমা প্রদর্শনের অধিকার প্রদান করা হয়েছে?

A. ৫০  B. ৪৯
C. ৪৮  D. ৫১

ব্যাখ্যা : রাষ্ট্রপতি সংক্রান্ত গুরুত্বপূর্ণ ধারা সমূহ:

- ৪৮(৪) রাষ্ট্রপতি হবার অযোগ্যতা।
- ৪৯ নং - ক্ষমা প্রদর্শনের অধিকার।
- ৫০ নং - রাষ্ট্রপতি পদের মেয়াদ।
- ৫১ নং - রাষ্ট্রপতির দায়মুক্তি।
- ৫২ নং - রাষ্ট্রপতির অভিশংসন।

**Ans : B.**

**৬৮.** 'মুসলিম পারিবারিক আইন' কত সালে প্রণীত হয়?

A. ১৯৫১  B. ১৯৬১
C. ১৯৬০  D. ১৯৫৫

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ আইন ও সাল সমূহ:

| আইনের নাম | সাল |
|---|---|
| মুসলিম পারিবারিক আইন | ১৯৬১ সাল |
| নারী ও শিশু নির্যাতন দমন আইন | ২০০০ সাল |
| মানিলন্ডারিং প্রতিরোধ আইন | ২০০২ সাল |
| সন্ত্রাস বিরোধী আইন | ২০০৯ সাল |
| দেওলিয়া আইন | ১৯৯৭ সাল |

**Ans : B.**

**৬৯.** 'গরুর গাড়ি' চিত্রকর্মটি কার?

A. হাশেম খান  B. কামরুল হাসান
C. জয়নুল আবেদিন  D. এস এম সুলতান

ব্যাখ্যা : বিভিন্ন চিত্রশিল্পীদের চিত্রকর্ম:

| চিত্রশিল্পীর নাম | চিত্রকর্মের নাম |
|---|---|
| জয়নুল আবেদীন | গরুর গাড়ি, ম্যাডোনা ৪৩, সংগ্রাম, নবান্ন, মনপুরা ৭০, সাঁওতাল রমনী, গায়ের বধূ। |
| পটুয়া কামরুল হাসান | এই জানোয়ারদের হত্যা করতে হবে, দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে, তিন কন্যা, নাইওর। |
| এস. এম সুলতান | হত্যাযজ্ঞ, চর দখল, জমি কর্ষণ, যাত্রা, ধান মাড়াই, পৃথিবীর মানচিত্র। |

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৭০.** 'হুসেনী দালান' নির্মাণ করেন-
A. শায়েস্তা খান B. শাহ মোহাম্মদ আজম
C. সুবাদার ইসলাম খান D. মীর মুরাদ

ব্যাখ্যা : মুঘল শাসনামলের বিভিন্ন স্থাপন ও নির্মাণকারীর নাম:

| নির্মাণকারীর নাম | স্থাপনার নাম |
|---|---|
| মীর মুরাদ | 'হুসেনী দালান' |
| শাহ সুজা | বড় কাটরা |
| ইসলাম খান | ধোলাইখাল খনন করেন |
| মীর জুমলা | ঢাকা গেইট |
| শায়েস্তা খান | সাত গম্বুজ মসজিদ, ছোট কাটরা, লালবাগ দূর্গ |

Ans : D.

**৭১.** আগামীকালের পরের দিন শনিবার হলে গতকালের তিনদিন আগে ছিল-
A. শুক্রবার B. সোমবার
C. শনিবার D. রবিবার

Ans : D.

**৭২.** স্পেনের স্বাধীনতাকামী প্রদেশ-
A. কাতালোনিয়া B. মালাগা
C. গ্রানাডা D. আলমেরিয়া

ব্যাখ্যা : কাতালোনিয়া নিয়ে অন্যান্য তথ্য:
- কাতালোনিয়া স্পেনের একটি প্রদেশ।
- অফিসিয়াল ভাষা কাতালান ও স্পেনিশ।
- সর্বশেষ ২০১৭ সালে কাতালিয়ানরা স্বাধীনতা আন্দোলন করে।

Ans : A.

**৭৩.** 'চর্যাগীতি'র রচয়িতা-
A. কাহ্নপা B. কৃত্তিবাস
C. চন্দ্রাবতী D. হেমচন্দ্র

ব্যাখ্যা : চর্যাপদ সম্পর্কিত তথ্য:
- সময়কাল: (৬৫০ - ১২০০) → ডঃ মুহম্মদ শহীদুল্লার মতে।
  (৯৫০ - ১২০০) → সুনীতিকুমার চট্টোপাধ্যায় এর মতে।
- আবিষ্কার: ১৯০৭ সালে নেপালের রাজ গ্রন্থশালা থেকে।
- আবিষ্কারক: মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী।
- প্রকাশ কাল ও নাম: ১১৯৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে "হাজার বছরের পুরান বাঙ্গালা ভাষায় বৌদ্ধ গান ও দোহা" নামে প্রকাশিত হয়।
- পদ/গান সংখ্যা: ৫১টি কিন্তু পদ পাওয়া গেছে সাড়ে ছেচল্লিশটি।
- কবির সংখ্যা: ২৪জন।

❑ উল্লেখযোগ্য কবি বা পদকর্তা:
- লুই পা (আদি কবি)।
- কাহ্নপা (সবচেয়ে বেশি পদ রচয়িতা)।
- ভুসুক পা (বাঙালি কবি)।
- সরহ পা।
- কুক্কুরী পা।

Ans : A.

**৭৪.** সার্ক-এর সদর দপ্তর কোথায়?
A. কাঠমান্ডু B. দিল্লী
C. কলম্বো D. মালে

ব্যাখ্যা : সার্ক সম্পর্কিত তথ্য:
- পূর্ণরূপ: South Asian Association for Regional Co-operation (SAARC)।
- প্রতিষ্ঠা: ৮ ডিসেম্বর, ১৯৮৫।
- উদ্যোক্তা: বাংলাদেশ।
- সদস্য: ৮টি দেশ।
- পর্যবেক্ষক: ৯টি দেশ।
- আঞ্চলিক কেন্দ্রসমূহ: (গুরত্বপূর্ণসমূহ)

| কেন্দ্রের নাম | অবস্থান |
|---|---|
| বৃষ্টি বিষয়ক কেন্দ্র | ঢাকা, বাংলাদেশ |
| আবহাওয়া গবেষণা কেন্দ্র | ঢাকা, বাংলাদেশ |
| দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র | গুজরাট, ভারত |
| সংস্কৃতিক কেন্দ্র | শ্রীলংকা |

Ans : A.

**৭৫.** রক্তে অক্সিজেনের মাত্রা পরিমাপক যন্ত্রের নাম-
A. হাইড্রোমিটার B. ওডোমিটার
C. পাল্স অক্সিমিটার D. পাল্স ম্যানোমিটার

ব্যাখ্যা : বিভিন্ন পরিমাপক যন্ত্রের নামসমূহ:

| পরিমাপক যন্ত্রের নাম | পরিমাপের বিষয় |
|---|---|
| পাল্স অক্সিমিটার | রক্তে অক্সিজেনের মাত্রা পরিমাপ করে। |
| স্ফিগমোম্যানোমিটার | রক্তচাপ পরিমাপ করে। |
| থার্মোমিটার | শরীরের তাপমাত্রা পরিমাপ করে। |
| স্টেথোস্কোপ | হৃদস্পন্দন পরিমাপের যন্ত্র। |

Ans : C.

**৭৬.** ভারতের গোলাপী শহর-
A. জয়পুর B. দার্জিলিং
C. মানালী D. আগ্রা

ব্যাখ্যা : ইন্ডিয়ার বিভিন্ন শহর এর রং ভিত্তিক নাম:

| রংভিত্তিক নাম | শহরের নাম |
|---|---|
| গোলাপী শহর | জয়পুর |
| নীল শহর | যোধপুর |
| সাদা শহর | উদয়পুর |
| রূপালি শহর | কটক |
| সবুজ শহর | চন্ডীগড় |
| কমলা শহর | নাগপুর |

Ans : A.

**৭৭.** বীর প্রতীক কাঁকন বিবি কোন সম্প্রদায়ের?
A. রাখাইন B. খাসিয়া
C. সাঁওতাল D. গারো

ব্যাখ্যা : খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা:

| খেতাব | সংখ্যা |
|---|---|
| বীর শ্রেষ্ঠ | ৭ জন |
| বীর উত্তম | ৬৭ জন |
| বীর বিক্রম | ১৭৪ জন |
| বীর প্রতীক | ৪২৪ জন |
| মোট | ৬৭২ জন |

[বর্তমানে মুক্তিযুদ্ধে 'বীর উত্তম' খেতাব প্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ৬৭ জন। কিন্তু প্রশ্নে যদি বলা হয় যে, 'বীর উত্তম' খেতাব প্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা কতজন? বা ১৫ ডিসেম্বর ১৯৭৩ সালের গেজেট অনুযায়ী কতজন? তাহলে উত্তর হবে ৬৮৮ জন]
উল্লেখ্য, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদান রাখার জন্যে ৬৭৬ জনকে রাষ্ট্রীয় খেতাব দিয়ে গেজেট প্রকাশ করা হয়েছিল ১৫ ডিসেম্বর, ১৯৭৬ সালে।

Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৭৮.** মুজিবনগর সরকারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন-
A. সৈয়দ নজরুল ইসলাম B. তাজউদ্দীন আহমদ
C. এম মনসুর আলী D. এ এইচ এম কামারুজ্জামান

ব্যাখ্যা : মুজিবনগর সরকারের মন্ত্রীদের নাম ও পদবী-
- সরকারের প্রধান ছিলেন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- সরকারের সদস্য ছিলেন: ৬ জন।
- রাজধানী: মুজিবনগর।
- প্রতিষ্ঠিত হয়: ১০ এপ্রিল, ১৯৭১।
- শপথ গ্রহণ / মুজিবনগর সরকার দিবস: ১৭ এপ্রিল, ১৯৭১।

| মুজিবনগর সরকারের মন্ত্রীসভা | |
|---|---|
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি ও মুক্তিযুদ্ধ ও সশস্ত্রবাহিনীর সর্বাধিনায়ক |
| সৈয়দ নজরুল ইসলাম | উপরাষ্ট্রপতি/অস্থায়ী রাষ্ট্রপতি |
| তাজউদ্দিন আহমেদ | প্রধানমন্ত্রী |
| এম. মনসুর আলী | অর্থমন্ত্রী (অর্থ, জাতীয় রাজস্ব, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়) |
| এ এইচ এম কামারুজ্জামান | স্বরাষ্ট্রমন্ত্রী |
| খন্দকার মোশতাক আহমেদ | পররাষ্ট্র, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর মন্ত্রী। |

Ans : D.

**৭৯.** জনশুমারি ও গৃহগণনা ২০২২ শুরু হয়-
A. ১৫ জুন B. ১৬ জুন
C. ১৭ জুন D. ১৪ জুন

ব্যাখ্যা: বাংলাদেশের ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা : (২০২২)
- কত তম : ষষ্ঠ।
- সময়কাল : ১৫-২১ জুন, ২০২২ ইং।
- স্লোগান : জনশুমারি আয়োজন, সমৃদ্ধি ও উন্নয়ন।
- প্রতিপাদ্য : জনশুমারিতে তথ্য দিন, পরিকল্পিত উন্নয়নে অংশ নিন।
- পরিচালনা করে : পরিকল্পনা মন্ত্রণালয়।
- জনশুমারি পরিচালনা করে : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
- কারিগরি সহায়তা দিয়েছে : মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা (নাসা)।
- জনশুমারিতে ব্যবহার করা হয়: GIS MAP (Geographical Information System MAP).
- বাংলাদেশের বর্তমান জনসংখ্যা : ১৬ কোটি ৫১ লাখ ৫৮ হাজার ৬১৬ জন।
- পুরুষের সংখ্যা : ৮ কোটি ১৭ লাখ ১২ হাজার ৮২৪।
- নারীর সংখ্যা : ৮ কোটি ৩৩ লাখ ৪৭ হাজার ২০৬।
- পুরুষ ও নারীর অনুপাত : ৯৮ ঃ ১০০।
- তৃতীয় লিঙ্গের সংখ্যা (হিজড়া) : ১২,৬২৯ জন।
- মোট ক্ষুদ্র নৃ-গোষ্ঠী : ১৬,৫০,১৫৯ জন।
- গত এক দশকে দেশে জনসংখ্যা বেড়েছে : ২ কোটি ১১ লাখ ১৪ হাজার ৯১৯ জন।
- প্রতি বর্গ কিলোমিটারে বাস করে : ১,১১৯ জন।
- প্রতি বর্গ মাইলে বাস করে : ২,৫২৮ জন।
- জন সংখ্যা বৃদ্ধির হার : ১.২২%
- মুসলমানের সংখ্যা : ৯১.০৪%
- সনাতন ধর্মাবলম্বীদের সংখ্যা : ৭.৯৫%
- বৌদ্ধদের সংখ্যা : ০.৬১%
- খ্রিস্টানদের সংখ্যা : ০.৩০%
- অন্যান্য ধর্মাবলম্বীদের সংখ্যা : ০.১২%
- স্বাক্ষরতার হার : ৭৪.৬৬%
- ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা : ৩০.৬৮%
- সামগ্রিক কার্যক্রম সম্পন্ন হবে : ৪টি পর্যায়ে।
- তথ্য সংগ্রহ করা হয় : ৩৫ ধরনের।
- ৩৫ ধরনের তথ্যের মধ্যে এসডিজি-এর : ১৭টি সূচকের ৯টির সূচক আছে।
- বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় : ১৯৭৪ সালে।
- বাংলাদেশের পরবর্তী / ৭ম জনশুমারি হবে : ২০৩১ সালে।
- বাংলাদেশে কয়টি জনশুমারি হয়েছে: ৬টি।
- জাতিসংঘের গাইডলাইন অনুযায়ী জনশুমারিতে গণনা অনুসরণ করা হয়- ৩টি পদ্ধতি। ৩টি পদ্ধতি হলো-
(i) De Facto Method.
(ii) De Jure Method.
(ii) Modified De Facto Method.
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জনশুমারি ও গৃহগণনা - ২০২২ পরিচালনা করে - Modified De Facto Method - এ।

Ans : A.

**৮০.** বাংলাদেশ ওআইসি-এর সদস্যপদ লাভ করে কত সালে?
A. ১৯৭৪ B. ১৯৭২
C. ১৯৭৩ D. ১৯৭৫

ব্যাখ্যা : বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠান এর সদস্যপদ এর তারিখ:

| সংস্থার নাম | সদস্যভুক্তির তারিখ |
|---|---|
| কমন ওয়েলথ (৩৪তম সদস্য) [১ম কোনো সংস্থার সদস্যপদ লাভ] | ১৮ এপ্রিল, ১৯৭২ |
| বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) [UN ভুক্ত প্রথম] | ১৭ মে, ১৯৭২ |
| আন্তর্জাতিক অর্থ তহবিল (IMF) ও বিশ্ব ব্যাংক (WB) | ১৭ আগস্ট, ১৯৭২ |
| এশিয়ান উন্নয়ন ব্যাংক, এসকাপ (ESCAP) জোট নিরপেক্ষ আন্দোলন (NAM) | ১৯৭৩ |
| ইসলামি সম্মেলন সংস্থা (ওআইসি) (৩২তম) | ২২ ফেব্রুয়ারি, ১৯৭৪ |
| জাতিসংঘ [১৩৬তম সদস্য] | ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ |
| বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) | ১ জানুয়ারি, ১৯৯৫ |

Ans : A.

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
রাজশাহী বিশ্ববিদ্যালয় -এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - C-Unit ♦ মানবিক - A Unit
♦ ব্যবসায় - B Unit
♦ বিবিএ ও আইবিএ (অবাণিজ্য) - B Unit

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A-Unit ♦ মানবিক - B+D Unit
♦ ব্যবসায় - C Unit

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## ইউনিট : A (গ্রুপ-৩)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০২১-২২

## বাংলা

**০১.** সঠিক বানান-

A. ধরিত্রি
B. দরুণ
C. বরন
D. গন্য

ব্যাখ্যা : কতিপয় শব্দের 'অশুদ্ধ ও শুদ্ধরূপ'-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ধরিত্রি | ধরিত্রী | দরুণ | দরুন |
| বরণ | বরন | গন্য | গণ্য |
| কৃষানী | কৃষাণী | বিশেষন | বিশেষণ |
| ধরনি | ধরণী | অথিতি | অতিথি |

• বর্ণ>বরন। এখানে 'বরন' বর্ণের তদ্ভব রূপ। ব্যতিক্রম - বর্ষবরণ, নবীনবরণ ইত্যাদি।

**Ans : C.**

**০২.** কবি আহসান হাবীব-এর জন্মস্থান-

A. বরিশাল
B. পটুয়াখালী
C. পিরোজপুর
D. বাগেরহাট

ব্যাখ্যা : আহসান হাবীব সম্পর্কিত কতিপয় তথ্য:

| | |
|---|---|
| জন্ম | বৃহত্তর বরিশালের পিরোজপুর জেলার শঙ্করপাশা গ্রামে, ১৯১৭ সালে। |
| পিতা | হামিজুদ্দিন হাওলাদার। |
| মাতা | জমিলা খাতুন। |
| পেশা | সাংবাদিকতা। |
| সম্পাদক | 'দৈনিক বাংলা' পত্রিকা (তৎকালীন 'দৈনিক পাকিস্তান') |
| কাব্যগ্রন্থ | রাত্রিশেষ, ছায়া-হরিণ, সারা দুপুর, মেঘ বলে চৈত্রে যাবো, দুই হাতে দুই আদিম পাথর, বিদীর্ণ দর্পণে মুখ প্রভৃতি। |
| মৃত্যু | ১০ জুলাই, ১৯৮৫। |

**Ans : C.**

**০৩.** 'মনমাঝি' শব্দটির সঠিক ব্যাসবাক্য-

A. মন ও মাঝি
B. মন মাঝির ন্যায়
C. মন রূপ মাঝি
D. মন যে মাঝি

ব্যাখ্যা : 'মন রূপ মাঝি = মনমাঝি'; 'রূপ' থাকলে রূপক কর্মধারয় সমাস হয়। এরূপ- বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু।
বিদ্যা রূপ ধন = বিদ্যাধন।

**Ans : C.**

**০৪.** 'হরিৎ' শব্দের অর্থ-

A. হলুদ
B. সবুজ
C. লাল
D. নীল

ব্যাখ্যা : 'হরিৎ' শব্দের অর্থ - সবুজবর্ণ; নীল ও পীতের মিশ্রিত বর্ণ। উচ্চারণ হোরিত্।

**Ans : B.**

**০৫.** 'চতুষ্কোণ' এর সন্ধিবিচ্ছেদ-

A. চতুঃ + কোণ
B. চতুষ + কোণ
C. চতুর + কোণ
D. চতু + কোণ

ব্যাখ্যা: বিসর্গ সন্ধির কতিপয় নিয়ম-

| নিয়ম | উদাহরণ |
|---|---|
| ই/উঃ + ক,খ,প,ফ = ষ | আবিঃ + কার = আবিষ্কার। নিঃ + ফল = নিষ্ফল। চতুঃ + কোণ = চতুষ্কোণ। |
| অ/আঃ + ক,খ,প,ফ = স | তিরঃ + কার = তিরস্কার। পুরঃ + কার = পুরস্কার। ভাঃ + কর = ভাস্কর। |
| ঃ + ত = স | ইতঃ + ততঃ = ইতস্তত। মনঃ + তাপ = মনস্তাপ। |

**Ans : A.**

**০৬.** 'শুক্রবার স্কুল ছুটি।' এখানে 'শুক্রবার'-

A. কর্মকারকে ২য়া বিভক্তি
B. করণ কারকে শূন্য বিভক্তি
C. অধিকরণ কারকে শূন্য বিভক্তি
D. কর্তৃকারকে ১মা বিভক্তি

ব্যাখ্যা : ক্রিয়া সম্পাদনের সময় ও আধারকে অধিকরণ কারক বলে।
যথা: শুক্রবার স্কুল বন্ধ।
ঘাটে নৌকা বাঁধা আছে।

**Ans : C.**

**০৭.** কোন বাগধারাটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত হয়?

A. উড়নচণ্ডী
B. আটকপালে
C. ছা-পোষা
D. ভূশণ্ডির কাক

ব্যাখ্যা : কতিপয় বাগধারা ও তাদের অর্থ-

| বাগধারা | অর্থ | বাগধারা | অর্থ |
|---|---|---|---|
| উড়নচণ্ডী | অমিতব্যয়ী | আটকপালে | হতভাগ্য |
| ছা-পোষা | বহু সন্তান পালনে ভারাক্রান্ত | ভূশণ্ডির কাক | দীর্ঘায়ু ব্যক্তি |
| কাক-ভূশণ্ডি | সম্পূর্ণ ভেজা | কাকনিদ্রা | অগভীর সতর্ক নিদ্রা |

**Ans : B.**

**০৮.** 'সাহেব' শব্দের বহুবচন-

A. সাহেবকুল
B. সাহেবান
C. সাহেবসমূহ
D. সাহেবগুলো

ব্যাখ্যা:
'সাহেব' শব্দটি আরবি ভাষা থেকে আগত। এর বহুবচন 'সাহেবান'।

**Ans : B.**

**০৯.** 'কৃষ্টি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?

A. কৃষ্ + টি
B. কৃষ্ + তি
C. কৃ + ইষ্টি
D. কৃষ্ + ইষ্টি

ব্যাখ্যা : কতিপয় শব্দের প্রকৃতি ও প্রত্যয়:

| প্রদত্ত শব্দ | প্রকৃতি + প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| কৃষ্টি | √কৃষ্ + তি | কৃৎ প্রত্যয় |
| মুক্ত | √মুচ্ + ত | কৃৎ প্রত্যয় |
| চতুর্থ | চতুর্ + থ | তদ্ধিত প্রত্যয় |
| কর্তব্য | √কৃ + তব্য | কৃৎ প্রত্যয় |
| দীঘল | দীঘ + ল | তদ্ধিত প্রত্যয় |
| পানসে | পানি + সে | তদ্ধিত প্রত্যয় |

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১০. 'লালসালু' উপন্যাসে রহিমার পেটে কত প্যাচ বেড়ি রয়েছে?**

A. পাঁচ B. সাত
C. এগারো D. চৌদ্দ

ব্যাখ্যা: 'লালসালু' উপন্যাসের উদ্ধৃতি: "পেটে বেড়ি পড়ে বইলাই তো স্ত্রীলোকের সন্তানাদি হয় না। কারও পড়ে সাত প্যাঁচ, কারও চৌদ্দো। একুশ বেড়িও দেখছি একটা। তয় সাতের উপরে হইলে, ছাড়ান যায় না। আমার বিবির তো চৌদ্দো প্যাঁচ।"
**Ans : D.**

**১১. যে বাস্তু থেকে উৎখাত হয়েছে-**

A. উদ্বাস্তু B. গৃহী
C. উদভ্রান্ত D. কোনটিই নয়

ব্যাখ্যা: যে বাস্তু থেকে উৎখাত হয়েছে - উদ্বাস্তু, বাসভূমি থেকে বিচ্যুত বা বিতাড়িত। অন্য অর্থে - পোড়া ভিটা বা বাসভূমির সম্মুখস্থ স্থান।
**Ans : A.**

**১২. কোনগুলো খাঁটি বাংলা উপসর্গ-**

A. অপ, সম, অধি B. ফি, খাস, হর
C. অঘা, অজ, পাতি D. হেড, ফুল, সাব

ব্যাখ্যা : খাঁটি বাংলা উপসর্গ- ২১টি।
যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আব, আন, ইতি, উন, কদ, কু, নি, বি, ভর, রাম, পাতি, স, সা, সু, হা।
**Ans : C.**

**১৩. কোনগুলো অঘোষ স্বল্পপ্রাণ ধ্বনি?**

A. ক, চ, ট, ত, প B. খ, ছ, ঠ, থ, ফ
C. গ, জ, ড, দ, ব D. ঘ, ঝ, ঢ, ধ, ভ

ব্যাখ্যা : উচ্চারণের স্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির কতিপয় অবস্থান:

| | অঘোষ | | ঘোষ | | |
|---|---|---|---|---|---|
| | অল্পপ্রাণ | মহাপ্রাণ | অল্পপ্রাণ | মহাপ্রাণ | নাসিক্য |
| কণ্ঠ্য | ক | খ | গ | ঘ | ঙ |
| তালব্য | চ | ছ | জ | ঝ | ঞ |
| মূর্ধা | ট | ঠ | ড | ঢ | ণ |
| দন্ত্য | ত | থ | দ | ধ | ন |
| ওষ্ঠ্য | প | ফ | ব | ভ | ম |

**Ans : A.**

**১৪. কোন শব্দকে বিশ্লেষণ করা যায় না?**

A. যৌগিক শব্দ B. যোগরূঢ় শব্দ
C. রূঢ় শব্দ D. মৌলিক শব্দ

ব্যাখ্যা : যে শব্দকে ভাঙা বা বিশ্লেষণ করা যায় না, তাকে মৌলিক শব্দ বলে। যথা: ঢাকা, গোলাপ, লাল ইত্যাদি।
**Ans : D.**

**১৫. 'যে গাছে বিস্তর ছায়া হয়' এর এককথায় প্রকাশ কী?**

A. ছায়াবৃক্ষ B. ছায়াতরু
C. ছায়ামৃগ D. ছায়াবৃত

ব্যাখ্যা : কতিপয় এক কথায় প্রকাশ:
- যে গাছে বিস্তর ছায়া হয় - ছায়াতরু।
- যে গাছ কোনো কাজে লাগে না - আগাছা।
- যে গাছ অন্য গাছকে আশ্রয় করে বাঁচে - পরগাছা।
- যে গাছ একবার ফল দিয়ে মারা যায় - ওষধি।
- যে গাছে ফল ধরে কিন্তু ফুল ধরে না - বনস্পতি।
- বনে উৎপন্ন - বনজ।
- ছায়ার দ্বারা আবৃত্ত - ছায়াবৃত্ত।

**Ans : B.**

**১৬. 'বৃষ্টি আসে আসুক'- এটি কোন প্রকার ক্রিয়ার ভাব?**

A. অনুজ্ঞা B. আকাঙ্ক্ষা প্রকাশক
C. সাপেক্ষ D. নির্দেশক

ব্যাখ্যা: যে ক্রিয়াপদে বক্তা সোজাসুজি কোনো ইচ্ছা বা আকাঙ্ক্ষা প্রকাশ করে, তাকে আকাঙ্ক্ষা ভাবের ক্রিয়া বলা হয়।
যেমন: যা হয় হোক। বৃষ্টি আসে আসুক। তার মঙ্গল হোক।
**Ans : B.**

**১৭. বাংলা ভাষায় যতি বা ছেদচিহ্ন কয়টি?**

A. ১০ B. ৯
C. ১১ D. ১২

ব্যাখ্যা: বাংলা যতি চিহ্নের প্রবর্তক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বাংলায় প্রায় ১২-১৮টি যতি চিহ্নের ব্যবহার রয়েছে। তার মধ্যে প্রধানতম হল- দাঁড়ি (।); বিস্ময় চিহ্ন (!); প্রশ্নচিহ্ন (?); কোলন (:); কোলন ড্যাস(:-); হাইফেন(-); ড্যাস (—); কমা (,); সেমি-কোলন (;); ইলেক/লোপ চিহ্ন ('); উদ্ধরণ চিহ্ন (""); বন্ধনী ইত্যাদি।
**Ans : D.**

**১৮. 'আমার পথ' গল্পটি কাজী নজরুল ইসলামের কোন প্রবন্ধগ্রন্থ থেকে সংকলিত?**

A. যুগ-বাণী B. দুর্দিনের যাত্রী
C. রুদ্র-মঙ্গল D. রাজবন্দির জবানবন্দি

ব্যাখ্যা: 'আমার পথ' রচনা সম্পর্কিত কতিপয় তথ্য-
- লেখক: কাজী নজরুল ইসলাম।
- ধরন: প্রবন্ধ।
- উৎস: 'রুদ্রমঙ্গল' প্রবন্ধগ্রন্থ।
- ভাষারীতি: চলিত।
- প্রথম বাক্য: "আমার কর্ণধার আমি।"
- শেষ বাক্য: "দেশের পক্ষে যা মঙ্গলকর বা সত্য, শুধু তাই লক্ষ্য করে এই আগুনের ঝাণ্ডা দুলিয়ে পথে বাহির হলাম।"

**Ans : C.**

**১৯. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?**

A. অর্ধাঙ্গিনী B. হেমাঙ্গিনী
C. সুকেশী D. ননদী

ব্যাখ্যা: কতিপয় নিত্য স্ত্রীবাচক শব্দ: সধবা, বিধবা, সতীন, ডাইনি, বাইজি, কলঙ্কিনী, শাঁকচুন্নি, কুলটা, সুজলা, সুফলা, ললনা, দাই, এঁয়ো, সৎমা, অন্তঃসত্ত্বা, অর্ধাঙ্গিনী, অরক্ষণীয়া ইত্যাদি।
**Ans : A.**

**২০. 'আঁটি' এর বিপরীত শব্দ-**

A. সাঁস B. শাষ
C. শাঁস D. শাঁষ

ব্যাখ্যা : কতিপয় বিপরীত শব্দ-

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| আঁটি | শাঁস | আকস্মিক | চিরন্তন/স্থায়ী |
| খাতক | মহাজন | ঐহিক | পারত্রিক |
| শর্বরী | দিবস | যামিনী | দিন/দিবস |
| ক্ষীয়মাণ | বর্ধমান | কুঞ্চন | প্রসারণ |

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**২১.** কোনটি 'কবুতর' এর সমার্থক শব্দ নয়?

A. নোটন B. লোটন
C. কপোত D. পুলিন

ব্যাখ্যা: 'কবুতর' শব্দের সমার্থক শব্দ - পারাবাত, কপোত, পায়রা, নোটন, লোটন, প্রাসাদ কুক্কুট।
• 'পুলিন' অর্থ - বালুকাময় তট, কূল, চড়া।
**Ans : D.**

**২২.** কোনটি যৌগিক বাক্য?

A. তুমি ধনী কিন্তু কৃপণ। B. পরিশ্রমী ব্যক্তিই সুখী হয়।
C. যদিও লোকটি গরীব তবুও সৎ। D. বিপদে অধীর হইও না।

ব্যাখ্যা : পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা জটিল বাক্য কোনো অব্যয় দ্বারা সংযুক্ত হয়ে একটি পূর্ণবাক্য গঠন করলে, তাকে যৌগিক বাক্য বলে। যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, কিন্তু, অথবা, অথচ প্রভৃতি অব্যয়যোগে সংযুক্ত থাকে।
যেমন: তুমি ধনী কিন্তু কৃপণ। তিনি ধনী ছিলেন, তবু তাঁর অহংকার নেই।
**Ans : A.**

**২৩.** 'ণ-ত্ব' বিধান অনুযায়ী কোন বানানটি অশুদ্ধ?

A. নির্নিমেষ B. রুগ্ন
C. পরিবহন D. অপরাহ্ন

ব্যাখ্যা : র, ꣻ, ˗, ঋ, ৃ, ষ- এরপর ক-বর্গ, প-বর্গ, স্বরধ্বনি, য, ব, হ ইত্যাদি থাকলে তারপরও 'ণ' হয়। যেমন: দর্পণ, ব্রাহ্মণ, কৃপণ, অপরাহ্ণ, পূর্বাহ্ণ ইত্যাদি।
**Ans : D.**

**২৪.** 'সৌধ' শব্দের সঠিক উচ্চারণ-

A. সোউধ্ B. শোউধ্
C. সোউধো D. শোউ্ধো

ব্যাখ্যা : 'ঔ'- ধ্বনির উচ্চারণে 'ও + উ' হয়।
যেমন: যৌবন (জোউবন্), মৌন (মোউনো), সৌধ (শোউধো), যৌথ (জোউথো) ইত্যাদি।
**Ans : D.**

**২৫.** 'নেকলেস' গল্পটি কোন ফরাসি পত্রিকায় প্রকাশিত হয়?

A. La Gaulois B. Le Gaulois
C. La Parure D. Le Parure

ব্যাখ্যা : 'নেকলেস' গল্প সম্পর্কিত কতিপয় তথ্য-

| | |
|---|---|
| লেখক | গী দ্য মোপাসাঁ। |
| অনুবাদক | পূর্ণেন্দু দস্তিদার। |
| উৎস | "মোপাসাঁর গল্প" নামক অনুবাদগ্রন্থ। |
| ফরাসি ভাষায় গল্পটির নাম | 'La Parure' |
| প্রথম প্রকাশ | ফরাসি পত্রিকা 'La Gaulois'-এ। ১৭ই ফেব্রুয়ারি, ১৮৮৪। |

**Ans : A.**

**২৬.** 'জ্যাঠামি' কী ধরনের শব্দ?

A. রূঢ় B. মৌলিক
C. যৌগিক D. যোগরূঢ়

ব্যাখ্যা: যে সব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যাবহারিক অর্থ ভিন্ন, তাকে রূঢ়ি বা রূঢ় শব্দ বলে। যথা: 'জ্যাঠ্যামি'- এর ব্যুৎপত্তিগত অর্থ- জ্যাঠার মত আচরণ; কিন্তু ব্যাবহারিক অর্থ- পাকামি/পাকামো। এরূপ- বাঁশি, প্রবীণ, সন্দেশ, গবেষণা ইত্যাদি।
**Ans : A.**

**২৭.** 'কহিল সে সুদূরে চাহিয়া' এর পরের অংশটি-

A. বসন্তরে আনিতে বরিয়া B. অলখের পাথার বাহিয়া
C. এসেছে তা ফাগুনে স্মরিয়া D. বৃথা কেন? ফাগুন বেলায়?

ব্যাখ্যা : 'তাহারেই পড়ে মনে' কবিতার উদ্ধৃতি-
"কহিল সে সুদূরে চাহিয়া-
অলখের পাথার বাহিয়া
তরী তার এসেছে কি? বেজেছে কি আগমনী গান?
ডেকেছে কি সে আমারে? শুনি নাই, রাখিনি সন্ধান"
**Ans : B.**

**২৮.** বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ-

A. লাল লাল ফুল B. জ্বর জ্বর লাগছে
C. গ্রামে গ্রামে যাব D. ভাইয়ে ভাইয়ে যুদ্ধ

ব্যাখ্যা: 'লাল লাল গোলাপ' বাক্যে 'লাল' একটি বিশেষণ পদ। এটি দুবার ব্যবহৃত হয়ে 'লাল লাল' দ্বিরুক্ত শব্দ গঠন করেছে। যা নির্ধারক বিশেষণ হিসেবে কাজ করেছে।
**Ans : A.**

## English

***Read the following passage and answer the questions (29-32)***

While remarkable feats can be achieved without a considerable amount of hassle because of social media, information not throughly checked and researched, fueled by the intention to jump on the bandwagon of whatever topic is popular, can lead to spread of misinformation. In the era of fake news, it is always important to vet and cite sources before sharing any factual claims online, where misinformation can spread like wildfire. While it can be tempting to press the 'share' button on a post that resonates with us, the need to ascertain its validity is more important.

**29. Which statement is false?**

A. Social media has hidden dangers.
B. A lie spreads slowly.
C. To share news is common human tendency.
D. The Internet is a mixed blessing.

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে misinformation (ভুল তথ্য) খুব দ্রুত ছড়ায়। কিন্তু Option (B) তে বলা হয়েছে মিথ্যা ধীরে ছড়ায়। তাই, Option (B) এর বাক্যটি False।
**Ans : B.**

**30. To control misinformation, it is important to-**

A. verify any news story
B. stop news sharing
C. see the bad effects of misinformation
D. limit access to the internet

ব্যাখ্যা : Passage এর মাঝামাঝি অংশে বলা হয়েছে কোন তথ্য শেয়ার করার আগে তথ্যটির সত্যতা যাচাই বাছাই করা খুবই গুরুত্বপূর্ণ যাতে ভুল কোন তথ্য শেয়ার করা না হয়। তাই, Option (A) সঠিক।
**Ans : A.**

**31. 'To spread like wildfire' in the passage means-**

A. to go beyond control
B. to fuel fears
C. to cause harm
D. to become known by more and more people very quickly

ব্যাখ্যা: Spread like wildfire - দ্রুত ছড়িয়ে পড়া/To become known very quickly.
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**32.** **It is tempting to press the 'share' button because -**
A. People often find their personal views reflected in the post of others
B. The Internet users have a tendency to spread fake news
C. People like to do things without thinking
D. the users are unwilling to write on their own

ব্যাখ্যা: Passage এর শেষ লাইনে উল্লেখ আছে যে Social media এর কোন Post যদি কোন মানুষের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়ে যায় তাহলে কোনো যাচাই-বাছাই না করে সে মানুষটা তা শেয়ার করতে প্রলুব্ধ হয়। অন্যের করা কোন Post যদি কারও ব্যক্তিগত মতাদর্শের সাথে মিলে যায় সে মানুষটি তা শেয়ার করে Social media তে। তাই, সঠিক উত্তর হবে Option (A)।
**Ans : A.**

**33.** **Choose the correct passive form of 'Don't pollute the water.'**
A. Let us not pollute the water.
B. The water should not be polluted.
C. Let not the water be polluted.
D. The water let not be polluted.

ব্যাখ্যা: Imperative Sentence এ Active এ Don't থাকলে Passive এ Let not বসে। তারপর obj বসবে এবং be + $v_3$ বসবে। অর্থাৎ, Let not + obj + be + $v_3$.
**Active:** Don't pollute the water.
**Passive:** Let not the water be polluted.
**Ans : C.**

**34.** **'He asked if anybody was present there to help him.' Make it direct-**
A. He said, "Is there anybody present to help me?"
B. He said, "If you can kindly help me, please."
C. He said, "Would anybody please help me.?"
D. He said, "Is there anybody present to help him.?"

ব্যাখ্যা: প্রদত্ত প্রশ্নটি Indirect speech এ দেওয়া। Indirect থেকে Direct করার সময় asked এর পরিবর্তে said বসবে। Sentence টি Past Indefinite এ আছে তাই Direct এ Present Indefinite হবে। অর্থাৎ, was এর পরিবর্তে is হবে। Direct এ বাক্যটি Interrogative হবে কারণ Indirect এ asked আছে। Option (A) সঠিক হবে কারণ Direct এ help এর পর pronoun 'him' এর পরিবর্তে me হবে।
**Indirect:** He asked if anybody was present there to help him.
**Direct:** He said, "Is there anybody present to help me?"
**Ans: A.**

**35.** **Which one of the following is a common gender?**
A. bachelor
B. cousin
C. mermaid
D. governess

ব্যাখ্যা : Bachelor - Masculine gender.
Cousin - Common gender.
Mermaid - Feminine gender.
Governess - Feminine gender.
**গুরুত্বপূর্ণ কিছু Common gender:**

| | |
|---|---|
| Student | Child |
| Teacher | Parent |
| Servant | Sovereign |

**Ans : B.**

**36.** **What is the plural form of the word 'syllabus'?**
A. syllabub
B. syllabi
C. syllabuses
D. B & C

ব্যাখ্যা: Syllabus এর Plural form - 'Syllabi' ও 'Syllabuses' দুটোই হতে পারে।
**গুরুত্বপূর্ণ কিছু Singular এবং Plural form:**

| Singular | Plural |
|---|---|
| Locus | Loci |
| Terminus | Termini/Terminuses |
| Focus | Foci/Focuses |
| Genius | Genii/Geniuses |
| Radius | Radii/Radiuses |
| Stimulus | Stimuli |
| Alumnus | Alumni |

**Ans : D.**

**37.** **Choose the correct spelling-**
A. dictionery
B. etiquette
C. epidamic
D. pixell

ব্যাখ্যা: Etiquette হচ্ছে সঠিক spelling।
**গুরুত্বপূর্ণ কিছু Spelling:**

| | | |
|---|---|---|
| Dictionary | Dilemma | Epidemic |
| Dialogue | Pixel | Diarrhoea |
| Carriage | Competition | Bachelor |
| Allegiance | Awkward | Buffalo |
| Bouquet | Gazette | Guillotine |
| Giraffes | Grammar | Gesture |

**Ans : B.**

**38.** **Translate into English 'চপল দেখতে তার বাবার মত'-**
A. Chapal resembles to his father.
B. Chapal look like his father.
C. Chapal seems like his father.
D. Chapal resembles his father.

ব্যাখ্যা: Resemble - সদৃশ হওয়া/দেখতে কারও মত হওয়া।
চপল দেখতে তার বাবার মত - Chapal resembles his father.
**Ans : D.**

**39.** **Most people enjoy _____ games on television.**
A. to watch
B. to see
C. to have seen
D. watching

ব্যাখ্যা: নিম্নোক্ত verb গুলোর পর Gerund (v + ing) বসে।

| | |
|---|---|
| Enjoy | Suggest |
| Avoid | Hate |
| Consider | Deny |
| Postpone | Remember |
| Mention | Regret |
| Finish | Admit |

**Ex:** Most people enjoy watching games on television.
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**40.** **'Kuakata is a virgin beach and a sanctuary for migratory winter birds'. What does the statement imply?**

A. It is in its pure condition.
B. It is a habitat for migratory brids.
C. It is an abode of winter birds.
D. all the above statements.

ব্যাখ্যা : প্রদত্ত বাক্যটির অর্থ হচ্ছে "কুয়াকাটা হচ্ছে একটি নিখাদ সৈকত এবং শীতকালীন অতিথি পাখিদের অভয়ারণ্য।" Option A, B ও C তিনটি দিয়েই প্রশ্নের বাক্যটিকে বোঝানো হয়েছে। তাই, Option A, B ও C তিনটিই সঠিক।
**Ans : D.**

**41.** **'Red tape' means-**

A. official rules that create difficulty
B. file work
C. official formalities
D. instrument of harassment

ব্যাখ্যা: Red tape - লাল ফিতার দৌরাত্ম্য/আমলাতান্ত্রিক জটিলতা/Official rules that create difficulty.
**Ans : A.**

**42.** **The book <u>which I borrowed from the library</u> is very interesting. Name the underlined clause.**

A. adverbial B. noun
C. adjective D. co-ordinate

ব্যাখ্যা: **Adjective Clause:** যে Sub-ordinate Clause noun/pronoun এর পরে বসে ঐ noun/pronoun কে modify করে তাকে Adjective Clause বলে।
**Ex:** <u>The book</u> <u>which I borrowed from the library</u> is very interesting.
N. Adj. Clause
প্রদত্ত Clause টি The book (noun) কে modify করছে তাই এটি Adjective Clause হবে।
**Ans : C.**

**43.** **I am accustomed ____ a simple life.**

A. with B. to
C. for D. in

ব্যাখ্যা : Accustomed to - অভ্যস্ত।
**গুরুত্বপূর্ণ কিছু Appropriate Preposition:**

| | |
|---|---|
| Crave for | Congratulate on |
| Committed to | Aptitude for |
| Adequete to | Adapt to |
| Assure of | Access to |
| Bent on | Blush with |
| Boast of | Exception to |
| Entitled to | Escape from |
| Fond of | Impose on |
| Focus on | Interested in |

**Ans : B.**

**44.** **She passed ___ test.**

A. the B. a
C. a/the D. no article

ব্যাখ্যা: প্রদত্ত প্রশ্নে নির্দিষ্ট কোন test এর কথা বুঝানো হচ্ছে। নির্দিষ্ট অর্থে Definite Article 'the' বসে।
**Ans : A.**

**45.** **He could not say when he____ report.**

A. will B. shall
C. can D. would

ব্যাখ্যা: প্রদত্ত প্রশ্নটি past tense এ দেওয়া আছে। এখানে, When এর আগের Clause টি past এ আছে তাই পরের Clause টিও past এ বসবে। তাই, would হবে সঠিক।
**Ans : D.**

**46.** **Shamim is not ___ for the post.**

A. remarkable B. eligible
C. tolerable D. redeemable

ব্যাখ্যা: Remarkable - লক্ষণীয়।
Eligible - যোগ্য।
Tolerable - সহনশীল।
Redeemable - পুনরুদ্ধারযোগ্য।
প্রদত্ত বাক্যটির অর্থ হচ্ছে- "শামীম পোস্টটির জন্য যোগ্য না।" তাই, eligible হবে সঠিক।
**Ans : B.**

**47.** **You are expected to do better, _____**

A. are you not? B. are not you?
C. aren't you? D. don't you?

ব্যাখ্যা: Tag Question করার সময় হ্যাঁ-বোধক বাক্য থাকলে tag না-বোধক করতে হয়। প্রদত্ত প্রশ্নটি হ্যাঁ-বোধক বাক্যে আছে তাই tag হবে না-বোধক। আবার, tag এ auxiliary verb গুলোর Contracted form (সংক্ষিপ্ত রূপ) বসে। তাই, aren't বসবে।
**Ex:** You are expected to do better, <u>aren't you</u>?
**Ans : C.**

**48.** **What is the synonym of 'incredible'?**

A. unbelievable B. unthinkable
C. unlikely D. unthinking

ব্যাখ্যা: Incredible - অবিশ্বাস্য।
Unbelievable - অবিশ্বাস্য।
Unthinkable - অচিন্তনীয়/কল্পনাতীত।
Unlikely - অসম্ভব।
Unthinking - চিন্তাশক্তিহীন/হঠকারী।
**Incredible এর গুরুত্বপূর্ণ কিছু Synonyms & Antonyms:**
**Synonyms:** Unbelievable, Unimaginable, Impossible, Improbable, Unthinkable, Unlikely.
**Antonyms:** Believable, Credible, Thinkable, Plausible, Imaginable.
Unbelievable, Unthinkable ও Unlikely তিনটিই Incredible এর Synonyms হিসেবে বসতে পারে। তবে Unbelievable অধিক গ্রহণযোগ্য হবে।
**Ref:** Merriamwebster Dictionary.
**Ans : A.**

**49.** **Identify the 'part of speech' of the underlined word in 'He never made any mention of the matter that would <u>matter</u> later.'**

A. noun B. verb
C. adjective D. adverb

ব্যাখ্যা: প্রদত্ত প্রশ্নে matter হচ্ছে verb। would হচ্ছে modal auxiliary verb এবং modal auxiliary এরপর main verb এর base form বসে। অর্থাৎ এখানে, matter বসেছে main verb হিসেবে।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**50. Seeing is believing. The underlined word is-**
A. a gerund B. a participle
C. an infinitive D. none

ব্যাখ্যা: **Gerund:** Gerund হচ্ছে (v + ing) যা verb ও noun হিসেবে কাজ করে। বাক্যের Subject হিসেবে gerund বসে।
**Ex:** Seeing is believing.
(Sub.) → Gerund
**Present Participle:** Present Participle হচ্ছে (v + ing) যা verb ও adjective হিসেবে কাজ করে।
**Ex:** A barking dog seldom bites.
(Adj.) → Present Participle
**Infinitive:** Infinitive হচ্ছে to + verb এর base form।
**Ex:** To err is human.
Infinitive
**Ans : A.**

**51. An optimist is one who always-**
A. expects good things to happen
B. encourages others
C. nurtures dreams
D. wants happiness

ব্যাখ্যা: **Optimist** - আশাবাদী/One who always expects good things to happen.
**Pessimist** - হতাশাবাদী/দুঃখবাদী/One who thinks that bad things are more likely to happen.
**Ans : A.**

**52. The word 'audible' is associated with-**
A. eyes B. nose
C. ears D. hands

ব্যাখ্যা: Audible - শ্রাব্য/শ্রবণযোগ্য/কানে শোনা যাবে এমন। অর্থাৎ, Audible is associated with ears (কান)।
**Ans : C.**

**53. 'Humour' is a quality that makes something-**
A. attractive B. witty
C. laughable and amusing D. thrilling

ব্যাখ্যা: Humour - কৌতুকরসবোধ/a quality that makes something laughable and amusing.
Attractive - আকর্ষণীয়।
Witty - মজাদার।
Thrilling - রোমাঞ্চকর।
**Ans : C.**

**54. The sky is cloudy. It ___ rain.**
A. should B. may
C. would D. could

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যটির অর্থ হচ্ছে 'বৃষ্টি হতে পারে।' সম্ভাবনা অর্থে may ব্যবহৃত হয়। যেহেতু আকাশ মেঘাচ্ছন্ন, বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই, gap এ may বসবে।
**Ans : B.**

**55. The conversation between two characters in a play is called-**
A. prologue B. epilogue
C. dialogue D. chorus

ব্যাখ্যা: Epilogue - উপসংহার।
Prologue - প্রস্তাবনা/মুখবন্ধ/গায়কদলের রঙ্গমঞ্চে প্রবেশের পূর্ববর্তী অংশ।
Dialogue - দুই বা অধিক লোকের মধ্যে কথোপকথন (বই, নাটক, সিনেমাতে)।
Chorus - গায়কদল।
**Ans : C.**

**56. A personal letter does not contain-**
A. greetings B. date
C. address D. subject line

ব্যাখ্যা: Personal letter এ subject line থাকে না। greetings, date, address সবই থাকে।
**Ans : D.**

## সাধারণ জ্ঞান

**৫৭. পদ্মাসেতু নির্মাণে একমাত্র বাংলাদেশী নারী প্রকৌশলী-**
A. সুফিয়া আহমেদ B. নুসরাত জাহান
C. ফাতিমা বেগম D. ইশরাত জাহান

**ব্যাখ্যা: পদ্মা সেতু সম্পর্কিত কিছু তথ্য:**
- পদ্মা সেতুর সরকারি নাম - পদ্মা বহুমুখী সেতু।
- পদ্মা সেতু উদ্বোধন করা হয় - ২৫ জুন, ২০২২।
- পদ্মা সেতু যান চলাচলের জন্য উন্মুক্ত করা হয় - ২৬ জুন, ২০২২।
- পদ্মা সেতুর দৈর্ঘ্য - ৬.১৫ কি.মি (২০,২০০ ফুট) ও প্রস্থ - ১৮.১০ মিটার (৫৯.৪ ফুট)।
- পদ্মা সেতুর প্রকল্প নকশাকারী প্রতিষ্ঠান - AECOM।
- পদ্মা সেতু প্রকল্পে নদী শাসনের কাজ করেছে - সিনোহাইড্রো কর্পোরেশন লিমিটেড।
- পদ্মা সেতুর ফলে দেশের সার্বিক জিডিপি - ১.২৩% বৃদ্ধি পাবে।
- পদ্মা সেতু ঢাকার সাথে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের - ১৯টি জেলাকে সংযুক্ত করবে।
- পদ্মা সেতুর কাজ শুরু হয় - ৭ ডিসেম্বর, ২০১৪।
- পদ্মা সেতু নির্মাণকারী প্রতিষ্ঠান - চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি।
- পদ্মা সেতু বিশ্বের - ১২২তম দীর্ঘ সেতু।

**Ans : D.**

**৫৮. পায়েরা বন্দর কোন উপজেলায়?**
A. কলাপাড়া B. পাথরঘাটা
C. বাউফল D. আমতলী

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:**

| বাংলাদেশের সমুদ্রবন্দর | |
|---|---|
| চট্টগ্রাম সমুদ্রবন্দর | → বাংলাদেশের প্রথম ও বৃহত্তম সমুদ্রবন্দর।<br>→ প্রতিষ্ঠা : ১৮৮৭।<br>→ প্রতিষ্ঠাকালীন নাম : কমিশনার্স ফর দ্য পোর্ট অব চিটাগাং।<br>→ অবস্থান : চট্টগ্রামের কর্ণফুলী নদীর মোহনায়। |
| মোংলা সমুদ্রবন্দর | → দেশের দ্বিতীয় সমুদ্র বন্দর।<br>→ অবস্থান: রামপাল, বাগেরহাট (পশুর নদীর তীরে)।<br>→ প্রতিষ্ঠা: ১ ডিসেম্বর, ১৯৫০। |

শিক্ষার সার্বিক সমাধান এক ঠিকানায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

| বাংলাদেশের সমুদ্রবন্দর | |
|---|---|
| পায়রা সমুদ্রবন্দর | → বাংলাদেশের তৃতীয় ও স্বাধীন বাংলাদেশের প্রথম সমুদ্রবন্দর। → যাত্রা শুরু: ১৩ আগস্ট, ২০১৬। → অবস্থান: ইটাবাড়িয়া, কলাপাড়া, পটুয়াখালী। → বন্দরটি স্থাপন করা হয়: রামনাবাদ চ্যানেল সংলগ্ন আন্ধারমানিক নদীর তীরে। |
| মাতারবাড়ি গভীরতম সমুদ্র বন্দর | → বাংলাদেশের ৪র্থ ও স্বাধীন বাংলাদেশের দ্বিতীয় সমুদ্রবন্দর। → অবস্থান: মাতারবাড়ি সমুদ্রবন্দর, মহেশখালী। → বৈশিষ্ট্য: দেশের প্রথম গভীরতম সমুদ্রবন্দর। → গভীরতা: ১৪ মিটার। → কাজ করবে: জাইকা। → আনুষ্ঠানিকভাবে চালু হবে: ২০২৫ সালে। |

**Ans : A.**

**৫৯.** ৭ই মার্চের ভাষণকে ইউনেসকো কোন তারিখে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়?

A. ৩০ জুলাই, ২০১৭ B. ৩০ আগস্ট, ২০১৭
C. ৩০ সেপ্টেম্বর, ২০১৭ D. ৩০ অক্টোবর, ২০১৭

**ব্যাখ্যা : "৭ মার্চের ভাষণ" সম্পর্কিত কিছু তথ্য:**
- সময়: ৭ মার্চ, ১৯৭১ রবিবার।
- স্থান: রেসকোর্স ময়দান।
- মোট সময়: ২৩ মিনিট (রেকর্ড হয়েছে ১৮-১৯ মিনিট)।
- দফা: ৪টি।
- ইউনেস্কো স্বীকৃতি দেয়: ৩০ অক্টোবর, ২০১৭।
- ৭ মার্চের ভাষণের কারণেই নিউজউইক ম্যাগাজিন ৫ এপ্রিল, ১৯৭১ সালে বঙ্গবন্ধুকে "রাজনীতির কবি" বলেছেন।

**Ans : D.**

**৬০.** বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আফ্রিকান দেশ-

A. সুদান B. সেনেগাল C. মিশর D. ঘানা

**ব্যাখ্যা : বাংলাদেশের আন্তর্জাতিক স্বীকৃতি:**

| দেশ | স্বীকৃতির তারিখ | বিশেষ তথ্য |
|---|---|---|
| ভুটান | ৬ ডিসেম্বর, ১৯৭১ | স্বীকৃতি দানকারী প্রথম দেশ |
| ভারত | ৬ ডিসেম্বর, ১৯৭১ | স্বীকৃতি দানকারী দ্বিতীয় দেশ |
| পূর্ব জার্মানি | ১১ জানুয়ারি, ১৯৭২ | স্বীকৃতি দানকারী প্রথম সমাজতান্ত্রিক/ইউরোপীয় দেশ |
| সেনেগাল | ১ ফেব্রুয়ারি, ১৯৭২ | স্বীকৃতি দানকারী প্রথম মুসলিম/আফ্রিকান দেশ |
| ইন্দোনেশিয়া | ২৫ ফেব্রুয়ারি, ১৯৭২ | স্বীকৃতি দানকারী দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম মুসলিম দেশ |

**Ans : B.**

**৬১.** বিশ্বের বৃহত্তম মরুভূমি-

A. থর B. গোবি C. সেনোরান D. সাহারা

**ব্যাখ্যা : মরুভূমি সম্পর্কিত তথ্য:**

| মরুভূমির নাম | অবস্থান | বৈশিষ্ট্য |
|---|---|---|
| সাহারা মরুভূমি | আফ্রিকা মহাদেশ (১১টি স্বাধীন দেশে) | বালুকাময় মরুভূমির মধ্যে আয়তনে বড় |
| আরব মরুভূমি | ৮ টি দেশে | |
| থর মরুভূমি | ভারত, পাকিস্তান | উষ্ণ মরুভূমি |
| গোবি মরুভূমি | এশিয়া মহাদেশ (মঙ্গোলিয়া) | এশিয়া মহাদেশের সবচেয়ে বড় মরুভূমি |

**Ans : D.**

**৬২.** কোন দেশ দু'টি দুই মহাদেশে অবস্থিত?

A. রাশিয়া ও ইউক্রেন B. রাশিয়া ও আলবেনিয়া
C. তুরস্ক ও আলবেনিয়া D. তুরস্ক ও রাশিয়া

**ব্যাখ্যা : তথ্য ব্যতিক্রম রাষ্ট্র:**
- সাংবিধানিকভাবে বৌদ্ধ রাষ্ট্র - শ্রীলঙ্কা।
- মধ্যপ্রাচ্যের একমাত্র মরুভূমিহীন দেশ - লেবানন।
- যে যে দেশে ভোটারদের ভোট প্রদান বাধ্যতামূলক - থাইল্যান্ড, অস্ট্রেলিয়া।
- প্রমিজল্যান্ড খ্যাত - ইসরাইল।
- যে দেশের রাজা নির্বাচিত হন - মালয়েশিয়া।
- যে দেশের জাতীয় পতাকা কখনো অর্ধনমিত করা হয় না- ইরান, সৌদি আরব।
- ইউরোপ ও এশিয়া মহাদেশে অবস্থিত - তুরস্ক ও রাশিয়া।

**Ans : D.**

**৬৩.** কোনটি ব্রাউজার নয়?

A. গুগোল ক্রম B. ফায়ারফক্স
C. ফেসবুক D. সাফারি

**ব্যাখ্যা : ব্রাউজার সম্পর্কিত তথ্য:**
- World Wide Web (WWW) পৃথিবীর প্রথম ওয়েভ ব্রাউজার, যার প্রতিষ্ঠাতা কম্পিউটার বিজ্ঞানী স্যার টিমোথি জন বার্নাস-লি।
- ওয়েভ ব্রাউজার-এর সাহায্যে ইন্টারনেটে প্রবেশ সহজ।
- HTTP - Hyper Text Transfer Protocol
- বর্তমানে বহুল ব্যবহৃত কিছু ওয়েভ ব্রাউজার হচ্ছে-

i) Google chrome vi) Netscape Navigation
ii) Internet Explorer vii) Maxthon
iii) Mozilla firefox viii) RockMelt
iv) Safari ix) Microsoft Edg
v) Opera

**Ans : C.**

**৬৪.** বাংলাদেশের প্রথম 'সাইবার সিটি'-

A. কুমিল্লা B. ঢাকা
C. চট্টগ্রাম D. সিলেট

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:**
- বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা হচ্ছে - যশোর।
- বাংলাদেশের প্রথম ডিজিটাল সিটি হচ্ছে - সিলেট।
- বাংলার কুয়েত বলা হয় - খুলনাকে।
- সিল্ক সিটি বা গ্রিন সিটি বলা হয় - রাজশাহীকে।
- বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী - চট্টগ্রাম।
- বাংলাদেশের প্রথম সাইবার সিটি হচ্ছে - সিলেট।

**Ans : D.**

**৬৫.** আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর কোন দেশে অবস্থিত?

A. সুইজারল্যান্ড B. নেদারল্যান্ডস
C. ফিনল্যান্ড D. ইংল্যান্ড

**ব্যাখ্যা : আন্তর্জাতিক আদালত সম্পর্কিত কিছু তথ্য:**
- প্রতিষ্ঠা: ২৬ জুন, ১৯৪৫।
- পূর্ণরূপ: International Court of Justice.
- সদর দপ্তর: নেদারল্যান্ডের হেগ শহরে অবস্থিত Peace Palace।
- সভাপতির মেয়াদ: ৩ বছর।
- বিচারক: ১৫ জন।
- বিচারকের মেয়াদ: ৯ বছর।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৬৬.** টেস্ট ক্রিকেটে পাঁচ হাজার রান সংগ্রহকারী প্রথম বাংলাদেশী-

A. তামিম ইকবাল
B. মুশফিকুর রহিম
C. সাকিব আল হাসান
D. মুমিনুল হক

ব্যাখ্যা : বাংলাদেশের ক্রিকেট সম্পর্কিত কিছু তথ্য:
- ১৯৮৬: বাংলাদেশ প্রথম আন্তর্জাতিক ম্যাচ খেলে পাকিস্তানের বিপক্ষে।
- ১৫ জুন, ১৯৯৭: বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল ওয়ানডে স্ট্যাটাস লাভ করে।
- ২০১১: বাংলাদেশ মহিলা ক্রিকেট দল টেস্ট স্ট্যাটাস লাভ করে।
- ২৬ জুন, ২০০০: বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল টেস্ট স্ট্যাটাস লাভ করে।

**Ans : B.**

**৬৭.** 'পদ্মাবতী' এর রচয়িতা-

A. কানা হরিদত্ত
B. বড়ুচণ্ডী দাস
C. আলাওল
D. লুইপা

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

| ভাষা | অনুবাদ গ্রন্থ | লেখক |
|---|---|---|
| সংস্কৃত | রামায়ণ | কৃত্তিবাস |
| | মহাভারত | কবীন্দ্র পরমেশ্বর, কাশীরাম দা |
| আরবি | নবীবংশ | সৈয়দ সুলতান |
| ফারসি | ইউসুফ-জোলেখা | শাহ মুহম্মদ সগীর |
| | লায়লী-মজনু | দৌলত উজীর বাহরাম খান |
| | সপ্ত-পয়কর | আলাওল |
| | সিকান্দরনামা | আলাওল |
| হিন্দি | সতীময়না-লোর চন্দ্রানী | কাজী দৌলত, আলাওল |
| | পদ্মাবতী | আলাওল |

**Ans : C.**

**৬৮.** রাশিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম-

A. ব্লু হাউজ
B. হোয়াইট হাউজ
C. ক্রেমলিন
D. দি লজ

ব্যাখ্যা : রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানদের বাসভবন:

| সরকার/রাষ্ট্রপ্রধান | বাসভবন |
|---|---|
| দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট | ব্লু হাউজ |
| অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী | দ্যা লজ |
| ভারতের রাষ্ট্রপতি | রাইসিনা হিলস |
| ব্রিটিশ রানি | উইন্ডসর ক্যাসল |
| মার্কিন প্রেসিডেন্ট | হোয়াইট হাউজ |
| রাশিয়ার প্রেসিডেন্ট | ক্রেমলিন |
| মার্কিন প্রেসিডেন্টের অফিস | ওভাল অফিস |
| ফ্রান্স প্রেসিডেন্ট | এলিসি প্রসাদ |

**Ans : C.**

**৬৯.** কোন সংখ্যাটিকে ৩, ৪, ৫ ও ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২, ৩, ও ৪ অবশিষ্ট থাকে?

A. ৫৪
B. ৫৬
C. ৫৮
D. ৬০

ব্যাখ্যা : ৩ - ১ = ২, ৪ - ২ = ২, ৫ - ৩ = ২, ৬ - ৪ = ২
৩, ৪, ৫, ৬ এর লসাগু = ৬০
∴ নির্ণেয় সংখ্যাটি = ৬০ - ২ = ৫৮

**Ans : C.**

**৭০.** মহাস্থানগড় কোন শাসনামলের প্রত্নতাত্ত্বিক নিদর্শন?

A. মৌর্য
B. সেন
C. পাল
D. মুঘল

ব্যাখ্যা : প্রাচীন আমলের শিল্পকলা:
- মহাস্থানগড় বগুড়া থেকে ৮ মাইল উত্তরে করতোয়া নদীর তীরে।
- মহাস্থানগড়ের পূর্ব নাম - পুন্ড্রনগর।
- মহাস্থানগড়ে পুরাকীর্তি আছে - মৌর্য ও গুপ্ত রাজবংশের।
- পাহাড়পুর বা সোমপুর বিহারের নির্মাতা - ধর্মপাল।
- ময়নামতির পূর্বনাম - রোহিতগিরি।
- বজ্রযোগিনী বর্তমান মুন্সিগঞ্জ ও শরিয়তপুর জেলায় যেখানে বিখ্যাত বৌদ্ধ পণ্ডিত অতীশ দীপঙ্কর জন্ম নেন।

**Ans : A.**

**৭১.** 'পাতালে হাসপাতালে' গল্পগ্রন্থটির লেখক-

A. আনিসুল হক
B. সৈয়দ শামসুল হক
C. আনোয়ারা সৈয়দ হক
D. হাসান আজিজুল হক

ব্যাখ্যা : হাসান আজিজুল হকের কিছু গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম:
- আগুনপাখি - উপন্যাস।
- সাবিত্রী উপখ্যান - উপন্যাস।
- আত্মজা ও একটি করবী গাছ - গল্পগ্রন্থ।
- নামহীন গোত্রহীন (মুক্তিযুদ্ধভিত্তিক) - গল্পগ্রন্থ।
- একাত্তর: করতলে ছিন্নমাথা (মুক্তিযুদ্ধভিত্তিক) - প্রবন্ধগ্রন্থ।

**Ans : D.**

**৭২.** পাবলিক দলিল কোনটি?

A. চিঠি
B. আদালতের রায়
C. কবলা
D. উইল

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- দলিল বলতে যে কোন চুক্তির লিখিত ও আইনগ্রাহ্য রূপ বোঝায়।
- কোন সম্পত্তি বিক্রয়ের জন্য ক্রেতা ও বিক্রেতার মধ্যে যে চুক্তিপত্র সম্পাদন হয় তাকে বায়নাপত্র বলে।
- বাংলাদেশের ভূমি আইন অনুযায়ী জমির দলিল মোট ৯টি।

**Ans : B.**

**৭৩.** সংসদীয় গণতন্ত্রের উৎপত্তি-

A. যুক্তরাষ্ট্রে
B. যুক্তরাজ্যে
C. ফ্রান্সে
D. ভারতে

ব্যাখ্যা : সংসদীয় গণতন্ত্র সম্পর্কিত কিছু তথ্য:
- গণতন্ত্রের সূতিকাগার - গ্রিস।
- আধুনিক গণতন্ত্রের সুতিকাগার - যুক্তরাজ্য।
- সংসদীয় গণতন্ত্রের উৎপত্তি - যুক্তরাজ্য।
- রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থার উৎপত্তি - যুক্তরাজ্য।
- বৃহত্তম গণতান্ত্রিক দেশ - ভারত।
- গণতন্ত্রের জনক - সোলোন (গ্রিস)।
- আধুনিক গণতন্ত্রের জনক - জন লক (যুক্তরাজ্য)।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৭৪.** রাজশাহী বিশ্ববিদ্যালয় শহীদ মিনারের নকশাকারী-

A. শিল্পী মুর্তজা বশীর  B. শিল্পী মৃণাল হক
C. শিল্পী নিতুন কুন্ডু  D. শিল্পী ফনিভূষণ

**ব্যাখ্যা : উল্লেখযোগ্য কিছু শিল্পকর্ম:**

| ভাস্কর | শিল্পকর্ম |
|---|---|
| নিতুন কুন্ডু | শাবাশ বাংলাদেশ - রাজশাহী বিশ্ববিদ্যালয়। |
| | সার্ক ফোয়ারা - কাওরান বাজার। |
| হামিদুজ্জামান খান | সংশপ্তক - জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। |
| | স্মৃতির মিনার - জাতীয় বিশ্ববিদ্যালয়। |
| আজিজুল হক পাশা | বিজয় কেতন - ঢাকা সেনানিবাস। |
| | দোয়েল চত্বর - কার্জন হল, ঢাবি। |
| | শাপলা চত্বর - মতিঝিল, ঢাকা। |
| মৃণাল হক | জননী ও গর্বিত বর্ণমালা - পরীবাগ, ঢাকা। |
| | দুর্জয় - রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা। |

**Ans : A.**

**৭৫.** লোহা প্রথম কোথায় আবিষ্কৃত হয়?

A. এশিয়া মাইনর  B. সাইবেরিয়া
C. ইউক্রেন  D. মেক্সিকো

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:**
- বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা গড়ে উঠেছিল - মেসোপটেমিয়ায়।
- 'চাকা' এর ব্যবহার প্রচলন হয় - সুমেরীয় সভ্যতায়।
- সপ্তাহের সাত দিনকে বিভক্ত করে - ক্যালডিয়রা।
- ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এ গণনা রীতি - মিশরীয়।
- সিন্ধু সভ্যতা - তাম্র যুগের।
- বর্ণমালা উদ্ভাবন করেন - ফিনিশীয়রা।
- লোহা প্রথম আবিস্কৃত হয় - এশিয়া মাইনরে।

**Ans : A.**

**৭৬.** TTE-এর পূর্ণরূপ-

A. Travelling Ticket Examiner
B. Transport Ticket Examiner
C. Train Ticket Examiner
D. Truck Ticket Examiner

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:**
- UNICEF : United Nations Children's Fund.
- UNHCR : United Nations High Commissioner for Refugees.
- WIPO : World Intellectual Property Organization.
- USMCA : United States Mexico - Canada Agreement.
- SAARC : South Asian Association for Regional Co-operation.

**Ans : A.**

**৭৭.** ২০২২ সালে স্বাধীনতা পদক পায়-

A. বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট
B. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
C. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
D. বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট

**ব্যাখ্যা : স্বাধীনতা পুরস্কার ২০২২ সম্পর্কিত তথ্য:**

| ক্রমিক নং | ব্যক্তি / প্রতিষ্ঠানের নাম | ক্ষেত্র |
|---|---|---|
| ১ | বীর মুক্তিযোদ্ধা ইলিয়াস আহমেদ চৌধুরী | স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ |
| ২ | শহীদ কর্নেল খন্দকার নাজমুল হুদা (বীর বিক্রম) | |
| ৩ | জনাব আব্দুল জলিল | |
| ৪ | জনাব সিরাজ উদ্দীন আহমেদ | |
| ৫ | জনাব মোহাম্মদ ছহিউদ্দিন বিশ্বাস | |
| ৬ | মরহুম সিরাজুল হক | |
| ৭ | অধ্যাপক ডঃ কনক কান্তি বড়ুয়া | চিকিৎসাবিদ্যা |
| ৮ | অধ্যাপক ডঃ মো কামরুল ইসলাম | |
| ৯ | মরহুম স্থপতি সৈয়দ মাইনুল হোসেন | স্থাপত্য |
| ১০ | বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট | গবেষণা ও প্রশিক্ষণ |

**Ans : A.**

**৭৮.** বিশ্বের সবচেয়ে বেশি কার্বন নিঃসরণকারী দেশ-

A. যুক্তরাষ্ট্র  B. ভারত
C. চীন  D. রাশিয়া

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:**

| কার্বন নির্গমনে | মাথাপিছু কার্বন নির্গমনে |
|---|---|
| শীর্ষ দেশ : চীন<br>দ্বিতীয় দেশ : যুক্তরাষ্ট্র<br>তৃতীয় দেশ : ভারত | শীর্ষ দেশ : সৌদি আরব |

**Ans : C.**

**৭৯.** ছয়দফার কয়টি দফা অর্থনীতির সাথে সম্পর্কিত?

A. ২  B. ১
C. ৪  D. ৩

**ব্যাখ্যা : ছয় দফার বিষয়বস্তু:**
- ১ম দফা : প্রাদেশিক স্বায়ত্তশাসন থাকিবে।
- ২য় দফা : ফেডারেল সরকারের হাতে থাকবে দেশরক্ষা ও পররাষ্ট্র বিষয়, বাকি যা থাকবে প্রাদেশিক সরকারের হাতে।
- ৩য় দফা : স্বতন্ত্র মুদ্রা ব্যবস্থা থাকবে ও ২টি স্বতন্ত্র স্টেট ব্যাংক থাকিবে।
- ৪র্থ দফা : সকল প্রকার ট্যাক্স, খাজনা ও কর ধার্য এবং আদায়ের ক্ষমতা থাকিবে আঞ্চলিক সরকারের হাতে।
- ৫ম দফা : বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণের ক্ষমতা প্রাদেশিক সরকারের হাতে থাকিবে।
- ৬ষ্ঠ দফা : প্যারা মিলিশিয়া বাহিনী গঠন।

**Ans : D.**

**৮০.** বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী কোন দেশের?

A. শ্রীলংকা  B. ভারত
C. ইংল্যান্ড  D. পাকিস্তান

**ব্যাখ্যা : নারী নেতৃত্ব সম্পর্কিত কিছু তথ্য:**

| বিশেষত্ব | নাম |
|---|---|
| বিশ্বের ১ম নারী প্রেসিডেন্ট | ইসাবেলা প্যারন, আর্জেন্টিনা |
| বিশ্বের ১ম নারী প্রধানমন্ত্রী | শ্রীমোভা বন্দরনায়েকে (শ্রীলংকা) |
| বিশ্বের ১ম মুসলিম নারী প্রেসিডেন্ট | মেঘবতী সুকর্ণপুত্রী (ইন্দোনেশিয়া) |
| বিশ্বের ১ম মুসলিম নারী প্রধানমন্ত্রী | বেনজির ভুট্টো (পাকিস্তান) |
| ব্রিটেনের ১ম নারী প্রধানমন্ত্রী | মার্গারেট থ্যাচার |

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## ইউনিট : A (গ্রুপ-৪)
## প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০২১-২২

### বাংলা

**০১.** কোনটি অশুদ্ধ?
A. অধীনস্থ B. অধীনে
C. অধীন D. অনুগত

ব্যাখ্যা : কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অধীনস্থ | অধীন | কৃতদাস | ক্রীতদাস |
| স্বরস্বতী | সরস্বতী | ব্যাবহার | ব্যবহার |
| সৌজন্যতা | সৌজন্য | ব্যবহারিক | ব্যাবহারিক |
| ঐক্যতান | ঐকতান | আশীষ | আশিস |

Ans : A.

**০২.** 'সতীশ' এর সন্ধিবিচ্ছেদ-
A. সতি + ঈশ B. সতী + ইশ
C. সতি + ইশ D. সতী + ঈশ

ব্যাখ্যা : স্বরসন্ধির কতিপয় নিয়ম-

| নিয়ম | উদাহরণ |
|---|---|
| ই + ই = ঈ | অতি + ইত = অতীত |
| ই + ঈ = ঈ | পরি + ঈক্ষা = পরীক্ষা |
| ঈ + ই = ঈ | সতী ++ ইন্দ্র = সতীন্দ্র |
| ঈ + ঈ = ঈ | সতী + ঈশ্ = সতীশ |

Ans : D.

**০৩.** 'গুরু'র স্ত্রীবাচক শব্দ কোনটি?
A. গুরুমা B. গুরুমাতা C. গুর্বী D. গুর্বিণী

ব্যাখ্যা : কতিপয় পুরুষবাচক ও স্ত্রীবাচক শব্দ-

| পুরুষবাচক | স্ত্রীবাচক | পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|---|---|
| গুরু | গুর্বী | মদ্দা | মাদী |
| হুলো বিড়াল | মেনি বিড়াল | নন্দাই | ননদ |
| ভিখারী | ভিখারিনী | কাঙাল | কাঙালিনী |
| ঠাকুর | ঠাকুরুন | মজুর | মজুরনী |

Ans : C.

**০৪.** 'উক্তি' শব্দের প্রকৃতি ও প্রত্যয়-
A. উক্ + তি B. বচ্ + তিন
C. বচ্ + তি D. উদ্ + তি

ব্যাখ্যা : কতিপয় শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয়-

| প্রদত্ত শব্দ | প্রকৃতি + প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| উক্তি | √বচ্ + তি | কৃৎ প্রত্যয় |
| রতি | √রম্ + তি | কৃৎ প্রত্যয় |
| মুক্ত | √মুচ্ + ত | কৃৎ প্রত্যয় |
| সৃষ্ট | √সৃজ্ + ত | কৃৎ প্রত্যয় |
| মতি | √মন্ + তি | কৃৎ প্রত্যয় |
| দ্রাঘিমা | দীর্ঘ + ইমন্ | তদ্ধিত প্রত্যয় |
| মানব | মনু + ষ্ণ | তদ্ধিত প্রত্যয় |

Ans : C.

**০৫.** উপকারীর অপকার করেন যিনি-
A. অকৃতগ্ন B. কৃতাস্ত
C. কৃতগ্ন D. কৃতঘ্ন

ব্যাখ্যা : কতিপয় এককথায় প্রকাশ-
- উপকারীর উপকার স্বীকার করেন যিনি - কৃতজ্ঞ।
- উপকারীর উপকার স্বীকার করেন না - অকৃতজ্ঞ।
- উপকারীর অপকার করেন যিনি - কৃতঘ্ন।
- উপকার করার ইচ্ছা - উপচিকীর্ষা।
- দুদিকে অপ যার - দ্বীপ।
- নিন্দা করার ইচ্ছা - জুগুপ্সা।
- নিন্দার যোগ্য নয় যা - অনিন্দ্য/অনিন্দনীয়।
- নিবারণ করা যায় না - অনিবার্য।
- নদী মাতা যার - নদীমাতৃক।

Ans : D.

**০৬.** 'খ্রিষ্টাব্দ' শব্দটি-
A. তৎসম B. দেশি C. বিদেশি D. মিশ্র

ব্যাখ্যা: কতিপয় মিশ্রশব্দের উৎস ভাষা-

| মিশ্র শব্দ | উৎস ভাষা | মিশ্র শব্দ | উৎস ভাষা |
|---|---|---|---|
| খ্রিষ্টাব্দ | ইংরেজি + তৎসম | চৌহদ্দি | ফারসি + আরবি |
| পকেটমার | ইংরেজি + বাংলা | বে-টাইম | ফারসি + ইংরেজি |
| ডাক্তারখানা | ইংরেজি + ফারসি | হেডপণ্ডিত | ইংরেজি + তৎসম |
| হেডমৌলভি | ইংরেজি + ফারসি | রাজা-বাদশা | তৎসম + ফারসি |

Ans : D.

**০৭.** 'সন্ধ্যা' শব্দটির সঠিক উচ্চারণ-
A. সোন্ধা B. শোনধা C. শোন্ধা D. শন্ধা

ব্যাখ্যা : কতিপয় শব্দের উচ্চারণ-

| প্রদত্ত শব্দ | উচ্চারণ | প্রদত্ত শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| সন্ধ্যা | শোন্ধা | গ্রহণ | গ্রোহোন্ |
| একতা | অ্যাকোতা | ঐতিহাসিক | ওইতিহাশিক্ |
| চৈত্র | চোইত্ত্রো | উদীচী | উদিচি |
| জননী | জনোনি | জনক | জনোক্ |

Ans : C.

**০৮.** 'কাগজ' এর বহুবচন-
A. কাগজাত B. কাগজগুলো
C. কাগজসমূহ D. কাগজাদি

ব্যাখ্যা : কতিপয় একবচন ও বহুবচনবাচক শব্দ-

| একবচন | বহুবচন | একবচন | বহুবচন |
|---|---|---|---|
| কাগজ | কাগজাত | হস্তী | হস্তিযূথ |
| সাহেব | সাহেবান | পর্বত | পর্বতমালা |
| গরু | গরুরপাল/গরুগুলো | গ্রহ | গ্রহপুঞ্জ |

Ans : A.

**০৯.** রূপসী বাংলার কবি-
A. সুকান্ত ভট্টাচার্য B. যতীন্দ্রনাথ সেনগুপ্ত
C. জীবনানন্দ দাশ D. অক্ষয়কুমার বড়াল

ব্যাখ্যা : কতিপয় কবি-সাহিত্যিকের আসল নাম ও উপাধি-

| আসল নাম | উপাধি |
|---|---|
| জীবনানন্দ দাশ | রূপসী বাংলার কবি, চিত্ররূপময় কবি |
| সুকান্ত ভট্টাচার্য | কিশোর কবি |
| যতীন্দ্রনাথ সেনগুপ্ত | দুঃখবাদী কবি |
| নজিবর রহমান | সাহিত্যরত্ন |
| মুকুন্দ দাস | চারণ কবি |
| গোবিন্দ দাস | স্বভাব কবি |
| আল মাহমুদ | সোনালী কাবিনের কবি |

Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১০.** 'খেয়াল-খুশি' কোন সমাস?
A. দ্বন্দ্ব B. কর্মধারয়
C. তৎপুরুষ D. বহুব্রীহি

ব্যাখ্যা: যে সমাসে পূর্বপদ ও পরপদের সমান অর্থ প্রাধান্য থাকে এবং ব্যাসবাক্যে ও, এবং, আর ইত্যাদি সংযোজক অব্যয় থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে।
যথা: খেয়াল ও খুশি = খেয়াল-খুশি।
দেশে ও বিদেশে = দেশে-বিদেশে।
স্বর্গ ও নরক = স্বর্গ-নরক।
নাক, কান, এবং গলা = নাক-কান-গলা।
**Ans : A.**

**১১.** 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি'- এখানে 'উঠিয়া' কোন পদ?
A. অসমাপ্ত ক্রিয়া B. যৌগিক ক্রিয়া
C. দ্বিকর্মক ক্রিয়া D. অসমাপিকা ক্রিয়া

ব্যাখ্যা : যে ক্রিয়া দ্বারা বাক্য শেষ হয় নাই বোঝায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন- 'সকালে উঠিয়া.....' বললে বাক্যটি শেষ হয় না। তাই 'উঠিয়া' অসমাপিকা ক্রিয়া।
**Ans : D.**

**১২.** 'প' বর্গের বর্ণ সংখ্যা কয়টি?
A. ৫ B. ৬
C. ৩ D. ৪

ব্যাখ্যা : প-বর্গের বর্ণ সংখ্যা - ৫টি। যথা- প, ফ, ব, ভ, ম।
**Ans : A.**

**১৩.** 'রেইনকোট' গল্পে 'পাকিস্তানের শরীরের কাঁটা' কী?
A. শহীদ মিনার B. নুরুল হুদা
C. গেরিলা যোদ্ধা D. রেইনকোট

ব্যাখ্যা : 'রেইনকোট' গল্পের উদ্ধৃতি-
"এপ্রিল মাসের মাঝামাঝি প্রিন্সিপ্যাল মিলিটারির বড়ো কর্তাদের কাছে সবিনয়ে নিবেদন করেছিল, পাকিস্তান যদি বাঁচাতে হয় তো সব স্কুল কলেজ থেকে শহিদ মিনার হটাও। এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা। পাকিস্তানের পাক সাফ শরীরটাকে নীরোগ করতে হলে এসব কাঁটা ওপড়াতে হবে।"
**Ans : A.**

**১৪.** 'নেকলেস' গল্পের অনুবাদক পূর্ণেন্দু দস্তিদার মৃত্যুবরণ করেন-
A. ৮ মে ১৯৭১ B. ৯ মে ১৯৭২
C. ১৯ এপ্রিল ১৯৭১ D. ৯ মে ১৯৭১

ব্যাখ্যা : পূর্ণেন্দু দস্তিদার সম্পর্কিত কতিপয় তথ্য-
- জন্ম: চট্টগ্রামের পটিয়া উপজেলার ধলঘাট গ্রামে। ২০ জুন, ১৯০৯।
- মৃত্যু: মুক্তিযুদ্ধে অংশ নিতে ভারতে যাওয়ার পথে। ৯ মে, ১৯৭১।
- পিতা: চন্দ্রকুমার দস্তিদার।
- মাতা: কুমুদিনী দস্তিদার।
- পেশা: আইনজীবী।

**Ans : D.**

**১৫.** 'পুত্র' এর সমার্থক শব্দ-
A. প্রসূন B. আত্মজ
C. অদ্রি D. বামা

ব্যাখ্যা : 'পুত্র' এর সমার্থক শব্দ- আত্মজ, নন্দন, তনয়, তনুজ, কুমার, পুত, দুলাল, ছেলে, সুত, স্বজ, পোলা, বেটা, দারক ইত্যাদি।
**Ans : B.**

**১৬.** 'ছায়ার সাথে কুস্তি করে গাত্রে হলো ব্যথা'- এখানে 'কুস্তি' কী অর্থ প্রকাশ করেছে?
A. ছায়াবাজি B. মরিচীকার অনুসন্ধান
C. ছায়ার মায়া D. মল্লযুদ্ধ

ব্যাখ্যা: 'কুস্তি' শব্দের অর্থ- মল্লযুদ্ধ। এটি ফারসি শব্দ। প্রশ্নে 'কুস্তি' শব্দটি 'ছায়াবাজি' অর্থে ব্যবহৃত হয়েছে।
**Ans : A.**

**১৭.** 'সাম্যবাদী' কবিতায় ৫ম ও ৬ষ্ঠ পংক্তিতে কয়টি জাতি-গোষ্ঠীর নাম আছে?
A. ৫ B. ৬ C. ৭ D. ৮

ব্যাখ্যা : 'সাম্যবাদী' কবিতার ৫ম ও ৬ষ্ঠ পঙ্ক্তি হলো-
"কে তুমি? - পার্সি? জৈন? ইহুদি? সাঁওতাল, ভীল, গারো
কনফুসিয়াস? চার্বাক-চেলা? বলে যাও, বল আরও!"
এখানে পার্সি, জৈন, ইহুদি, সাঁওতাল, ভীল, গারো, চার্বাক-চেলা - এই ৭টি হলো জাতি-গোষ্ঠী। কনফুসিয়াস এবং চার্বাক ছিলেন মতবাদী।
**Ans : C.**

**১৮.** 'শিকারি বিড়াল গোঁফে চেনা যায়'- এখানে 'গোঁফে' কোন কারকে কোন বিভক্তি?
A. করণে প্রথমা B. কর্মে দ্বিতীয়া
C. অধিকরণে সপ্তমী D. করণে সপ্তমী

ব্যাখ্যা : 'করণ' শব্দের অর্থ- যন্ত্র বা সহায়ক। কর্তা যা দিয়ে ক্রিয়া সম্পাদন করে, তাকে করণ কারক বলে।
যথা: শিকারি বিড়াল গোঁফে চেনা যায়। (করণে ৭মী)
আমরা কলম দিয়ে লিখি। (করণে ৩য়া)
**Ans : D.**

**১৯.** 'উনপঞ্চাশ বায়ু' বাগধারাটির অর্থ-
A. উড়নচণ্ডী B. অমিতব্যয়ী
C. পাগলামি D. অকালপক্ব

ব্যাখ্যা : কতিপয় বাগধারা ও অর্থ-

| বাগধারা | অর্থ | বাগধারা | অর্থ |
|---|---|---|---|
| উনপঞ্চাশ বায়ু | পাগলামি | উড়ো কথা | গুজব |
| ইঁদুর কপালে | মন্দভাগ্য | উজানের কৈ | সহজ লভ্য |
| একাদশে বৃহস্পতি | সৌভাগ্য | উত্তম-মধ্যম | প্রহার |
| কাকভূশণ্ডি | দীর্ঘজীবী | খয়ের খা | চাটুকার |

**Ans : C.**

**২০.** খাঁটি বাংলার উপসর্গ নয়-
A. অজ, আড় B. উন, নি
C. নির, দুর D. নি, বি

ব্যাখ্যা : খাঁটি বাংলা উপসর্গ- ২১টি।
যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আব, আন, ইতি, উন, কদ্, কু, নি, বি, ভর, রাম, পাতি, স, সা, সু, হা।
**Ans : C.**

**২১.** কোনটি মৌলিক স্বরধ্বনি?
A. ঔ B. ই C. ঐ D. সবক'টি

ব্যাখ্যা : মৌলিক স্বরধ্বনি - ৭টি। যথা: অ, আ, ই, উ, অ্যা, ও, এ, ইত্যাদি। ঐ, ঔ -হলো যৌগিক স্বরধ্বনি। যেমন: অ + ই = ঐ; অ + উ = ঔ।
**Ans : B.**

**২২.** কোন দু'টি যৌগিক শব্দ?
A. হস্তী, বাঁশি B. গায়ক, বাবুয়ানা
C. রাজপুত, সহযাত্রা D. ঢাকা, গোলাপ

ব্যাখ্যা: যেসব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই, তাকে যৌগিক শব্দ বলে। যথা: গায়ক, বাবুয়ানা, মিতালি, কর্তব্য, দর্শক ইত্যাদি।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৩. কবি আহসান হাবীবের 'সেই অস্ত্র' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?
A. বিদীর্ণ দর্পনে মুখ
B. রাত্রিশেষ
C. ছায়াহরিণ
D. সারা দুপুর

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : A.

২৪. 'উচাটন' এর বিপরীতার্থক শব্দ-
A. কঠিন
B. প্রশান্ত
C. উঁচুনিচু
D. উত্তাল

ব্যাখ্যা : কতিপয় বিপরীতার্থক শব্দ-

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| উচাটন | প্রশান্ত | তরল | কঠিন |
| উত্তাল | অবতল | আবির্ভাব | তিরোভাব |
| সৌম্য | উগ্র | দুর্জন | সজ্জন |
| সুশীল | দুঃশীল | সঞ্চয় | অপচয় |

Ans : B.

২৫. 'মক্ষিকা' শব্দের অর্থ-
A. মশা
B. মাছি
C. মাছ
D. ফড়িং

ব্যাখ্যা: 'মক্ষিকা' শব্দের অর্থ - মাছি। এটি একটি বিশেষ্য পদ। 'মধুমক্ষিকা' অর্থ - মৌমাছি।
Ans : B.

২৬. কোনটি শুদ্ধ বাক্য?
A. তাহার জীবন সংশয়পূর্ণ
B. তাহার জীবন সংশয়ময়
C. তাহার জীবন সংশয়াপূর্ণ
D. তাহার জীবন সংশয়ভরা

ব্যাখ্যা : কতিপয় বাক্যের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| তাহার জীবন সংশয়পূর্ণ। | তাহার জীবন সংশয়াপূর্ণ। |
| ক্ষমাই মহৎ লক্ষণ। | ক্ষমাই মহত্ত্বের লক্ষণ। |
| সময় বড় সংক্ষেপ। | সময় খুব সংক্ষিপ্ত। |
| দরিদ্রে দয়া কর। | দরিদ্রকে দয়া কর। |
| আমি সাক্ষী দিয়েছি। | আমি সাক্ষ্য দিয়েছি। |
| আমার আর বাঁচিবার স্বাদ নাই। | আমার আর বাঁচিবার সাধ নাই। |

Ans : C.

২৭. 'একুশের কৃষ্ণচূড়া আমাদের ____ রং'।
A. চেতনার
B. চেতনারই
C. ন্যায়ের
D. মনুষ্যত্বের

ব্যাখ্যা : 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কতিপয় চরণ-
"আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে
কেমন নিবিড় হয়ে।
কখনো মিছিল কখনো-বা একা হেঁটে যেতে যেতে মনে হয়-
ফুল নয় ওরা শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ, স্মৃতিগন্ধে ভরপুর।
একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং।"
Ans : B.

২৮. 'Consul' এর বাংলা পরিভাষা-
A. পরামর্শক
B. বাণিজ্যদূত
C. সুপারিশকারী
D. উপদেষ্টা

ব্যাখ্যা : কতিপয় ইংরেজি শব্দের বাংলা পরিভাষা-

| | | | |
|---|---|---|---|
| Consul | বাণিজ্যদূত | Captain | অধিনায়ক |
| Consultant | পরামর্শদাতা | Crush | পিষা |
| Global | বৈশ্বিক | Graph | নকশা |
| Consumer | ভোক্তা | Advisor | উপদেষ্টা |

Ans : B.

## English

***Read the following passage and answer the questions (29-32)***

Some educationalists think that the aim of education is merely to give knowledge. They want students to read books and do nothing else. Others think that knowledge alone is not enough; only that which enables one to earn his or her living can be called education. Still others believe that education should aim solely at making good citizens and real patriots. As a matter of fact, education should aim at all these three things put together. It should give people knowledge, make them self-sufficient and enable them to serve others.

**29. The aim of education is to produce-**
A. people with comprehensive qualities
B. patriotic people
C. skilled manpower
D. knowledgeable citizens

ব্যাখ্যা: Comprehensive - সর্বাঙ্গীন/পরিপূর্ণ এবং সবকিছু অন্তর্ভুক্ত। Passage এর শেষে উল্লেখ আছে শিক্ষার উদ্দেশ্য হওয়া উচিত জ্ঞান অর্জন করা, আত্মনির্ভরশীল হওয়া এবং অন্যের সেবা করা। অর্থাৎ, এ সবগুলো গুণকে একই সাথে মিলে Comprehensive qualities বুঝাচ্ছে। তাই, Option (A) হবে সঠিক।
Ans : A.

**30. According to the passage, reading books is-**
A. the basis of living
B. to generate knowledge
C. the only goal of education
D. not an important source of knowledge

ব্যাখ্যা: Passage এর প্রথম দিকে উল্লেখ আছে বই পড়ার উদ্দেশ্য হচ্ছে জ্ঞান অর্জন করা। তাই, Option (B) হবে সঠিক 'to generate knowledge'।
Ans : B.

**31. The word 'living' in the passage means-**
A. property
B. land
C. an income sufficient to live on
D. alive

ব্যাখ্যা: Passage এ living দ্বারা জীবিকাকে বুঝানো হচ্ছে। অর্থাৎ, an income sufficient to live on।
Ans : C.

**32. The passage-**
A. teaches morals
B. states the purposes of education
C. tells us the qualities of a good citizen
D. emphasises patriotism

ব্যাখ্যা: Passage এর মূল বিষয় হচ্ছে শিক্ষার মূল উদ্দেশ্যগুলো নিয়ে আলোচনা করা। পুরো Passage এ শিক্ষার উদ্দেশ্যগুলো বর্ণনা করা হয়েছে।
Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**33. Choose the correct passive form of 'They gave us some books'.**
A. Some books were given to us by them.
B. We were given some books by them.
C. They were given us some books.
D. A & B.

ব্যাখ্যা: **Double Object এর Passive:**
Double Object যুক্ত Active voice কে দুইভাবে Passive করা যায়। দুটো Object দিয়েই Passive এ রূপান্তর করা যাবে। কিন্তু, বস্তুবাচক Obj. কে Sub. হিসেবে ধরে Passive করলে ব্যক্তিবাচক Obj. এর আগে to(কে/নিকটে বুঝালে)/For(জন্য বুঝালে) বসে। তাই, Option (A) ও (B) দুটোই সঠিক।
**Active:** They gave us some books.
Obj.(ব্যক্তিবাচক) Obj.(বস্তুবাচক)
**Passive:** We were given some books by them.
or, Some books were given to us by them.
**Ans : D.**

**34. The teacher said to Imran, "Do you like to read poetry?" The indirect form of the sentence is-**
A. The teacher asked Imran if he liked poetry reading.
B. The teacher asked Imran if he would like to read poetry.
C. The teacher asked Imran if he liked to read poetry.
D. The teacher told Imran if he liked to read poetry.

ব্যাখ্যা: Interrogative sentence কে indirect করার সময় said to এর পরিবর্তে asked বসে। Yes/No Question হলে if বসে। Direct speech এ Present Indefinite হলে তা indirect speech এ Past Indefinite হবে।
**Indirect:** The teacher asked Imran if he liked to read poetry.
**Direct:** The teacher said to Imran, "Do you like to read poetry?"
**Ans : C.**

**35. What is the masculine gender of 'duck'?**
A. cock B. colt
C. drake D. drone

ব্যাখ্যা :

| Masculine Gender | Feminine Gender |
|---|---|
| Drake (পাতিহাঁস) | Duck (পাতিহাঁসী) |
| Cock (মোরগ) | Hen (মুরগী) |
| Colt (বাচ্চা ঘোড়া) | Filly (বাচ্চা ঘোটকী) |
| Drone (পুরুষ মৌমাছি) | Bee (স্ত্রী মৌমাছি) |

**Ans : C.**

**36. Which one is the singular of 'leaves'?**
A. leap B. leaf
C. leave D. leafe

ব্যাখ্যা : Leaves এর Singular হচ্ছে Leaf।
**গুরুত্বপূর্ণ কিছু Singular ও Plural form:**

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Half | Halves | Wife | Wives |
| Life | Lives | Loaf | Loaves |
| Knife | Knives | Thief | Thieves |
| Wolf | Wolves | Calf | Calves |

**Ans : B.**

**37. Choose the correctly spelled word-**
A. maleciously B. maliciously
C. meleciously D. maliceously

ব্যাখ্যা : Maliciously - বিদ্বেষপূর্ণভাবে।
**গুরুত্বপূর্ণ কিছু Spelling:**

| | | | |
|---|---|---|---|
| Disaster | Coffee | Diarrhoea | Concession |
| Dysentery | Bureaucracy | Attorney | Allegory |
| Dialogue | Achieve | Alleviation | Assignment |
| Giraffe | Guarantee | Assurance | Ascertain |
| Gymnasium | Diabetes | | |

**Ans : B.**

**38. Translate into English 'ট্রেনটি ঢাকা যাবে' -**
A. The train is bound towards Dhaka.
B. The train is bound to Dhaka.
C. The train is bound for Dhaka.
D. The train is bounded for Dhaka.

ব্যাখ্যা: bound for - অভিমুখ/moving towards.
ট্রেনটি ঢাকা যাবে - The train is bound for Dhaka.
**Ans : C.**

**39. 'Subject-verb agreement' has been maintained in-**
A. A lot of information is available online.
B. A lot of information have come online.
C. A lot of facts is available online.
D. A lot of information are available online.

ব্যাখ্যা: **A lot of এর গুরুত্বপূর্ণ কিছু ব্যবহার:**
(i) A lot of + noun (Singular)/Uncountable + verb (Singular).
**Ex:** A lot of information is available online.
Uncount noun V.S
(ii) A lot of + noun (plural) + verb (plural).
**Ex:** A lot of facts are available online.
N.P V.P
A lot of এর পর Uncountable noun 'information' আছে। তাই, Sub-verb agreement অনুসারে verb হবে singular।
**Ans : A.**

**40. 'Green room' is connected with-**
A. agriculture B. painting
C. environment D. theatre

ব্যাখ্যা: Green room - সাজঘর/A room (as in theatre/studio) where performers can relax before or after appearances। তাই, Green room 'theatre' এর সাথে সম্পর্কিত।
**Ans : D.**

**41. Subordinate clauses can be found only in-**
A. simple sentences
B. complex sentences
C. compound sentences
D. complex and compound sentences

ব্যাখ্যা: **Complex Sentence:**
Complex Sentence একটি Principal Clause ও এক বা একাধিক Sub-ordinate Clause দিয়ে গঠিত। Sub-ordinate Clause শুধু Complex Sentence এ পাওয়া যায়।
**Ex:** I know why he is silent.
P.C Sub-ordinate clause
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**42.** **My wife reminded me-**
A. of my appointment
B. with my appointment
C. to my appointment
D. for my appointment

ব্যাখ্যা: Remind (sb) of (sth) - কাউকে কোন কিছু স্মরণ করিয়ে দেওয়া।
**Ex:** My wife reminded me of my appointment.
**গুরুত্বপূর্ণ কিছু Appropriate Preposition:**

| | | |
|---|---|---|
| Devoid of | Indifferent to | Detrimental to |
| Destitute of | Adjacent to | Depend on |
| Versed in | True to | Rely on |
| Competent for | Cling to | Beneficial to |
| Conducive to | Fatal to | Abstain from |
| Bar to | Fit for | |

**Ans : A.**

**43.** **We do not expect such behaviour from ___ university graduate like you.**
A. a
B. an
C. the
D. no article

ব্যাখ্যা: কোনো Word এর প্রথমে vowel (a, e, i, o, u) থাকলে an বসে। কিন্তু, vowel থাকা সত্ত্বেও উচ্চারণ যদি 'ইউ অথবা ওয়া' এর মত হয় তাহলে an এর পরিবর্তে a বসে। University এর উচ্চারণ 'ইউ' এর মতো তাই a বসবে।
**Ans : A.**

**44.** **Transform the following sentence into a complex one 'Learn to educate yourself'-**
A. Learn how to educate yourself.
B. Learn how you can educate yourself.
C. Learn as you want to be self-educated.
D. If you learn, you can educate yourself.

ব্যাখ্যা: প্রদত্ত Sentence টি simple এ দেওয়া আছে। Complex করার জন্য Simple sentence টিকে কমপক্ষে একটি Principal Clause ও একটি Sub-ordinate Clause এ রূপান্তর করতে হবে। Sentence এর অর্থ অনুযায়ী Complex হবে-
**Ex:** If you learn, you can educate yourself.
Sub-ordinate.C Principal clause
**Ans : D.**

**45.** **Let's sit in the garden, ___**
A. will we?
B. can we?
C. should we?
D. shall we?

ব্যাখ্যা: Imperative sentence এ let us/let's থাকলে Tag question এ shall we বসে।
**Ex:** Let's sit in the garden, shall we?
**Ans : D.**

**46.** **Antonym of 'quiet' is-**
A. silent
B. soft
C. delicate
D. noisy

ব্যাখ্যা: Quiet - শান্ত। Silent - নীরব।
Soft - কোমল। Delicate - রুচিকর।
Noisy - হৈচৈপূর্ণ।
**Quiet এর গুরুত্বপূর্ণ কিছু Synonyms & Antonyms:**
**Synonyms:** Silent, Calm, Mute, Soft, Placid, Serene, Peaceful, Tranquil.
**Antonyms:** Noisy, Wild, Boisterous, Loud, Roaring, Clamorous, Raucous.
**Ans : D.**

**47.** **The student's thoughts are naturally ___ their forthcoming exams.**
A. preoccupied with
B. preoccupied on
C. preoccupied to
D. preoccupied by

ব্যাখ্যা : Preoccupied with - চিন্তিত/উদ্বিগ্ন/আচ্ছন্ন।
**গুরুত্বপূর্ণ কিছু Appropriate Preposition:**

| | | |
|---|---|---|
| Dedicate to | Devote to | Worried about |
| Depart from | Different from | Zest for |
| Deprived of | Passion for | Famous for |
| Preside over | Helpful to | Obstacle to |
| Congenial to | Thirst for | Noted for |
| Tolerant of | Zeal for | |

**Ans : A.**

**48.** **Choose the right synonym for the word 'impression'-**
A. election
B. effect
C. imprison
D. reaction

ব্যাখ্যা : Impression - ছাপ/প্রভাব। Election - নির্বাচন।
Effect - প্রভাব। Imprison - কারারুদ্ধ করা।
Reaction - প্রতিক্রিয়া।
**Impression এর গুরুত্বপূর্ণ কিছু Synonyms:**
**Synonyms:** Effect, Reaction, Notion, Belief, View, Thought, Idea.
Effect ও Reaction দুটোই Impression এর Synonym হতে পারে। তবে effect অধিক গ্রহণযোগ্য হবে।
**Ans : B.**

**49.** **Which one of the following sentences has an adverb?**
A. She speaks well in English.
B. I am well.
C. Keep your passport safe.
D. Don't be careless about spelling.

ব্যাখ্যা: Intransitive verb এর পর adverb বসে।
**Ex:** She speaks well in English.
I.V Adv.
Option (B) হবে না, কারণ well বাক্যে adjective হিসেবে ব্যবহৃত হয়েছে। To be verb এর পর well বসে adjective হিসেবে।
**Ans : A.**

**50.** **'A travelogue' is a-**
A. travel guide
B. travel map
C. a piece of writing about travel
D. a kind of travel sickness

ব্যাখ্যা : Travelogue - ভ্রমণের পূর্ণ বিবরণ/ভ্রমণকাহিনী/A piece of writing about travel.
**Ans : C.**

**51.** **She got up late. She __ overslept.**
A. should have
B. would have
C. can have
D. must have

ব্যাখ্যা: প্রদত্ত প্রশ্নটির অর্থ হচ্ছে- "সে ঘুম থেকে দেরিতে উঠেছিল। সে অবশ্যই অতিরিক্ত ঘুমিয়েছিল।" gap এ অর্থ অনুযায়ী must have হবে।
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**52.** **Complete the sentence- 'If you continued to behave like this, ____'**
A. you would have been in peril.
B. you will be in peril.
C. you would be in peril.
D. you have been in peril.

ব্যাখ্যা: 2nd Conditional ব্যবহার-
If + Past Indefinite + Sub + could/would/might + verb এর base form.
Ex: If you continued to behave like this, you would be in peril.
Past. Ind
Ans: C.

**53.** **A paragraph is a collection of logically arranged ____ but an essay consists of logically arranged ____.**
A. words, phrases
B. phrases, clauses
C. clauses, sentences
D. sentences, paragraphs

ব্যাখ্যা : Paragraph গঠিত হয় Sentence নিয়ে এবং Essay গঠিত হয় Paragraph নিয়ে।
Ans : D.

**54.** **'Plot' is the series of events that form-**
A. a lyric  B. a plan
C. a document  D. a story

ব্যাখ্যা: Plot - পটভূমি/The story of a book, film, play etc. অর্থাৎ, Story তে plot থাকে।
Ans : D.

**55.** **'Indigenous culture' refers to -**
A. native culture  B. foreign culture
C. rural cultrue  D. hybrid culture

ব্যাখ্যা: Indigenous culture - স্বদেশী সংস্কৃতি।
Rural - গ্রাম্য। Native - স্বদেশী।
Foreign - বিদেশী। Hybrid - বর্ণসংকর।
Indigenous culture বলতে Native culture কে বুঝানো হয়েছে।
Ans : A.

**56.** **'Science fiction' is based on-**
A. imagined scientific discoveries
B. scientific discoveries
C. adventure stories
D. fairy tale

ব্যাখ্যা: Science fiction - কল্পবিজ্ঞান/fiction based on imagined scientific discoveries.
Ans : A.

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A Unit ♦ বিজ্ঞান - D Unit
♦ মানবিক - B Unit ♦ মানবিক - C Unit
♦ বিবিএ ও আইবিএ - E Unit

## সাধারণ জ্ঞান

**৫৭.** **পদ্মা বহুমুখী সেতুর পিলার কয়টি?**
A. ৪৭  B. ৪০  C. ৪২  D. ৪১

ব্যাখ্যা : পদ্মা সেতু সম্পর্কিত তথ্যসমূহ:

| বিষয় | তথ্য | বিষয় | তথ্য |
|---|---|---|---|
| নাম | পদ্মা বহুমুখী সেতু | পিলার | ৪২টি |
| ধরন | দো তলা | স্প্যান | ৪১টি |
| অর্থের উৎস | নিজস্ব তহবিল | মোট খরচ | ৩০,১৯৩ কোটি টাকা |
| স্থান | মুন্সিগঞ্জ, ফরিদপুর, শরিয়তপুর | উদ্বোধন | ২৫ জুন, ২০২২ |
| দৈর্ঘ্য | ৬.১৫ কি.মি | সংযোগ সড়ক দৈর্ঘ্য | ৯.৮৩ কি.মি |
| প্রস্থ | ১৮.১০ মিটার | যান চলাচল চালু | ২৬ জুন, ২০২২ |

Ans : C.

**৫৮.** **বাংলাদেশে সন্তানের পরিচয়ে মায়ের নাম ব্যবহার বাধ্যতামূলক করা হয় কত সালে?**
A. ২০০০  B. ১৯৯৯  C. ১৯৯৮  D. ২০০১

ব্যাখ্যা : উল্লেখযোগ্য তথ্য সমূহ:
- সন্তানের পরিচয়ে মায়ের নাম বাধ্যতামূলক করা হয় ২০০০ সালে।
- মাধ্যমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয় ১ জানুয়ারি, ১৯৯২ সালে।
- সার্টিফিকেটে পিতার নামের সাথে মায়ের নাম লেখা বাধ্যতামূলক করা হয় ২৩ জুলাই, ২০০৪।
- জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয় ২০০৬ সাল থেকে (জন্মের ৪৫ দিনের মধ্যে)।

Ans : A.

**৫৯.** **জাতিসংঘ কত সালে বাংলাদেশকে উন্নয়নশীল দেশ হিসাবে ঘোষণা করবে?**
A. ২০২৪  B. ২০২৬  C. ২০২৭  D. ২০২৮

ব্যাখ্যা : অন্যান্য তথ্য:
- স্বল্পোন্নত দেশ বা Least Developed Countries (LDC) হলো উন্নয়নশীল দেশগুলির একটি তালিকা।
- ১৮ নভেম্বর, ১৯৭১ সালে স্বল্পোন্নত দেশসমূহ নিয়ে LDC গঠন করা হয়।
- ২০২১ সাল পর্যন্ত LDC তে অন্তর্ভুক্ত দেশের সংখ্যা ৪৬টি।
- ২৪ নভেম্বর, ২০২৬ সালে বাংলাদেশ LDC থেকে বের হয়ে উন্নয়নশীল দেশের কাতারে আসবে।
- এই পর্যন্ত ৬টি দেশ LDC থেকে উত্তরণ করতে পেরেছে।

Ans : B.

**৬০.** **EFT এর পূর্ণরূপ-**
A. Electronic Fund Transfer
B. Electronic Fund Technology
C. Efficient Fund Technology
D. Efficient Fund Transfer

ব্যাখ্যা : অন্যান্য তথ্যসমূহ:
- EFT - Electronic Fund Transfer.
- RTGS - Real-Time Gross Settlement.
- BEFTN - Bangladesh Electronic Funds Transfer Network.
- BACPS - Bangladesh Automated Cheque Processive System.
- NPSB - National Payment Switch Bangladesh.

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৬১.** আয়তনের দিক থেকে ইউক্রেন ইউরোপের কততম দেশ?

A. ১ম B. ২য়
C. ৩য় D. ৪র্থ

ব্যাখ্যা: ইউক্রেন সম্পর্কিত অন্যান্য তথ্য:
পরিচয়: পূর্ব ইউরোপ এর একটি রাষ্ট্র, যা ইউরোপের ২য় বৃহত্তম দেশ।
রাজধানী: কিয়েভ।
ভাষা: ইউক্রেনীয়।
প্রেসিডেন্ট: ভলোদেমির জেলেনস্কি।
মুদ্রা: হ্রিভনিয়া/ Ukrainian Hryvnia.
কেন্দ্রীয় ব্যাংকের নাম: National Bank of Ukraine.
**Ans : B.**

**৬২.** রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা দিবস-

A. ৪ জুলাই B. ৫ জুলাই
C. ৬ জুলাই D. ৭ জুলাই

ব্যাখ্যা : রাজশাহী বিশ্ববিদ্যালয় সম্পর্কিত তথ্য:
- ৬ জুলাই, ১৯৫৩ সালে প্রতিষ্ঠিত হয়।
- আয়তনে ও প্রতিষ্ঠায় দেশের দ্বিতীয় বিশ্ববিদ্যালয়।
- ১৯১৭ সালের স্যাডলার কমিশনের সুপারিশে প্রতিষ্ঠিত।
- প্রাচ্যের ক্যামব্রিজ নামে খ্যাত ছিল।

**Ans : C.**

**৬৩.** বাংলাদেশের সংবিধান কার্যকর হয়-

A. ২৬ মার্চ ১৯৭২ B. ২৬ মার্চ ১৯৭৩
C. ১৬ ডিসেম্বর ১৯৭২ D. ১৬ ডিসেম্বর ১৯৭৩

ব্যাখ্যা : বাংলাদেশের সংবিধান বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য:

| বিষয়বস্তু | ব্যাখ্যা |
|---|---|
| সংবিধানের পূর্ণ নাম | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান |
| বাংলাদেশের সাংবিধানিক ইংরেজি নাম | The People's Republic of Bangladesh |
| বাংলাদেশের সাংবিধানিক নাম | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ |
| তফসিল | ৭টি |
| পরিচ্ছেদ | ১১টি |
| অনুচ্ছেদ | ১৫৩টি |
| সংশোধনী | ১৭টি |
| সংবিধানের ভাষা | ২টি (বাংলা ও ইংরেজি) |
| সংবিধান রচনা কমিটির সদস্য | ৩৪ জন |
| খসড়া সংবিধান সংসদে গৃহীত হওয়ার তারিখ | ৪ নভেম্বর (সংবিধান দিবস) |
| সংবিধান কার্যকরের তারিখ | ১৬ ডিসেম্বর, ১৯৭২ |

**Ans : C.**

**৬৪.** কোনো ব্যক্তির জবানবন্দী রেকর্ড করা হয় আইনের কত ধারায়?

A. ১৫৪ B. ১৬৪
C. ১৫৮ D. ৩০৭

ব্যাখ্যা : জবানবন্দী বিষয়ক ফৌজধারী কার্যবিধির ধারাসমূহ:
- ১৬৪ ধারা অনুযায়ী জবানবন্দী রেকর্ড করা হয়।
- ৩৬৪ ধারা অনুযায়ী জিজ্ঞাসিত প্রতিটি প্রশ্ন জবাবসহ সমগ্র জবানবন্দী আসামি যে ভাষায় বলবে বা আদালতের ভাষায় লিপিবদ্ধ করতে হবে।
- ২৬ ধারা মোতাবেক পুলিশ হেফাজতে থাকাকালে কোন স্বীকারোক্তি দিলে তা আসামির বিরুদ্ধে প্রমাণ করা যাবে না।
- ২৪ ধারা অনুযায়ী প্রলোভন, ভীতি প্রদর্শন কিংবা প্রতিশ্রুতির দ্বারা স্বীকারোক্তি আদায় করলে তা প্রাসঙ্গিক হবে না।

**Ans : B.**

**৬৫.** 'লালমিয়া' কোন শিল্পীর ডাকনাম?

A. মোহাম্মদ কিবরিয়া B. মুর্তজা বশীর
C. এস এম সুলতান D. আমিনুল ইসলাম

ব্যাখ্যা: এস. এম সুলতান সম্পর্কিত তথ্য:
- পুরোনাম: শেখ মোহাম্মদ সুলতান। তিনি এস. এম সুলতান নামে পরিচিত।
- জন্ম - মৃত্যু: (১০ আগস্ট, ১৯২৩ - ১০ অক্টোবর, ১৯৯৪, যশোর, বাংলাদেশ।)
- ডাক নাম: লালমিয়া।
- গুরুত্বপূর্ণ চিত্রকর্ম: হত্যাযজ্ঞ, চরদখল, জমি কর্ষণ, যাত্রা, ধান মাড়াই, পৃথিবীর মানচিত্র।
- পুরস্কারসমূহ:

| বছর | পুরস্কার |
|---|---|
| ১৯৮২ | একুশে পদক |
| ১৯৮২ | ম্যান অব অ্যাচিভমেন্ট (কেমব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে) |
| ১৯৯৩ | স্বাধীনতা দিবস পুরস্কার |

**Ans : C.**

**৬৬.** ০.১ × ০.১ × ০.১ = ?

A. ০.০০০১ B. ০.০০১
C. ০.০১ D. ০.০১১১

ব্যাখ্যা : ০.১ × ০.১ × ০.১
$= \frac{১}{১০} \times \frac{১}{১০} \times \frac{১}{১০} = \frac{১}{১০০০} = ০.০০১$
**Ans : B.**

**৬৭.** বিদেশে বাংলাদেশের কূটনৈতিক মিশন কয়টি?

A. ৭৭ B. ৭৪
C. ৭৯ D. ৭২

ব্যাখ্যা : বাংলাদেশের কূটনৈতিক মিশন ও অন্যান্য তথ্য:
- বিদেশে বাংলাদেশের কূটনৈতিক মিশন ৭৭টি।
- ইসরাইলের সাথে কোনো বাণিজ্যিক বা কূটনৈতিক সম্পর্ক নেই।
- কূটনৈতিক সম্পর্ক নেই কিন্তু বাণিজ্যিক সম্পর্ক আছে শুধুমাত্র তাইওয়ান এর সাথে।

**Ans : A.**

**৬৮.** কাঁচ তৈরির প্রধান কাঁচামাল-

A. চুনাপাথর B. জিপসাম
C. বালি D. আকরিক

ব্যাখ্যা : বিভিন্ন পন্য তৈরির কাঁচামালের নাম:

| নাম | উপাদানের নাম |
|---|---|
| কাঁচ | বালি/সিলিকা |
| সিরামিক | চীনামাটি |
| সিমেন্ট | চুনাপাথর/জিনেসাম |
| পেনসিল | গ্রাফাইট |

**Ans : C.**

**৬৯.** 'চতুরঙ্গ' উপন্যাসটির লেখক-

A. কাজী নজরুল ইসলাম B. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
C. বিভূতিভূষণ বন্দোপাধ্যায় D. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর এর উপন্যাসসমূহ:

| | | | |
|---|---|---|---|
| বৌ ঠাকুরাণীর হাট (১ম) | চতুরঙ্গ | অসমাপ্ত-করুণা | মালঞ্চ |
| নৌকাডুবি | প্রজাপতির নির্বন্ধ | চোখের বালি | |
| ঘরে বাইরে | রাজর্ষি | গোরা | |
| চার অধ্যায় | দুইবোন | যোগাযোগ | |

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৭০.** ২০১৮ সালের বিশ্বকাপ ফুটবলে চ্যাম্পিয়ন দেশ-

A. বেলজিয়াম　B. ইংল্যান্ড
C. ক্রোয়েশিয়া　D. ফ্রান্স

**ব্যাখ্যা: ২০১৮ বিশ্বকাপ চ্যাম্পিয়ন এবং ২০২২ বিশ্বকাপ-**
- ২০১৮ বিশ্বকাপ চ্যাম্পিয়ন ফ্রান্স এবং রানার আপ ক্রোয়েশিয়া।
- **২০২২ ফুটবল বিষয়ক তথ্য:**

স্থান: কাতার
সময়: ২০ নভেম্বর, ২০২২ - ১৮ ডিসেম্বর, ২০২২
টিম: ৩২টি
উদ্বোধনী ভ্যেনু: আল-বাইত স্টেডিয়াম
ভ্যেনু: ৮টি
১ম ম্যাচ: কাতার vs ইকুয়েডর
অফিসিয়াল বলের নাম: আল রিহলা
ম্যাসকট নাম: লাইব
**Ans : D.**

**৭১.** ইলিশ মাছের জিনোম আবিষ্কারের সাথে জড়িত-

A. অধ্যাপক শামসুল আলম　B. মো: আব্দুস সালাম
C. ড. মঞ্জুরুল কিবরিয়া　D. ড. সাঈদা আক্তার

**ব্যাখ্যা : বিভিন্ন প্রাণির জিনোম আবিষ্কারকের নাম:**

| প্রাণীর নাম | আবিষ্কারক |
|---|---|
| ইলিশ | অধ্যাপক শামসুল আলম |
| মহিষ | ড. মনিরুজ্জামান |
| পাট | বিজ্ঞানী মাকসুদুল আলম |
| ব্ল্যাক বেঙ্গল ছাগল | ড. এমএএম ইয়াহিয়া খন্দকার |

**Ans : A.**

**৭২.** আপেলে কোন এসিড থাকে?

A. ফলিক　B. ম্যালিক
C. অক্সালিক　D. টারটারিক

**ব্যাখ্যা : বিভিন্ন এসিডের নাম ও উৎস:**

| এসিডের নাম | উৎস |
|---|---|
| ম্যালিক এসিড | আপেল, আনারস |
| ট্যানিক এসিড | চা |
| অ্যাসিটিক এসিড | ভিনেগার |
| এসকরবিক এসিড | আমলকি |
| অক্সালিক এসিড | টমেটো |
| টারটারিক এসিড | তেঁতুল |
| সাইট্রিক এসিড | আঙ্গুর, কমলা, লেবু |

**Ans : B.**

**৭৩.** গ্রিনিচমান সময়ের সাথে বাংলাদেশের সময়ের পার্থক্য কত ঘণ্টা?

A. ৬　B. ৮
C. ১০　D. ১২

**ব্যাখ্যা : গ্রিনিচমান সময় সম্পর্কিত তথ্য:**
- GMT বা গ্রীনিচ মান সময় (Greenwich Mean Time) এক ধরনের আন্তর্জাতিক মানদণ্ড প্রণীত সময় পদ্ধতি।
- গ্রিনিচমান সময়ের সাথে বাংলাদেশের সময়ের পার্থক্য ৬ ঘণ্টা।
- GMT টাইম জোনটি লন্ডন, ইংল্যান্ডে অবস্থিত।

**Ans : A.**

**৭৪.** পূর্বাশা দ্বীপের অপর নাম-

A. সন্দীপ　B. নিঝুম দ্বীপ
C. দক্ষিণ তালপট্টি　D. ছেঁড়াদ্বীপ

**ব্যাখ্যা : বাংলাদেশে গুরুত্বপূর্ণ দ্বীপ ও অবস্থান-**

| দ্বীপের নাম | আয়তন | অবস্থান |
|---|---|---|
| ভোলা/শাহবাজপুর দ্বীপ (একমাত্র দ্বীপ জেলা) | ৩৭৩৭ বর্গ কি.মি | মেঘনা নদীর মোহনায়। (বৃহত্তম দ্বীপ) |
| নিঝুম দ্বীপ বা চর ওসমান | ৯১ বর্গ কি.মি | হাতিয়া, নোয়াখালী। |
| দক্ষিণ তালপট্টি দ্বীপ /পূর্বাশা/নিউমুর দ্বীপ | ১২ বর্গ কি.মি | হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায়। |
| সেন্টমার্টিন/নারিকেল জিঞ্জিরা | ১৭ বর্গ কি.মি (গবেষণা হিসেবে- ৮কি.মি) | বঙ্গোপসাগরে অবস্থিত। বাংলাদেশের একমাত্র প্রবাল/কোরাল দ্বীপ। |
| ছেঁড়াদ্বীপ/ছেড়াদিয়া | ৩ কি.মি | সেন্টমার্টিন থেকে ৫ কি.মি দক্ষিণে বাংলাদেশের সর্ব দক্ষিনের দ্বীপ/স্থান। |
| কুতুবদিয়া | ২১৫ বর্গ কি. মি | কক্সবাজার জেলার দ্বীপ উপজেলা বাতিঘর রয়েছে। |
| মনপুরা | | ভোলা জেলায়। |
| সোনাদিয়া দ্বীপ | | কক্সবাজারের পশ্চিমে বঙ্গোপসাগরে। |

**Ans : C.**

**৭৫.** আয়তন অনুসারে এশিয়ার ক্ষুদ্রতম দেশ-

A. ভুটান　B. সিঙ্গাপুর
C. মালদ্বীপ　D. ব্রুনাই

**ব্যাখ্যা : মহাদেশ ভিত্তিক বৃহত্তম ও ক্ষুদ্রতম দেশ:**

| মহাদেশের নাম | বৃহত্তম দেশ | | ক্ষুদ্রতম দেশ | |
|---|---|---|---|---|
| | জনসংখ্যা | আয়তন | জনসংখ্যা | আয়তন |
| এশিয়া | চীন | চীন | মালদ্বীপ | মালদ্বীপ |
| আফ্রিকা | আলজেরিয়া | নাইজেরিয়া | সিচেলিস | সিচেলিস |
| উত্তর আমেরিকা | যুক্তরাষ্ট্র | কানাডা | সেন্ট কিটস এন্ড নেভিস | সেন্ট কিটস এন্ড নেভিস |
| দক্ষিণ আমেরিকা | ব্রাজিল | ব্রাজিল | সুরিনাম | সুরিনাম |
| ইউরোপ | রাশিয়া | রাশিয়া | ভ্যাটিকান সিটি | ভ্যাটিকান সিটি |
| ওশেনিয়া | অস্ট্রেলিয়া | অস্ট্রেলিয়া | নাউরু | টুভ্যালু |

**পৃথিবীর বৃহত্তম ও ক্ষুদ্রতম দেশ**

| বৃহত্তম দেশ | | ক্ষুদ্রতম দেশ | |
|---|---|---|---|
| আয়তনে | জনসংখ্যা | আয়তনে | জনসংখ্যা |
| রাশিয়া | চীন | ভ্যাটিকান সিটি | |

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৭৬.** মুক্তিযুদ্ধে রাজশাহী কত নম্বর সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?

A. ১১ B. ৫
C. ৯ D. ৭

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধকালীন সেক্টরভিত্তিক এলাকা-

| সেক্টর নং | এলাকা |
|---|---|
| সেক্টর - ১ | চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং ফেনী নদী পর্যন্ত। |
| সেক্টর - ২ | নোয়াখালী, কুমিল্লা, ফরিদপুর ও ঢাকা জেলার অংশ বিশেষ। |
| সেক্টর - ৩ | ঢাকা জেলার অংশ বিশেষ এবং হবিগঞ্জ, কিশোরগঞ্জ। |
| সেক্টর - ৪ | সিলেট জেলার পূর্বাঞ্চল। |
| সেক্টর - ৫ | সিলেট জেলার পশ্চিমাঞ্চল। |
| সেক্টর - ৬ | সমগ্র রংপুর জেলা ও ঠাকুরগাঁও। |
| সেক্টর - ৭ | বগুড়া, রাজশাহী ও পাবনা অঞ্চল। |
| সেক্টর - ৮ | কুষ্টিয়া, যশোর, মেহেরপুর। |
| সেক্টর - ৯ | খুলনা জেলার দক্ষিণাঞ্চল এবং বৃহত্তর বরিশাল ও পটুয়াখালী জেলা। |
| সেক্টর - ১০ | অভ্যন্তরীণ নৌপথ ও সমুদ্র। |
| সেক্টর - ১১ | কিশোরগঞ্জ, সমগ্র ময়মনসিংহ ও টাঙ্গাইল। |

**Ans : D.**

**৭৭.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে প্রথম গ্রেফতার হন?

A. ১৯৩৬ B. ১৯৪৬
C. ১৯৪০ D. ১৯৩৮

ব্যাখ্যা : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নিয়ে তথ্যসমূহ:
জন্ম: ১৭ মার্চ, ১৯২০।
মৃত্যু: ১৫ আগস্ট, ১৯৭৫।
জন্মস্থান: পাটগাতী, টুঙ্গিপাড়া।
পিতা: শেখ লুৎফর রহমান।
মাতা: মোসাম্মৎ সায়েরা খাতুন।
ডাকনাম: খোকা।

❑ অন্যান্য তথ্য:
- ঢাকা বিভাগের আইন বিভাগের ছাত্র ছিলেন।
- প্রতিষ্ঠাকালে তিনি আওয়ামী মুসলিম লীগের যুগ্ম সম্পাদক ছিলেন।
- যুক্তফ্রন্টের মন্ত্রীসভায় কৃষি, বন ও সমবায় মন্ত্রী ছিলেন।
- ১৯৬৬ সালে লাহোরে ৬ দফা কর্মসূচি ঘোষণা করে।
- ১৯৩৮ সালে প্রথম গ্রেফতার হন।
- ৫ ডিসেম্বর, ১৯৬৯ সালে পূর্ব পাকিস্তানের নাম 'বাংলাদেশ' নামে নামকরণ করেন।
- ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ সালে তোফায়েল আহমেদ 'বঙ্গবন্ধু' উপাধি দেন।
- ৩ মার্চ, ১৯৭১ সালে তাঁকে 'জাতির জনক' উপাধি দেয়া হয়।
- ২৬ মার্চ, ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন।
- ১০ জানুয়ারি, ১৯৭১ সালে তিনি স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন করেন।

**Ans : D.**

**৭৮.** ই-পাসপোর্ট প্রবর্তনে বিশ্বে বাংলাদেশের অবস্থান কত?

A. ১১৩ B. ১১৫
C. ১১৭ D. ১১৯

ব্যাখ্যা : বাংলাদেশ ও ই-পাসপোর্ট:
- ২২ জানুয়ারি, ২০২০ সালে বাংলাদেশে ই-পাসপোর্ট চালু হয়।
- বিশ্বের ১১৯ তম দেশ হিসেবে চালু করে।

| বইয়ের পাতার সংখ্যা | মেয়াদ |
|---|---|
| ৪৮ পাতা | ৫ বছর বা ১০ বছর |
| ৬৪ পাতা | ৫ বছর বা ১০ বছর |

- পাসপোর্ট সূচকে বাংলাদেশ বর্তমানে (২০২২) ১০৪ তম।

**Ans : D.**

**৭৯.** বাংলাদেশে সর্বোচ্চ কর্মসংস্থান কোন খাতে?

A. শিল্প B. কৃষি
C. সেবা D. নির্মাণ

ব্যাখ্যা: শতকরা হিসেবে বাংলাদেশের সর্বোচ্চ কর্মসংস্থান অর্থনৈতিক সমীক্ষা - ২০২২-

| খাতের নাম | শতকরা হার |
|---|---|
| কৃষি | ৪০.৬% (সর্বোচ্চ) |
| শিল্প | ২০.৪% |
| সেবা | ৩৯% |

**Ans : B.**

**৮০.** কচ্ছপ কোন ধরনের প্রাণী-

A. সরীসৃপ B. মৎস্য
C. স্তন্যপায়ী D. কোনটিই নয়

ব্যাখ্যা : বিভিন্ন প্রাণীর ধরন-

| প্রাণীর নাম | ধরন | প্রাণীর নাম | ধরন |
|---|---|---|---|
| কচ্ছপ, সাপ | সরীসৃপ | শামুক, অক্টোপাস | অমেরুদণ্ডী |
| মানুষ, তিমি | স্তন্যপায়ী | মানুষ, পাখি | মেরুদণ্ডী |
| ব্যাঙ | উভচর | | |

**Ans : A.**

2 in 1
ঢাকা বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত
পানকৌড়ি প্রশ্নব্যাংক এবং Written সাজেশন
◆ বিজ্ঞান - A Unit ◆ ব্যবসায় - C Unit
◆ মানবিক (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান) -B Unit
(বিগত ঢাবি 'D Unit' এর প্রশ্ন ও ব্যাখ্যা সংযোজিত)

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত অধ্যায়ভিত্তিক একমাত্র প্রশ্নব্যাংক
◆ গুচ্ছ ভর্তি পরীক্ষা (বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা)
◆ সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
◆ ঢাবি (সকল ইউনিট) ◆ জাবি (সকল ইউনিট)
◆ চবি (সকল ইউনিট) ◆ রাবি (সকল ইউনিট)
◆ গুচ্ছ (সকল ইউনিট) ◆ সমন্বিত কৃষি

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## ইউনিট : A (গ্রুপ-২)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০২১-২২

### বাংলা

**০১.** কোনটি অশুদ্ধ?
A. আকর্ষণ B. ঘ্রাণ
C. বিবরণ D. কান্ড

ব্যাখ্যা: কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| আকর্ষন | আকর্ষণ | ঘ্রান | ঘ্রাণ |
| বিবরন | বিবরণ | কান্ড | কাণ্ড |
| নিক্কন | নিক্বণ | ব্রাহ্মন | ব্রাহ্মণ |
| দোষনীয় | দূষণীয় | দর্পন | দর্পণ |

Ans : D.

**০২.** 'গণকবর' শব্দে 'গণ' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
A. সাধারণ B. বহুবচন
C. মানুষ D. বৃহৎ

ব্যাখ্যা : কতিপয় বহুবচনবাচক পদযোগে শব্দগঠন-
- গণ - সদস্যগণ, সচিবগণ, গণমানুষ, গণকবর।
- বৃন্দ - শিক্ষকবৃন্দ, দর্শকবৃন্দ।
- মণ্ডলী - সুধীমণ্ডলী, শিক্ষকমণ্ডলী, সম্পাদকমণ্ডলী।
- বর্গ - পণ্ডিতবর্গ, মন্ত্রীবর্গ।
- সব - ভাইসব, পাখিসব।
- আবলি - গ্রন্থাবলি, রচনাবলি।

Ans : B.

**০৩.** পূরণবাচক শব্দের উদাহরণ-
A. দ্বিতীয় B. দুই
C. চারজন D. দ্বিত্ব

ব্যাখ্যা : সংখ্যাবাচক শব্দ দুই প্রকার। যথা: ক্রমবাচক ও পূরণবাচক।
- একের পর এক যে সংখ্যাগুলো আসে, সেগুলো ক্রমবাচক সংখ্যাশব্দ। যেমন- ১ (এক), ২ (দুই), ৩ (তিন), ১৬ (ষোলো)।
- পূরণবাচক সংখ্যাশব্দ দিয়ে কোনো সংখ্যার ক্রমিক অবস্থান ও পরিমাণকে বোঝায়। যেমন- ১ম, ২য়, ৩য়, চতুর্থ, ষোড়শ ইত্যাদি।

Ans : A.

**০৪.** অনির্দিষ্টজ্ঞাপক শব্দ কোনগুলো?
A. যে, যিনি, যারা B. অন্য, অপর, পর
C. কোন, কেউ, কিছু D. ওই, উহা, উনি

ব্যাখ্যা : অনির্দিষ্ট বা পরিচয়হীন কিছু বোঝাতে যে সর্বনাম ব্যবহৃত হয়, তাকে অনির্দিষ্টতাবাচক সর্বনাম বলে। যথা: কেউ, কোথাও, কিছু, কোন ইত্যাদি।

Ans : C.

**০৫.** কোনটি পর্তুগীজ শব্দ?
A. আওয়াজ B. লুঙ্গি
C. টাকা D. পয়সা

ব্যাখ্যা: • 'টাকা' শব্দের উৎপত্তি সংস্কৃত 'টঙ্ক' থেকে। যার অর্থ- রৌপ্যমুদ্রা।
- 'পয়সা' ফার্সি ভাষা থেকে আগত একটি ঋণকৃত শব্দ।
- 'লুঙ্গি' হলো বার্মিজ শব্দ।
- 'আওয়াজ' ফারসি ভাষার শব্দ। এর অর্থ শব্দ বা ধ্বনি।

Ans : নাই।

**০৬.** স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ-
A. ফলা B. কার
C. ধাতু D. প্রত্যয়

ব্যাখ্যা: কতিপয় প্রয়োজনীয় তথ্য-
- স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলে - কার।
- বাংলায় কার চিহ্ন - ১০টি।
- ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলে - ফলা।
- বাংলায় ফলা চিহ্ন - ৬টি।
- ক্রিয়ার মূলকে বলে - ধাতু। যথা: কর, ধর, নে, খা, ল ইত্যাদি।
- ধাতু বা প্রাতিপদিকের পরে যে বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে প্রত্যয় বলে। যথা: দিন + ইক = দৈনিক।

Ans : B.

**০৭.** 'রেইনকোট' গল্পে রেইনকোটটি কার?
A. আব্দুস সাত্তার মৃধার B. ইসহাকের
C. নুরুল হুদার D. মিন্টুর

ব্যাখ্যা: 'রেইনকোট' গল্পের কতিপয় তথ্য-
- 'রেইনকোট' গল্পে রেইনকোটটি - মিন্টুর।
- মিন্টু নুরুল হুদার - শালা।
- নুরুল হুদা - ঢাকা কলেজের রসায়ন বিভাগের প্রভাষক।
- মিন্টু মুক্তিযুদ্ধে যায় - জুনের ২৩ তারিখে।
- জিওগ্রাফির প্রফেসর - আবদুস সাত্তার মৃধা।
- প্রিন্সিপ্যালের পিওন - ইসহাক মিয়া।
- উর্দুর প্রফেসর - আকবর সাজিদ।

Ans : D.

**০৮.** 'ঐকতান' কবিতায় কবি কী কুড়িয়ে আনেন?
A. ভিক্ষালব্ধ ধন B. আনন্দের ভোগ
C. চিত্রময়ী বর্ণনার বাণী D. বর্ণময় চিত্রকর্ম

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : C.

**০৯.** 'উত্তম' শব্দের সমার্থক নয়-
A. বরেণ্য B. উৎকৃষ্ট
C. অভিরুচি D. উপাদেয়

ব্যাখ্যা: 'উত্তম' শব্দের সমার্থক শব্দ - উৎকৃষ্ট, বরেণ্য, উপাদেয়, সেরা, ভালো, প্রকৃষ্ট, অতুলনীয়, শ্রেষ্ঠ ইত্যাদি।
- 'অভিরুচি' শব্দের সমার্থক শব্দ - ইচ্ছা, প্রবৃত্তি।

Ans : C.

**১০.** 'দহ' অর্থ-
A. খাদ B. জ্বালা C. যন্ত্রণা D. দহন

ব্যাখ্যা: 'দহ' শব্দের অর্থ - খাদ; হ্রদ; বদ্ধ জলাশয় প্রভৃতির অতলস্পর্শ অংশ; অগাধ জলপূর্ণ স্থান।

Ans: A.

**১১.** 'গণ্ডূষ' অর্থ-
A. এক কোষ জল B. গাল বেয়ে গড়িয়ে পড়া জল
C. এক আজলা জল D. ঘোলা জল

ব্যাখ্যা :'অপরিচিতা' গল্পের কতিপয় শব্দ:

| শব্দ | অর্থ |
|---|---|
| গণ্ডূষ | একমুখ বা এককোষ জল। |
| অন্তঃপুর | অন্দরমহল; ভেতরবাড়ি। |
| স্বয়ংবরা | যে মেয়ে নিজেই স্বামী নির্বাচন করে। |
| গুড়গুড়ি | আলবোলা, দীর্ঘ নলযুক্ত হুকাবিশেষ। |
| প্রজাপতি | জীবের স্রষ্টা; ব্রহ্মা; ইনি বিয়ের দেবতা। |

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১২.** 'অভ্যুদয়' এর সন্ধিবিচ্ছেদ-

A. অভি + উদয়　B. অভি + দয়
C. অভি + ঊদয়　D. অভ্য + উদয়

ব্যাখ্যা : স্বরসন্ধির কতিপয় নিয়ম:

| সূত্র/নিয়ম | উদাহরণ |
|---|---|
| ই/ঈ + অ/আ = য/যা | অতি + অন্ত = অত্যন্ত; ইতি + আদি = ইত্যাদি। |
| ই/ঈ + উ/ঊ = য়ু/য়ূ | অতি + উক্তি = অত্যুক্তি; অভি + উদয় = অভ্যুদয়। |
| ই/ঈ + এ = যে | প্রতি + এক = প্রত্যেক। |

**Ans : A.**

**১৩.** 'সাক্ষী গোপাল' হলো-

A. অকাট্য সাক্ষী　B. বড় ব্যক্তি
C. দুর্বল ব্যক্তি　D. নিষ্ক্রিয় দর্শক

ব্যাখ্যা: কতিপয় বাগধারা ও ব্যাবহারিক অর্থ-

| বাগধারা | অর্থ | বাগধারা | অর্থ |
|---|---|---|---|
| স্বাক্ষী গোপাল | নিষ্ক্রিয় দর্শক | রাবণের চিতা | চির অশান্তি |
| রাহুর দশা | দুঃসময় | শাপে বর | অনিষ্টে ইষ্ট |
| হ-য-ব-র-ল | বিশৃঙ্খলা | শ্রীঘর | কারাগার |
| পগার পার | পালানো | মেনি মুখো | লাজুক |

**Ans : D.**

**১৪.** কর্তৃকারকে শূন্য বিভক্তির উদাহরণ-

A. ছাগলে কিনা খায়　B. টাকায় টাকা আনে
C. আরিফ বই পড়ে　D. ডাক্তার ডাক

ব্যাখ্যা : বাক্যে যে বা যারা ক্রিয়া সম্পাদন করে, তাকে কর্তৃকারক বা কর্তা বলে। যথা: আরিফ বই পড়ে। (কর্তায় শূন্য)
রেহনুমা ছবি আঁকে। (কর্তায় শূন্য)

**Ans : C.**

**১৫.** কোনটির লিঙ্গান্তর হয় না?

A. চৌধুরী　B. ক্ষত্রিয়
C. নবীন　D. কবিরাজ

ব্যাখ্যা : কতিপয় নিত্য পুরুষবাচক শব্দ: কবিরাজ, ঢাকী, কাজী, রাষ্ট্রপতি, কুস্তিগীর, পুরোহিত, জামাতা, কৃতদার, অকৃতদার, যোদ্ধা, বিচারপতি, সেনাপতি ইত্যাদি।

**Ans : D.**

**১৬.** 'জানা উচিৎ' এর এককথায় প্রকাশ কী?

A. জিজ্ঞাসা　B. জ্ঞাতব্য
C. অবগত　D. জ্ঞাত

ব্যাখ্যা : কতিপয় এককথায় প্রকাশ:

- জানা উচিত - জ্ঞাতব্য।
- জানা নেই যা - অজানা/অজ্ঞাত।
- জানা আছে যা - জ্ঞাত।
- জানার ইচ্ছা - জিজ্ঞাসা।
- জানা যায় না যা - অজ্ঞেয়।
- জন্মেনি যে - অজ।
- জলে জন্মে যা - জলজ।

**Ans : B.**

**১৭.** 'প্রেম' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়-

A. প্রে + ম　B. প্রিয় + এম
C. প্রিয় + ইমন　D. প্রেম + অ + ব

ব্যাখ্যা : কতিপয় শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয়-

| শব্দ | প্রকৃতি + প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| প্রেম | প্রিয় + ইমন্ | তদ্ধিত প্রত্যয় |
| নীলিমা | নীল + ইমন্ | তদ্ধিত প্রত্যয় |
| সহিষ্ণু | √সহ্ + ইষ্ণু | কৃৎ প্রত্যয় |
| গ্রামীণ | গ্রাম + ঈন | তদ্ধিত প্রত্যয় |
| দর্শনীয় | √দৃশ্ + অনীয় | কৃৎ প্রত্যয় |

**Ans : C.**

**১৮.** কোনটি উপসর্গ নয়-

A. অতি　B. অভি
C. অনু　D. অপূ

ব্যাখ্যা : উপসর্গ হলো এক প্রকারের অব্যয়সূচক শব্দাংশ, যা শব্দের আগে বা পূর্বে বসে নতুন শব্দ গঠন করে।
যেমন: অতি > অতিমান, অভি > অভিধান, অনু > অনুধাবন ইত্যাদি।

**Ans : D.**

**১৯.** 'বই-টই নিয়ে পড়তে বস।' এখানে 'বই-টই' কী?

A. যথাদ্বিরুক্তি　B. অনুচর-দ্বিরুক্তি
C. সমার্থক দ্বিরুক্তি　D. বিপরীতার্থক দ্বিরুক্তি

ব্যাখ্যা : পরপর প্রয়োগ হওয়া কাছাকাছি চেহারার শব্দকে অনুকার বা অনুচর দ্বিরুক্তি বলে। এতে প্রথম শব্দ অর্থ পূর্ণ হলেও প্রায় ক্ষেত্রে দ্বিতীয় শব্দটি অর্থহীন হয় এবং প্রথম শব্দের অনুকরণে তৈরি হয়।
যেমন: বই-টই, অঙ্ক-টঙ্ক, আম-টাম, গরু-টরু, চাকর-বাকর, এলোমেলো, ব্যাপার-স্যাপার ইত্যাদি।

**Ans : B.**

**২০.** 'মগজ' শব্দের প্রকৃত উচ্চারণ-

A. মোগজ　B. মগোজ্
C. মগজ　D. মোগোজ্

ব্যাখ্যা : কতিপয় শব্দের শুদ্ধ উচ্চারণ-

| প্রদত্ত শব্দ | উচ্চারণ | প্রদত্ত শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| মগজ | মগোজ্ | লবণ | লবোন্ |
| অজ | অজো | অতি | ওতি |
| গণিত | গোনিত্ | ঘটনা | ঘটোনা |
| ছন্দ | ছন্দো | ছোট | ছোটো |
| জননী | জনোনি | জন্ম | জন্মো |

**Ans : B.**

**২১.** "পাথর এবার হঠাৎ নড়ে।" 'লালসালু' উপন্যাসে এই 'পাথর' দ্বারা কাকে বুঝানো হয়েছে?

A. রহিমা　B. জমিলা
C. মজিদ　D. পীর সাহেব

ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাসের উদ্ধৃতি-
"রাত্রে বিছানায় শুয়ে মজিদ গম্ভীর হয়ে থাকে। রহিমা গা টেপে, কিন্তু টেপে যেন, আস্ত পাথর। অবশেষে মজিদকে সে প্রশ্ন করে- আপনার কী হইছে? মজিদ কিছু বলে না।
উত্তরের জন্য কতক্ষণ অপেক্ষা করে রহিমা হঠাৎ বলে,
-এক পির সাহেব আইছেন না হেই গেরামে, তানি নাকি মরা মাইনষেরে জিন্দা কইরা দেন?
-পাথর এবার হঠাৎ নড়ে, আবছা অন্ধকারে মজিদের চোখ জ্বলে ওঠে। ক্ষণকাল নীরব থেকে হঠাৎ কটমট করে তাকিয়ে সে প্রশ্ন করে,
-মরা মানুষ জিন্দা হয় ক্যামনে?"

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২২. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যের স্থান-
A. মিরজাফরের বাড়ি B. ফোর্ট উইলিয়াম দুর্গ
C. নবাবের দরবার D. ঘসেটি বেগমের বাড়ি

ব্যাখ্যা : 'সিরাজউদ্দৌলা' নাটকের ১ম অঙ্ক ও দৃশ্যবিন্যাস-

| অঙ্ক | দৃশ্য | সময়/তারিখ | স্থান |
|---|---|---|---|
| ১ম অঙ্ক | ১ম দৃশ্য | ১৯ জুন, ১৭৫৬ | ফোর্ট উইলিয়াম দুর্গ। |
| | ২য় দৃশ্য | ৩ জুলাই, ১৭৫৬ | কলকাতার ভাগীরথী নদীতে ফোর্ট উইলিয়াম জাহাজ। |
| | ৩য় দৃশ্য | ১০ অক্টোবর, ১৭৫৬ | ঘসেটি বেগমের বাড়ি। |

Ans : B.

২৩. 'গরু মাংস খায়'- বাক্যটি অশুদ্ধ কেন?
A. আসক্তির অভাব B. যোগ্যতার অভাব
C. অর্থ অস্পষ্ট D. পদবিন্যাসে ত্রুটি

ব্যাখ্যা: বাক্যের পদসমূহের অন্তর্গত ও ভাবগত মিলনবন্ধনকে যোগ্যতা বলে। যথা: 'গরু মাংস খায়'- এ বাক্যের সার্থক বাক্যের যোগ্যতা নেই। কারণ, গরু মাংস খায় না।
Ans : B.

২৪. অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকলে উভয় মিলে হয়-
A. এর B. আর C. র D. অর

ব্যাখ্যা : অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকলে উভয় মিলে 'অর্' হয় এবং 'ঋত' থাকলে 'আর' হয়।
যেমন- সপ্ত + ঋষি = সপ্তর্ষি, দেব + ঋষি = দেবর্ষি, মহা + ঋষি = মহর্ষি, রাজা + ঋষি = রাজর্ষি, ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত, শীত + ঋত = শীতার্ত।
Ans : D.

২৫. বিবর্তনের মাধ্যমে বাংলা লিপির উদ্ভব হয়েছে-
A. খরোষ্ঠী লিপি থেকে B. ব্রাহ্মী লিপি থেকে
C. দেবনাগরী লিপি থেকে D. ল্যাটিন লিপি থেকে

ব্যাখ্যা: বাংলা লিপির উদ্ভব হয়েছে ব্রাহ্মীলিপি থেকে। ব্রাহ্মীলিপির ৩টি রূপ। যথা: সারদা, নাগর, কুটিল। কুটিল রূপ থেকেই বাংলা লিপির জন্ম।
Ans : B.

২৬. 'চঞ্চল' এর স্ত্রী লিঙ্গ কী?
A. চঞ্চলমতি B. চঞ্চলময়ী
C. চঞ্চলবতী D. চঞ্চলা

ব্যাখ্যা : কতিপয় শব্দের লিঙ্গান্তর-

| পুং লিঙ্গ | স্ত্রী লিঙ্গ | পুং লিঙ্গ | স্ত্রী লিঙ্গ |
|---|---|---|---|
| চঞ্চল | চঞ্চলা | কনিষ্ঠ | কনিষ্ঠা |
| গুণবান | গুণবতী | মদ্দা | মাদি |
| তেজস্বী | তেজস্বিনী | কাঙাল | কাঙালিনী |
| ধোপা | ধোপানি | বেদে | বেদেনি |

Ans : D.

২৭. 'প্রধানমন্ত্রী' শব্দের 'প্রধান' ও 'মন্ত্রী' অংশ যুক্ত হয়-
A. সমাসের মাধ্যমে B. উপসর্গের মাধ্যমে
C. বিভক্তির মাধ্যমে D. প্রত্যয়ের মাধ্যমে

ব্যাখ্যা : একাধিক পদের একপদীকরণকে বলে - সমাস।
যথা: যিনি প্রধান তিনিই মন্ত্রী = প্রধানমন্ত্রী।
বাবা ও মা = বাবা-মা।
সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।
Ans : A.

২৮. 'কে তুমি? পার্সি? জৈন? ইহুদি? সাঁওতাল, _____, গারো?
A. ভীল B. কোল C. মগ D. মুরং

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
Ans : A.

## English

***Read the following passage and answer the questitons (29-32)***

Leadership should be among those who have no axe to grind. People should have leaders with straightforwardness, clear conception, feeling for the poor and above all, with patriotism and statesmanlike foresight. It is essential that the decision taken by the leaders must be for the interest of the majority of people. They must understand the political, economic and social conditions of the country and should never hesitate to take any stern action against any wrong, come what may. They should see that unpatriotic and anti-social elements do not get the upper hand. It is by the integrity that the leaders of a country shall be judged from time to time, not by their speeches only.

**29. A suitable title of the passage is-**
A. Qualities of Leadership
B. Types of Government
C. Democracy
D. Test of Leadership

ব্যাখ্যা: প্রদত্ত passage টিতে একজন leader এর কি কি গুণ থাকা উচিত সে বিষয়ে আলোকপাত করা হয়েছে। Leadership এর যে যে গুণ গুলো থাকলে দেশ ও সমাজের উপকার হয় সে বিষয়গুলো passage এ তুলে ধরা হয়েছে। তাই, passage এর title হবে: Qualities of Leadership।
Ans : A.

**30. According to the passage, leaders will be evaluated by their-**
A. uprightness B. words
C. charisma D. foresight

ব্যাখ্যা: Uprightness - ন্যায়পরায়ণতা।
Words - কথা।
Charisma - অনন্যসাধারণ প্রতিভা।
Foresight - দূরদর্শিতা।
Passage এর শেষের লাইনে বলা হয়েছে leaders দের মূল্যায়ন করা হবে তাদের integrity (ন্যায়পরায়ণতা/সাধুতা) দ্বারা। তাই, সঠিক উত্তর হবে Uprightness।
Ans : A.

**31. The phrase 'have no axe to grind' means-**
